


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 19 July, 2024 ■ আগরতলা ১৯ জুলাই ২০২৪ ইং ■ ৩ শ্রাবন, ১৪৩১ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## সম্পন্ন হল ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের মনোনয় দাখিল, প্রত্যাহার ২২ জুলাই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই ।।** বৃহস্পতিবার সম্পন্ন হয়েছে ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন দাখিল পর্ব। এদিন ছিল শেষ দিন। মনোনয়ন দাখিলের শেষ দিনে শাসক এবং বিরোধী উভয় দলকে মনোনয়নপত্র দাখিল করতে দেখা যায়। শাসকদলের মনোনয়নপত্র দাখিলের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা। অপরদিকে বিভিন্ন জায়গা থেকে হামলা হজ্জতির অভিযোগ তুলেছে বিরোধীদলের প্রার্থী ও নেতৃত্বরা।

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদের বিজেপি মনোনীত প্রার্থীদের মনোনয়ন জমা দেওয়ার লক্ষ্যে রাজপথে সুবিশাল মিছিলের আয়োজন করা হয়েছে। এদিনের মিছিলটি রবীন্দ্র ভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে পশ্চিম জেলা শাসকের কার্যালয়ে মনোনয়ন জমা দেবেন।

এদিনের মিছিলে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব, ভট্টাচার্য্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্যরা।



মনোনয়ন পত্র জমা দেওয়ার পূর্বে পশ্চিম জেলা পরিষদের প্রার্থী বলাই গোস্বামী বলেন, আজ মোট পশ্চিম জেলা পরিষদে বিজেপি মনোনীত ১৭ জন প্রার্থী মনোনয়ন দাখিল করবেন। তিনি আশাবাদী জনগণের আশীর্বাদে জয়লাভ করে গ্রামের উন্নয়নে কাজ করবেন। গ্রামের উন্নয়নের জন্য রাজ্য সরকার নিরলস কাজ করছে, সেই দিশায় কাজ করবো বলে দাবি করেন তিনি।

তিনও আরও বলেন, গ্রামীন এলাকার দীর্ঘদিনের বঞ্চনার দূর করতে চেষ্টা করে যাব। কারণ, বাম আমলের ২৫ বছরের আমলে গ্রামের মানুষ বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়ে আসছিলেন। তাই পঞ্চায়েত নির্বাচনে বিপুল ভোটে জয়লাভ করে গ্রামের মানুষের পাশে দাঁড়াতে হবে।

বিজেপি জেলা পরিষদের প্রার্থী জয়নাল দাস বলেন, জনগণের বিজেপি সরকারের উপর সম্পূর্ণ আস্থা রয়েছে। তাই, নির্বাচনে প্রত্যেক পঞ্চায়েতে বিরোধীদলের প্রার্থীদের জামানত জব্দ হবে। পঞ্চায়েত নির্বাচনে জয়লাভ করে গ্রামে গ্রামে মানুষের মৌলিক চাহিদা পূরণ করতে নিরলস কাজ করে যেতে হবে। কারণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার জনগণের মৌলিক চাহিদা পূরণে অঙ্গীকারবদ্ধ।

তাঁর কটাক্ষ, পঞ্চায়েত নির্বাচনে বিরোধীদলরা নিজেদের প্রার্থী খুঁজে না পেলে এর দায় বিজেপির নয়। বিরোধী দলের পাশে জনগণ আর্শীবাদ নেই। কারণ, ২৫ বছর সিপিএমের রাজত্ব জনগণ এখনো ভুলেন নি। কিন্তু ক্রমাগত তাঁরা শাসক দলের উপর মিথ্যে অভিযোগ তুলছেন।

উদয়পুর: আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে ঘিরে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে উদয়পুরের মাতাবাড়িতে ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও সাড়া জাগিয়ে মনোনয়নপত্র দাখিল করলেন ভারতীয় জনতা পার্টি মনোনীত প্রার্থীরা। পঞ্চায়েত নির্বাচনে দলীয় প্রার্থীরা আশানুরূপ ভোটে জয়ী হবেন। কারণ ভারতীয় জনতা পার্টির উপর মানুষের আস্থা ও আশীর্বাদ রয়েছে। মানুষই তাদের আশীর্বাদ দিয়ে জয়যুক্ত করবেন। রাজ্যের সার্বিক উন্নয়নের গতি বজায় রাখতে আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ভারতীয় জনতা পার্টি মনোনীত প্রার্থীদের সমর্থনে বৃহস্পতিবার উদয়পুরের মাতাবাড়িতে মনোনয়নপত্র দাখিলের সময়ে এই আশাবাদ ব্যক্ত করেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।

এদিন দলীয় প্রার্থীদের সমর্থনে মনোনয়নপত্র ☛ ৬ এর পাতায় দেখুন

## বাম-কংগ্রেসের মিছিলে হামলা আহত সুদীপ সহ একাধিক কর্মী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই ।।** ত্রিপুরার পঞ্চায়েত নির্বাচন ঘিরে রাজনৈতিক উত্তেজনা জারি রয়েছে। আজ মনোয়নপত্র জমা দিতে গিয়ে ডুকলী এবং টেপানিয়া ব্লকে সিপিএম এবং কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মণ সহ একাধিক কর্মীরা শাসক দলের দুর্বৃত্তদের আক্রমনের শিকার হয়েছেন। এমনই অভিযোগ সিপিএম এবং কংগ্রেস কর্মীদের। পুলিশের সামনে তাদের উপর ইটপাটকেল ছুঁড়া হয়েছে। তাতে কংগ্রেস বিধায়ক এবং একাধিক কর্মীরা গুরুতর আহত হয়েছেন।



আজ ডুকলী ব্লকে মিছিল করে মনোনয়ন পত্র জমা দিতে যাচ্ছিলেন সিপিএম মনোনীত প্রার্থী ও কর্মী সর্মথকরা। কিন্তু মাঝ রাস্তায় আসা মাত্র শাসক দল বিজেপির শতাধিক দূর্বৃত্তরা জমায়েত হয়েছিল। পুলিশের সামনেই তারা কর্মীদের উপর আক্রমণ সংগঠিত করে।

অন্যদিকে, টেপানিয়া ব্লকে বিধায়ক সুদীপ রায় বর্মণের উপস্থিততে মিছিল করে করে মনোনয়ন পত্র জমা দিতে যাচ্ছিলেন কংগ্রেস মনোনীত প্রার্থী ও কর্মী সর্মথকরা। কিন্তু পুলিশের সামনেই তাদের উপর আক্রমণ করে শাসক দল বিজেপির দূর্বৃত্তরা। পুলিশের সামনেই তারা কর্মীদের উপর আক্রমণ সংগঠিত করে। পুলিশের সামনেই ইটপাটকেল ছুড়া হচ্ছিল। তাতে বিধায়ক সুদীপ রায় বর্মণ সহ একাধিক কংগ্রেস কর্মী আহত হয়েছেন। ওই ঘটনায় গোটা এলাকায় তীব্র উত্তেজনা বিরাজ করছে।

## মনোনয়ন পত্র জমা দিতে বাধা শহরে বাম-কংগ্রেসের বিক্ষোভ




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই ।।** ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে পশ্চিম ত্রিপুরা জেলায় বামফ্রন্টের মনোনীত প্রার্থীরা দুষ্কৃতীদের আক্রমণে মনোনয়ন দাখিল করতে পারছেন না। এমনটাই অভিযোগ তুলে আজ বাম কর্মী সর্মথকরা প্যারাডাইস চৌমুহনীর রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছেন।

বামফ্রন্টের আহ্বায়ক নারায়ণ করের অভিযোগ, বামফ্রন্ট সমর্থিত প্রার্থীদের প্রাণনাশের হুমকি দিচ্ছে বিজেপি আশ্রিত দুষ্কৃতিকারীরা। প্রার্থীরা মনোনয়ন দাখিল করতে পারছেন না। বিজেপি আশ্রিত দুষ্কৃতিকারীরা তাদের উপর ক্রমাগত আক্রমন চালাছে। তাতে অনেক প্রার্থী ও কর্মী সমর্থকরা আহত হয়েছেন। তাই বামফ্রন্টের দাবি নির্বাচন কমিশন যাতে বিরোধীদলের প্রার্থীদের মনোনয়ন জমা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করুক।

এদিন পবিত্র কর বলেন, বামফ্রন্ট এবং সিপিএম পঞ্চায়েত নির্বাচনের জন্য সম্পূর্ণ প্রস্তুতি নিয়েছে। কিন্তু নির্বাচনের দিনক্ষণ ঘোষণার পর ☛ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যপালের সঙ্গে দেখা করল কংগ্রেসের প্রতিনিধি দল




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই।।** বৃহস্পতিবার রাজ্যপালের সঙ্গে দেখা করলেন সর্বভারতীয় কংগ্রেসের এক প্রতিনিধি দল। গন্ডাছড়া মহকুমারের পরিস্থিতি সহ ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের সন্ত্রাস নিয়ে অভিযোগ তুলেন এদিন কংগ্রেস নেতৃত্বরা।

এদিন প্রতিনিধি দলে উপস্থিত রয়েছেন লোকসভার উপাধ্যক্ষ গৌরব গগৈ, উত্তর পূর্বাঞ্চলের ইনচার্জ গিরিশ চূড়াঙ্কর, তারিক আনোয়ার এবং সর্বভারতীয় কংগ্রেস সম্পাদিকা জারিতা লাইতফ্লাঙ। তারা রাজ্যে এসে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা এবং বিধায়ক সুদীপ রায় বর্মনকে নিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সাথে দেখা করেছেন এদিন।

লোকসভার উপাধ্যক্ষ গৌরব গগৈ ও উত্তর পূর্বাঞ্চলের ইনচার্জ গিরিশ চূড়াঙ্কর বলেন, গণ্ডাছড়ার ঘটনায় চিন্তিত কংগ্রেস দল। এধরনের ঘটনা ☛ ৬ এর পাতায় দেখুন

উচ্চ আদালতে বাম-কং'র মামলার রায়

## অনলাইনে মনোনয়ন জমা ও দাখিলের সময়সীমা বৃদ্ধি খারিজ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই।।** পঞ্চায়েত নির্বাচনে অনলাইনে মনোনয়ন জমা নেওয়া এবং মনোনয়ন দাখিলের সময়সীমা বৃদ্ধির আবেদন নিয়ে ত্রিপুরা হাইকোর্ট দারস্থ হয়েছিল বামফ্রন্ট এবং কংগ্রেস। আজ হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ এবং বিচারপতি এস ডি পুরকায়স্থের ডিভিশন বেঞ্চ এই দুটি মামলার আবেদনই খারিজ করে দিয়েছেন। কিন্তু রাজ্য সরকার ও পঞ্চায়েত নির্বাচন কমিশনকে সুষ্ঠু, অবাধ, শান্তিপূর্ণ নির্বাচন করার নির্দেশ দিয়েছে আদালত।

এ-বিষয়ে আইনজীবী পুরুষোত্তম রায় বর্মন বলেন, পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে রাজ্যে ব্যাপক হিংসা হচ্ছে। অধিকাংশ ক্ষেত্রে বিরোধীদলের প্রার্থীরা মনোনয়ন দাখিল করতে পারছেন না। এরই পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশনের নিকট অনলাইনের মাধ্যমে মনোনয়ন জমা নেওয়ার জন্য কংগ্রেসের তরফ থেকে দাবি জানিয়ে আসলেও কোনো প্রতিকার মিলে নি। নির্বাচন কমিশন আইন দপ্তরের পরামর্শ অনুযায়ী কংগ্রেসকে স্পষ্ট জানিয়ে দিয়েছিল যে এবিষয়ে ☛ ৬ এর পাতায় দেখুন

## নিট পরীক্ষা নিতে হলে পোক্ত প্রমাণ থাকতে হবে ঃ সুপ্রীমকোর্ট

**নয়াদিল্লি, ১৮ জুলাই (হি.স.)।।** পুনরায় নিট-ইউজি পরীক্ষা যদি নিতে হয়, তাহলে পোক্ত প্রমাণ থাকতে হবে। বৃহস্পতিবার এই অভিমত পোষণ করল সুপ্রিম কোর্ট। এদিন শুনানির শুরুতেই সুপ্রিম কোর্ট বলেছে, এই বিষয়টি জরুরি, লক্ষ লক্ষ শিক্ষার্থী এই বিষয়ে একটি ফলাফলের জন্য অপেক্ষা করছেন। সুপ্রিম কোর্টকে জানানো হয়েছে, সিবিআই নিট-ইউজি পরীক্ষার প্রশ্ন ফাঁস এবং অনিয়মের তদন্তের বিষয়ে দ্বিতীয় স্ট্যাটাস রিপোর্ট জমা দিয়েছে। সুপ্রিম কোর্ট বলেছে, এখন তদন্ত চলছে এবং সিবিআই আমাদের যা বলেছে, তদন্তের বিষয় যদি প্রকাশ করা হয়, তাহলে তা তদন্তকে প্রভাবিত করবে।নিট পরীক্ষায় প্রশ্নফাঁসের কারণে ব্যাপক পরিসরে প্রভাব পড়েছে বলে যদি কোনও পোক্ত প্রমাণ পাওয়া যায়, একমাত্র সে ক্ষেত্রেই পুনরায় পরীক্ষা নেওয়া যেতে পারে, মন্তব্য সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের। ডাক্তারির প্রবেশিকা পরীক্ষার প্রশ্নফাঁস বিতর্কে পুনরায় পরীক্ষার দাবিতে ৪০টিরও বেশি আবেদন জমা পড়েছিল শীর্ষ আদালতে। বৃহস্পতিবার সেই মামলার শুনানিতে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বাধীন তিন বিচারপতির বেঞ্চ এ কথা জানিয়েছে। পুনরায় পরীক্ষার দাবিতে মামলাকারীদের তরফে বৃহস্পতিবার আদালতে উপস্থিত ছিলেন প্রবীণ আইনজীবী নরেন্দ্র হুডা। প্রধান বিচারপতি তাঁকে বলেন, এমন কোনও প্রমাণ থাকতে হবে যা ইঙ্গিত করে প্রশ্নফাঁসের জন্য পুরো পরীক্ষাই প্রভাবিত হয়েছে। যে কারণে গোটা ইউজি-নিট পরীক্ষা বাতিল করা যেতে পারে। মামলার শুনানিতে বৃহস্পতিবার প্রধান বিচারপতি চন্দ্রচূড় বলেন, "শুধুমাত্র ২৩ লাখ পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ পরীক্ষার্থী ভর্তি হবেন, এই কারণে আমরা পুনরায় পরীক্ষার নির্দেশ দিতে পারি না। পুনরায় পরীক্ষা যদি নিতে হয়, তবে তার জন্য পোক্ত প্রমাণ থাকতে হবে যে, গোটা পরীক্ষা ব্যবস্থাতেই এর প্রভাব পড়েছে।"সুপ্রিম কোর্ট এদিন নিট-ইউজি পরীক্ষায় শীর্ষ স্থান পাওয়া ও তাঁরা কোন শহর থেকে এসেছেন তা জানতে চায়। এনটিএ-কে সুপ্রিম কোর্ট জিজ্ঞাসা করে - পুরো পরীক্ষায় ২৩.৩৩ লক্ষের মধ্যে কতজন শিক্ষার্থী নিজেদের কেন্দ্র পরিবর্তন করেছে? এনটিএ বলছে, সংশোধনের নামে, শিক্ষার্থীরা কেন্দ্র পরিবর্তন করেছে এবং ১৫ হাজার শিক্ষার্থী সংশোধনের জন্য উইন্ডোটি ব্যবহার ☛ ৬ এর পাতায় দেখুন

## নীতি আয়োগের নবম পরিচালনা সভা ২৭ শে

অভিজিৎ রায় চৌধুরী

**নয়াদিল্লি, ১৮ জুলাই।।** আগামী ২৭ জুলাই অনুষ্ঠিত হবে নীতি আয়োগের পরিচালনা পরিষদের নবমসভা। এই সভায় বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে। ২৭ মে, ২০২৩ তারিখে অনুষ্ঠিত গভর্নিং কাউন্সিলের ৮ তম সভার সিদ্ধান্তের কার্যসূচি এবং পদক্ষেপের প্রতিবেদনের নিশ্চিতকরণ নিয়ে আলোচনা হবে।

বিকশিত ভারত ২০৪৭-এর ভিশন ডকুমেন্টের জন্য অ্যাপ্রোচ পেপার নিয়ে আলোচনা হবে। এছাড়াও ২৭-২৯ ডিসেম্বর, ২০২৩-এ অনুষ্ঠিত প্রধান সচিবদের ৩য় জাতীয় সম্মেলনের সুপারিশের উপর আলোচ্যসূচি আলোচনা হবে।

থিম: জীবনযাত্রার স্বাচ্ছন্দ্য


(ক) পানীয় জল: অ্যাক্সেস, পরিমাণ এবং গুণমান

(খ) বিদ্যুৎ: গুণমান, দক্ষতা এবং নির্ভরযোগ্যতা

(গ) স্বাস্থ্য: অ্যাক্সেসযোগ্যতা, সামর্থ্য এবং যত্নের গুণমান। (ঘ) স্কুলিং: অ্যাক্সেস এবং গুণমান (ঙ) জমি ও সম্পত্তি: অ্যাক্সেসিবিলিটি, ডিজিটাইজেশন, রেজিস্ট্রেশন এবং মিউটেশন।

## নিরাপত্তা সুনিশ্চিত করার দাবি বিরোধী দলনেতার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই।।** ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিনে গোটা রাজ্যব্যাপী বিভিন্নস্থানে আক্রান্ত হয়েছে বামেরা। বেশ কিছু জায়গায় সন্ত্রাসের জেরে মনোনয়নপত্র জমা দিতে পারেনি বাম দল। মনোনয়নপত্র দাখিলের দিনক্ষণ বৃদ্ধি করা এবং বিরোধী দলের কর্মীদের সম্পূর্ন নিরাপত্তার দাবি জানিয়েছেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী।




বৃহস্পতিবার সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, ইতিমধ্যেই উচ্চ আদালতের দ্বারস্থ হয়েছিল বামেরা। অনলাইনে মনোনয়ন দাখিল এবং সময়সীমা বৃদ্ধির আবেদন জানানো হয়েছিল। আদালত এই বিষয়ে রায়ে জানিয়েছে, এই মুহূর্তে ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে অনলাইনে মনোনয়ন দাখিলের নির্দেশ সম্ভব নয়। কিন্তু নির্বাচনোত্তর পরিবেশে শান্তি বজায় রাখার উদ্দেশ্যে নির্বাচন কমিশন যেন পরবর্তী সময়ে ☛ ৬ এর পাতায় দেখুন

## লাইনচ্যুত ডিব্রুগর এক্সপ্রেস, মৃত ২ উদ্ধারকার্য শুরু, ক্ষতিপূরণ ঘোষণা

**নয়াদিল্লি, ১৮ জুলাই (হি.স.):** বৃহস্পতিবার দুপুর ২টা ৩৭ মিনিটে উত্তরপ্রদেশের গোণ্ডা ও মেনকাপুরের মাঝে জিলাহী স্টেশনের কাছে দুর্ঘটনার কবলে পড়ে চণ্ডীগড়-ডিব্রুগড় এক্সপ্রেস। লাইনচ্যুত হয়ে যায় ওই এক্সপ্রেস ট্রেনের ১০-১২টি কামরা। দুর্ঘটনার জেরে কমপক্ষে মৃত্যু হয়েছে ৪ জনের। জখম বহু। আর সেই দুর্ঘটনায় ক্ষতিপূরণের ঘোষণা করেছে রেল।নিহতদের পরিবারের সদস্যদের ১০ লক্ষ টাকা এবং গুরুতর জখমদের ২.৫ লক্ষ টাকা করে দেওয়া হবে বলে জানিয়েছে রেল। একই সঙ্গে দুর্ঘটনায় অল্প আঘাত পেয়েছেন যাঁরা তাঁদের ৫০ হাজার টাকা করে আর্থিক ক্ষতিপূরণ দেওয়া হবে। কীভাবে ঘটল দুর্ঘটনা? তা জানতে উচ্চপর্যায়ের তদন্তের নির্দেশও দিয়েছে রেল।

প্রায় ২:৩৭ মিনিট নাগাদ উত্তর-পূর্ব রেলওয়ের আওতাধীন কেএম ৬৩৮/১৯-এ গোন্ডা জং স্টেশনের কাছে ১৫৯০৪ চণ্ডীগড় --- ডিব্রুগড় এক্সপ্রেস লাইনচ্যুত হওয়ার ফলে নিম্নলিখিত ট্রেনগুলি ডাইভার্ট রুট দিয়ে চালানো হচ্ছে।

সেগুলিগুলো হল, ১৫৭০৭ কাটিহার-অমৃতসর অম্রপালি এক্সপেস, ১৫৬০৩ গুয়াহাটি — জম্মুতাভি অমরনাথ এক্সপ্রেস, এবং ১৫৯১০ লালগড় --- ডিব্রুগড় ☛ ৬ এর পাতায় দেখুন

## কারা সংস্কার আন্দোলন ঘিরে উত্তাল বাংলাদেশ, মৃত বেড়ে ১৭

**ঢাকা, ১৮ জুলাই (হি.স.) ।।** কোটা সংস্কার আন্দোলন ঘিরে সংঘর্ষে বেড়েই চলেছে বাংলাদেশে। বাড়ছে মৃতের সংখ্যা। সংঘর্ষে এখন পর্যন্ত ১৭ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন কয়েকশো। নিহতদের মধ্যে বেশিরভাগই কিশোর ও তরুণ। নরসিংদীতে পুলিশের সঙ্গে সংঘর্ষে তাহমিদ তামিম (১৫) ও মহম্মদ ইমন মিয়াঁ (২২) নামে দুজনের মৃত্যু হয়েছে। চট্টগ্রামে পটিয়া সরকারি কলেজের ছাত্র মহাম্মদ ইমাদ (১৮) নিহত হয়েছেন। সেখানে মৃত্যু হয়েছে ২২ বছরের আরেক তরুণের। তাঁর পরিচয় জানা যায়নি।উত্তরায় পুলিশ ও ছাত্রলিগ—যুবলিগ নেতাকর্মীদের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষে ছয়জনের মৃত্যু হয়েছে। ধানমন্ডিতে সংঘর্ষে ঢাকার রেসিডেন্সিয়াল মডেল কলেজের এক শিক্ষার্থী, রামপুরায় এক পথচারী, যাত্রাবাড়িতে এক রিকশাচালক, সাভারে এক শিক্ষার্থী এবং মাদারীপুরে এক শিক্ষার্থীর মৃত্যুর হয়েছে বলে খবর।বৃহস্পতিবার বিকেলে রাজধানীর মালিবাগে পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষ হয়েছে। ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৭৬ ▫ ১৯ জুলাই ২০২৪ ইং ▫ ৩ শ্রাবণ ▫ শুক্রবার ▫ ১৪৩১ বঙ্গাব্দ শা

# ম্যান্ডেলার স্বপ্ন আজও অধরা

বিশ্বের সবচাইতে জনপ্রিয় নেতা ও মহান রাষ্ট্রনায়কদের একজন হইলেন নেলসন ম্যান্ডেলা। তিনি দক্ষিণ আফ্রিকার জাতির পিতা ও প্রাক্তন প্রেসিডেন্ট। বিশ্ববাসীর কাছে তিনি এক মহান অবিসংবাদিত নেতা ও বর্ণবাদবিরোধী আন্দোলনের প্রবাদ পুরুষ। তিনি বর্ণবাদ নির্মূল তথা জাতীয় ঐক্যের জন্য সারাজীবন সংগ্রাম করিয়াছেন। তাহার অক্লান্ত সংগ্রামের ফলেই অবহেলিত ও নিপীড়িত মানুষ স্বাধীনতা, সাম্য ও মুক্তির স্বাদ পাইয়াছে।

ম্যান্ডেলার দাদা ছিলেন একজন রাজা এবং বাবা ছিলেন টেম্বু উপজাতির গোত্রপ্রধান। জন্মের ৮ বছর বয়সেই তিনি বাবাকে হারান। পরে তাহার গোত্র প্রধানের পরিচর্যায় বড় হন। তাহার শৈশবকাল কাটে দাদুর বাড়িতে। তিনিই তাহার পরিবারের প্রথম সদস্য যিনি স্কুলে পড়াশোনা করিয়াছেন। স্কুলে পড়িবার সময় তাহার শিক্ষিকা মদিঙ্গানে তাহার ইংরেজি নাম রাখিয়াছিলেন "নেলসন"।

নেলসন ম্যান্ডেলা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সময়ই ১৯৪৪ সালে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসে যোগ দিয়া যুব লিগ প্রতিষ্ঠা করেন। ১৯৪৮ সালে দক্ষিণ আফ্রিকান নির্বাচনে বর্ণবাদে বিশ্বাসী ও বিভিন্ন জাতিকে আলাদা করিবার পক্ষপাতি আফ্রিকানদের দল ন্যাশনাল পার্টি জয়লাভ করে। ন্যাশনাল পার্টির ক্ষমতায় আসিবার প্রেক্ষাপটে ম্যান্ডেলা সক্রিয়ভাবে রাজনীতিতে জড়াইয়া পড়েন। রাজনৈতিক জীবনের প্রথমভাগে নেলসন ম্যান্ডেলা মহাত্মা গান্ধীর দর্শন দ্বারা প্রভাবিত হন। তিনি প্রথম থেকেই অহিংস আন্দোলনের পক্ষপাতী ছিলেন। ১৯৫২ সালে তিনি আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের অসহযোগ আন্দোলনের নেতৃত্ব দেন। ১৯৫৫ সালে জনগণের সম্মেলনেও তাহার ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ।

তাহার সকল প্রকার সভা-সমাবেশ ও ছয় মাস পর্যন্ত জোহানেসবার্গের বাইরে যাওয়া নিষিদ্ধ করা হয়। এরপর ম্যান্ডেলা এএনসির নতুন সাংগঠনিক পরিকল্পনা তৈরি করেন এবং কৃষ্ণাঙ্গ পরিচালিত প্রথম আইন ব্যবসা প্রতিষ্ঠান গড়িয়া তোলেন। কিন্তু দক্ষিণ আফ্রিকার বর্ণবাদী শ্বেতাঙ্গ সরকার ১৯৫৬ সালের ৫ ডিসেম্বর ম্যান্ডেলাসহ ১৫৬ জন বর্ণবাদবিরোধী কর্মীকে দেশদ্রোহিতার মামলায় গ্রেফতার করে। সুদীর্ঘ ৫ বছর ধরিয়া মামলা চলিলে সব আসামী নির্দোষ প্রমাণিত হয় এবং ১৯৬১ সালে সবাইকে মুক্তি দেয়া হয়। দক্ষিণ আফ্রিকার সরকারের দীর্ঘদিন ধরিয়া চলাতে থাকা নিপীড়ন ও অত্যাচারের বিরুদ্ধে অহিংস আন্দোলন সফল হইবে না বলিয়া ম্যান্ডেলা সশস্ত্র আন্দোলনের পথ বাছিয়া নিয়াছিলেন। বর্ণবাদভিত্তিক আন্দোলনের কারণে ১৯৬২ সালের ৫ আগস্ট ম্যান্ডেলাকে গ্রেফতার করে জোহানেসবার্গের দূর্গে আটকাইয়া রাখা হয়। বিশ্বের মুক্তিকামী মানুষের প্রেরণার উৎস নেলসন ম্যান্ডেলা। তাঁহার অহিংস রাজনীতির আদর্শ ও বর্ণবাদীবিরোধী সংগ্রাম তাহাকে অনন্তকাল ধরিয়া পৃথিবীবাসীর হৃদয়ে চিরঞ্জীব, চিরস্মরণীয় করিয়া রাখিবে। একটি কল্যাণকর ও ন্যায়নিষ্ঠ জাতি গড়িবার ক্ষেত্রে তাহার মূল্যবোধ, ত্যাগ ও সংগ্রাম উজ্জ্বল দৃষ্টান্ত হইয়া থাকিবে তাহা বলিবার অপেক্ষা রাখে না।

## সাগরে নিম্নচাপের ভ্রূকুটি; দক্ষিণবঙ্গে বৃষ্টির পূর্বাভাস, সমুদ্রে যেতে বারণ

কলকাতা, ১৮ জুলাই (হি.স.): বঙ্গোপসাগরে ফের নিম্নচাপের ভ্রূকুটি, আর এই নিম্নচাপের সৌজন্যে দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনার কথা জানালো আলিপুর আবহাওয়া দফতর। বৃষ্টি হবে কলকাতাতেও। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, ১৯ জুলাই পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এর ফলে চলতি সপ্তাহে ১৯ থেকে ২৩ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ২০ এবং ২১ তারিখ, অর্থাৎ শনিবার এবং রবিবার দক্ষিণবঙ্গের প্রত্যেক জেলার ৭৫ শতাংশের বেশি এলাকাতেই বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।১৯ তারিখ ভারী বৃষ্টি হতে পারে দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরে। ওই দিন কলকাতা-সহ বাকি জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ-সহ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। শনিবার ভারী বৃষ্টি হতে পারে কলকাতায়। তাছাড়া, হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুরেও ওই দিন ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বৃষ্টি হতে পারে ৭ থেকে ১১ সেন্টিমিটার। ভারী বৃষ্টি হতে পারে রবিবারও। সেই দিন দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া এবং পশ্চিম বর্ধমানে ৭ থেকে ১১ সেন্টিমিটার বৃষ্টি হতে পারে। ১৯ তারিখ থেকে মৎস্যজীবীদের গভীর সমুদ্রে যেতে বারণ করা হয়েছে।কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হচ্ছেই। মাঝেমধ্যেই ঝমঝমিয়ে বৃষ্টি নামছে, আর এই বৃষ্টির সৌজন্যেই তাপমাত্রার পারদও নিম্নমুখী। বৃহস্পতিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ০.২ ডিগ্রি বেশি।

## অনুকূল পরিস্থিতি, গুজরাট ও কর্ণাটক-সহ বিভিন্ন রাজ্যে ভারী বৃষ্টির পূর্বাভাস

নয়াদিল্লি, ১৮ জুলাই (হি.স.): দেশের বিভিন্ন রাজ্যে ভারী থেকে অতি ভারী বৃষ্টি, আবার কোথাও কোথাও হালকা বৃষ্টির সম্ভাবনার কথা জানালো ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। আগামী ৪৮ ঘন্টা কোঙ্কন, গোয়া এবং মধ্য মহারাষ্ট্রে অত্যন্ত ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে আইএমডি। এছাড়াও আগামী ৩-দিন গুজরাট, কর্ণাটক, ছত্তিশগড়, ওড়িশা, কেরল, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরায় ভারী থেকে খুব ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে, হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড, পূর্ব রাজস্থান, জম্মু ও কাশ্মীর, লাদাখ, পঞ্জাব, হরিয়ানা, দিল্লি, উত্তর প্রদেশ এবং পশ্চিম রাজস্থানে আগামী ৩-দিন হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। মধ্য মহারাষ্ট্রে ২১ জুলাই পর্যন্ত ভারী বৃষ্টি হবে। পশ্চিম মধ্যপ্রদেশেও ২১ জুলাই পর্যন্ত অত্যধিক বৃষ্টি হবে। ছত্তিশগড়ের বিভিন্ন অংশে ২০ জুলাই পর্যন্ত বৃষ্টিপাত চলবে।

কোভিডে আক্রান্ত বাইডেন, নিভৃতবাসে রয়েছেন আমেরিকার প্রেসিডেন্ট

ওয়াশিংটন, ১৮ জুলাই (হি.স.): করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন। কোভিড পজিটিভ হওয়ায় প্রচার কর্মসূচি অসম্পূর্ণ রেখেই নিভৃতবাসে চলে গেলেন বাইডেন। যদিও বাইডেন বলেছেন, তিনি ভালো আছেন। বুধবার হোয়াইট হাউসের তরফে জানানো হয়, প্রেসিডেন্ট জো বাইডেন কোভিডে আক্রান্ত হয়েছেন।

# মহাকর্ষ কী দিয়ে তৈরি

প্রকৃতি শাসন করে মাত্র চারটি বল। এর তিনটি কী দিয়ে তৈরি, কীভাবে কাজ করেএর সবই জানি আমরা। অথচ যে মহাকর্ষ বল আমাদের অতিপরিচিত, তারই ভেতরের কাহিনি আমাদের আজও অজানা। কী দিয়ে তৈরি মহাকর্ষ? এরও কি কণা আছে? থাকলে, সে কণা শনাক্ত করার উপায় কী? ***আবুল বাসার***

প্রকৃতির নিগূঢ় রহস্য, মহাবিশ্ব নিয়ে মানুষের চিন্তাভাবনার সূচনা সেই আদিম কাল থেকে। কিন্তু আমরা এর চালচিত্র প্রায় সঠিকভাবে বুঝতে শুরু করেছি মাত্র কয়েক শতক আগে। মহাবিশ্ব, সৃষ্টি রহস্য, প্রকৃতির রহস্য সম্পর্কে এখন সবটা না হলেও অনেক কিছুই জানে আধুনিক বিজ্ঞান। গত কয়েক শতকের জ্ঞান একত্রিত করে এখন আমরা জানি, প্রকৃতি তথা মহাবিশ্ব শাসন করছে মাত্র চারটি বল। এই বলগুলো এবং নির্দিষ্ট কিছু বস্তুকণা মহাবিশ্বের একান্নবর্তী সংসার গড়ে তুলেছে। এই চারটি প্রাকৃতিক বলই সবকিছুকে একত্রিত করে রেখেছে।

প্রাকৃতিক সেই চারটি বল হলো বিদ্যুৎচুম্বকীয় বল, শক্তিশালী নিউক্লিয়ার বল, দুর্বল নিউক্লিয়ার বল এবং মহাকর্ষ। প্রথম তিনটিকে ব্যাখ্যা করা হয় কণাপদার্থবিজ্ঞানের স্ট্যান্ডার্ড মডেল দিয়ে। এ ত্রয়ী বলকে বলা হয় নন-গ্র্যাভিটেশনাল ফোর্স বা অমহাকর্ষীয় বল। আর শেষেরটিমহাকর্ষ বা গ্র্যাভিটিকে ব্যাখ্যা করে আপেক্ষিকতা তত্ত্ব। আরও সঠিকভাবে বললে, সাধারণ আপেক্ষিকতা তত্ত্ব। বিদ্যুৎ-চুম্বকীয়, শক্তিশালী ও দুর্বল নিউক্লিয়ার বল ব্যাখ্যা করে পরমাণুর মতো অতিক্ষুদ্র জগৎ। অন্যদিকে মহাবিশ্বের বড় পরিসরের কাঠামো (যেমন গ্রহ, নক্ষত্র, কৃষ্ণগহ্বর ইত্যাদি) ব্যাখ্যা করে আপেক্ষিকতা তত্ত্ব। স্ট্যান্ডার্ড মডেলে তিনটি বলের ব্যাখ্যায় বলা হয়, এসব বলে বলবাহী অতিপারমাণবিক কণা বিনিময় হয়। বস্তুকণাদের একত্রিত রাখার পেছনে কাজ করে প্রকৃতির তিনটি মৌলিক বল। এরকম ব্যাখ্যায় স্ট্যান্ডার্ড মডেল এখন পর্যন্ত দারুণ সফল একটি তত্ত্ব। যেমন বিদ্যুৎ-চুম্বকীয় বলের কথা ধরা যাক। এই বলটি পরমাণুকে একত্রে ধরে রাখে। অর্থাৎ নিউক্লিয়াস ও ইলেকট্রনকে। এর বাহক বা বলবাহী কণার নাম ফোটন। অর্থাৎ আলোর কণা।

অন্যদিকে সবল বা শক্তিশালী পারমাণবিক বল নিউক্লিয়াসে দুটি কণার মধ্যে মিথস্ক্রিয়া করে গ্লুয়ন কণার মাধ্যমে। এভাবে কোয়ার্ক কণাদের একসঙ্গে জুড়ে রাখে, একত্রে বেঁধে রাখে পরমাণুর নিউক্লিয়াসকে। সেইসঙ্গে নিউক্লিয়ার ফিশন বা পারমাণবিক বিভাজন এবং পারমাণবিক বোমা বিস্ফোরণে বেরিয়ে আসা বিপুল শক্তির জন্য দায়ী এ বল। দুর্বল পারমাণবিক বল দুটি কণার মধ্যে মিথস্ক্রিয়া করে ডব্লিউ প্লাস, ডব্লিউ মাইনাস এবং জেড জিরো বলাবাহী কণার মিথস্ক্রিয়ায়। শক্তিশালী বলের মতো এটাও কাজ করে শুধু অতিপারমাণবিক (আসলে উপপারমাণবিক) পরিসরে। দুর্বল বলই একমাত্র বল, যা সব কণার ওপর কাজ করে। এমনকি চার্জ নিরপেক্ষ নিউট্রনও এ বল অনুভব করে। তবে বলটি কণাদের একত্রে বেঁধে রাখার বদলে অন্য কাজ করে। সেটাও বেশ গুরুত্বপূর্ণ। এটি কোয়ার্কের পরিচয় পাল্টে দেয়। যেমন রেডিওঅ্যাকটিভ বা তেজস্ক্রিয় বিটা ক্ষয় প্রক্রিয়ায় নিউক্লিয়াসের ভেতর নিউট্রন চেহারা পাল্টে পরিণত হয় প্রোটন কণায়।

সে উত্তর দেওয়ার আগে বলে নিই, চরিত্রগত দিক দিয়ে মহাকর্ষ আসলে অন্য তিনটি বলের চেয়ে আলাদা। প্রথমত অন্য তিনটির তুলনায় মহাকর্ষ বহু গুণ দুর্বল। বিজ্ঞানীদের হিসেবে, বলটি শক্তিশালী পারমাণবিক বলের চেয়ে ১০৩৮ ভাগ দুর্বল। বিদ্যুৎ-চুম্বকীয় বলের তুলনায় ১০৩৬ ভাগ এবং দুর্বল পারমাণবিক বলের তুলনায় ১০২৯ ভাগ দুর্বল। তবু প্রকৃতির চারটি মৌলিক বলের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ বল এই মহাকর্ষ। কারণ এই বল না থাকলে আজকের পরিচিত মহাবিশ্বের একান্নবর্তী সংসার গড়ে উঠতে পারত না কোনোদিন। মহাকর্ষ না থাকলে গোটা মহাবিশ্বে কোনো গ্রহ, নক্ষত্র বা ছায়াপথ থাকত না। স্রেফ কালিমাখা গাঢ় কালো এক অন্ধকার মহাবিশ্ব গড়ে উঠত। মহাবিশ্বে তখন রাজত্ব করত ধুলিকণা আর গ্যাস। আর কিছু নয়। পদার্থবিজ্ঞানীদের ধারণা, অন্য বলগুলোর মতো মহাকর্ষের জন্যও একই ধরনের ব্যাখ্যা আছে। স্ট্যান্ডার্ড মডেলের তালিকায় মহাকর্ষকে জায়গা দিতে নানারকম জল্পনা-কল্পনা করেছেন বিজ্ঞানীরা। সেটি করতে হলে মহাকর্ষের বলবাহী কণার (সহজভাবে বলা যায়, মহাকর্ষ কণা) চরিত্র কেমন হবে, তাও বোঝার চেষ্টা করেছেন।

পদার্থবিজ্ঞানের খাতায় মহাকর্ষ কণা এখনও কাল্পনিক। এই হাইপোথেটিক্যাল কণার নাম দেওয়া হয়েছে গ্র্যাভিটন। ইংরেজি শব্দ 'গ্র্যাভিটি' থেকে এই 'গ্র্যাভিটন' নামকরণ। এর চরিত্র কেমন হওয়া উচিত, তাও হিসেব কষে বের করা হয়েছে। যেমন কোয়ান্টাম তত্ত্ব অনুযায়ী, যে কণা যত ভারী, সেটি গড়ে উঠতে তত বেশি শক্তি দরকার। সেই সঙ্গে তার আয়ুও হবে ক্ষণস্থায়ী। তাই ওই কণা খুব বেশি দূর যেতে পারে না। তার দৌড় অতি অল্প দূরত্বে সীমাবদ্ধ। যেমন দুর্বল বলের বাহক ডব্লিউ প্লাস বোসনের কথা বলা যাক। এই ভারী কণা গড়ে উঠতে অনেক শক্তি দরকার। সে কারণেই এর চৌহদ্দি পরমাণুর অতিক্ষুদ্র পরিসরে সীমাবদ্ধ। বড় দূরত্বে এর কোনো প্রভাব নেই। অন্যদিকে বিদ্যুৎ-চুম্বকীয় বলের বাহক ফোটন কণা ভরহীন। তাই সেটি ছুটতে পারে সীমাহীন দূরত্বে।



আমাদের আলোচ্য মহাকর্ষও কাজ করতে পারে অসীম দূরত্বে। যেমন আমাদের সৌরজগতে বহুদূর থেকেও সূর্য পৃথিবীসহ অন্য গ্রহগুলোকে মহাকর্ষ বলে বেঁধে রেখেছে। একইভাবে কোটি কোটি নক্ষত্র নিয়ে আমাদের মিল্কিওয়ে গ্যালাক্সি, কৃষ্ণগহ্বরের মতো বিশাল কাঠামো তৈরি হয়েছে ওই মহাকর্ষের কারণেই। কাজেই যুক্তি অনুসারে, গ্র্যাভিটন তৈরিতে কোনো শক্তির প্রয়োজন হওয়ার কথা নয়। তাই তার ভরও হবে শূন্য। আবার গ্র্যাভিটনের স্পিন কেমন হবে, সেটাও হিসেব কষে বের করা সম্ভব। কোয়ান্টাম জগতে স্পিন স্থানের ঘূর্ণনের সঙ্গে সংশ্লিষ্ট। এটি মৌলিক কণাদের একটা সহজাত ধর্ম। বস্তু বা পদার্থের গাঠনিক একক কোয়ার্ক ও লেপটনের স্পিন থাকে। এদের স্পিন ১/২। এর মানে হলো, এই কণাদের ৩৬০ ডিগ্রি ঘুরানোর পর তাদের আচরণ আর আগের মতো একই থাকে না। তবে ৭২০ ডিগ্রি ঘোরানোর পর আবারও একই আচরণ করে কণাগুলো। অন্যদিকে স্ট্যান্ডার্ড মডেলের তিনটি বলের জন্য বলবাহী কণাদের স্পিন ১। মানে, এসব কণা ৩৬০ ডিগ্রি ঘোরালে তা একইরকম আচরণ করে। সেই হিসেবে গ্র্যাভিটনের স্পিন ২ হওয়া উচিত বলে ধারণা করেন বিজ্ঞানীরা। কারণ যে কণার স্পিন ২, তারাই কেবল সব বস্তু বা পদার্থের সঙ্গে মিথস্ক্রিয়া করতে পারে। স্পিন ২-ধারী কণাদের ১৮০ ডিগ্রি ঘোরালেও তারা একই আচরণ করে।

অবশ্য কণাপদার্থবিজ্ঞানের সঙ্গে খাপ খাওয়াতে পদার্থবিজ্ঞানীরা গ্র্যাভিটন বা মহাকর্ষ কণা বিনিময়ের প্রেক্ষিতে মহাকর্ষ বলের বর্ণনা করলেও, বাস্তবে এমন কিছু নাও থাকতে পারে। তবে বেশির ভাগ পদার্থবিদ মনে করেন, মহাকর্ষ কোয়ান্টাইজডও হতে পারে। কিন্তু সমস্যা হলো, অন্য বলগুলোকে যে গাণিতিক কৌশল ব্যবহার করে কোয়ান্টাইজড হিসেবে প্রমাণ করা হয়েছে, মহাকর্ষের ক্ষেত্রে তা ব্যর্থ হয়েছে। সে কারণে মহাকর্ষের ক্ষেত্রে এখন একমাত্র আশা স্ট্রিং তত্ত্ব। এ তত্ত্বে মৌলিক কণাকে বিন্দুসম নয়, বরং ভর-শক্তির স্ট্রিং বা তারের ভিন্ন ভিন্ন কম্পন হিসেবে ব্যাখ্যা বা বর্ণনা করা হয়।

স্ট্রিং থিওরির গাণিতিক হিসেব-নিকেষ খুব জটিল

স্ট্রিং তাত্ত্বিকরা বলেন, ইলেকট্রনকে বিন্দু কণা হিসেবে দেখা গেলেও এটি আসলে স্ট্রিংয়ের কম্পন। আমাদের যদি কোনো সুপারমাইক্রোস্কোপ থাকত, তাহলে সেটা দিয়ে ইলেকট্রনের দিকে উঁকি দিলে দেখা যেত ইলেকট্রন বিন্দুসম কণা নয়, বরং অতিক্ষুদ্র কম্পমান স্ট্রিং বা তার। অন্য কণাদের ক্ষেত্রেও ভিন্ন ভিন্ন কম্পমান স্ট্রিংয়ের দাবি করেন স্ট্রিং তাত্ত্বিকরা।

মহাকর্ষের জন্যও আশার বাণী রয়েছে স্ট্রিং তত্ত্বে। এখানে এমন এক স্ট্রিংয়ের দেখা মেলে, যার চরিত্র গ্র্যাভিটনের মতো। কিন্তু সমস্যা হলো, স্ট্রিং থিওরি নিজেই এক রহস্য। এ তত্ত্বের এখনও গভীর কিছু সমস্যা রয়ে গেছে। স্ট্রিং তত্ত্ব মতে, স্ট্রিংয়ের আকার পরমাণুর চেয়েও অনেক অনেক ক্ষুদ্র। শুধু তাই নয়, এর চেয়েও বড় সমস্যা হলো, এখানে স্থান-কালের মাত্রার সংখ্যা আমাদের পরিচিত চারটি নয়, বরং ১০টি (আমাদের পরিচিত মাত্রা চারটি। এদের মধ্যে স্থানের তিনটি ও কালের একটি মাত্রা)। তাই স্ট্রিংগুলো কাজ করে কেবল স্থান-কালের ১০ মাত্রায়। ফলে স্ট্রিং থিওরির গাণিতিক হিসেব-নিকেষ খুব জটিল। এসব কারণে এ তত্ত্ব থেকে এখনও পর্যবেক্ষণযোগ্য কোনো ভবিষ্যদ্বাণী করা সম্ভব হয়নি। আবার এ তত্ত্বকে পরীক্ষা করে দেখার জন্য যে বিশাল কর্মযজ্ঞের আয়োজন করতে হবে, তাও আমাদের সক্ষমতার বাইরে। বিশেষ করে এক্সপেরিমেন্টালিস্ট বা পরীক্ষণবিদ পদার্থবিদেরা একে স্রেফ উড়িয়ে দিতে চান। তাঁদের এককথা, পরীক্ষণ বা পর্যবেক্ষণযোগ্য ভবিষ্যদ্বাণী না করলে পারলে কোনো কিছুর আসলে হাইপোথিসিসও হওয়ার যোগ্যতা নেই। তাই স্ট্রিং থিওরি আদৌ কোনো বৈজ্ঞানিক তত্ত্ব নাকি স্রেফ একটা হাইপোথিসিস বা অতিকল্পনা, তা নিয়েও সন্দিহান বিজ্ঞানীরা।

২.

বুঝতেই পারছেন, মহাকর্ষ এবং অন্য তিনটি বলকে একত্রে ব্যাখ্যা করার মতো কোনো পর্যবেক্ষণযোগ্য তত্ত্ব এখন আমাদের হাতে নেই। কিন্তু তেমন একটা তত্ত্বের স্বপ্ন অনেক দিন ধরেই দেখছেন বিজ্ঞানীরা। ১৯২০ সালের মাঝামাঝি বিজ্ঞানী আলবার্ট আইনস্টাইনও এরকম একটা তত্ত্ব প্রণয়নে দীর্ঘকাল কাজ করেছেন। মৃত্যুর আগ পর্যন্তও তাঁর সে চেষ্টা থামেনি। কিন্তু শেষপর্যন্ত তিনি ব্যর্থ হন। শুধু আইনস্টাইনই নন, অনেক বাঘা বাঘা বিজ্ঞানী এ তত্ত্ব পেতে গবেষণা করেছেন। এ বিষয়ে লেখাও হয়েছে গাদা গাদা বই। স্টিফেং হকিং নিজেই লিখেছেন বেশ কয়েকটা বই। এর মধ্যে স্বপ্নের এই তত্ত্বকে অনেকে বলেন কোয়ান্টাম থিওরি অব গ্র্যাভিটি। কেউ-বা বলেন থিওরি অব এভরিথিং। সবকিছুর তত্ত্ব। এর মাধ্যমে বিজ্ঞানীরা বোঝাতে চান, কাঙ্ক্ষিত সেই তত্ত্ব হবে এমন কিছু, যা দিয়ে একই সঙ্গে প্রাকৃতিক চারটি বল এবং আমাদের জানা সবগুলো বস্তুকণার মিথস্ক্রিয়া একত্রে ব্যাখ্যা করা সম্ভব হবে। অর্থাৎ মহাবিশ্বের ক্ষুদ্র পরিসর এবং বৃহৎ পরিসরকে একইসঙ্গে ব্যাখ্যা করবে সেই তত্ত্ব। আরও ভালোভাবে বললে, সেই তত্ত্বটি হবে কোয়ান্টাম তত্ত্ব এবং আপেক্ষিকতা তত্ত্বের মেলবন্ধন। কেউ কেউ বলেন, এ দুই তত্ত্বের বিবাহবন্ধন।

যাই হোক, আমাদের ঝুলিতে তেমন কোনো তত্ত্ব না থাকার মানে এই নয় যে গ্র্যাভিটনের অস্তিত্ব নেই। গ্র্যাভিটন বা মহাকর্ষ কণা হয়তো আছে, কিন্তু কে জানে, আমাদের বর্তমান জ্ঞান ও সক্ষমতা দিয়ে তার ধারেকাছেও পৌঁছাতে পারছি না। তবে এ বিষয়ে জল্পনা-কল্পনা কিংবা গবেষণা কিন্তু থেমে নেই। অনেকেই গ্র্যাভিটন শনাক্ত করার নানা কৌশল নিয়ে কাজ করছেন। এর একটি হলো বৃহস্পতি গ্রহের সমান একটা ডিটেক্টর ব্যবহার করা।

আমরা জানি, কোনো আলোক তরঙ্গ ফোটন কণা দিয়ে গঠিত হয়ে একসঙ্গে ছুটে চলে। কোনো কোনো বিজ্ঞানী ধারণা করেন, মহাকর্ষ তরঙ্গও হয়তো তেমন কিছুই। ২০১৫ সালে যুক্তরাষ্ট্রের ২৫লাইগোর দুটি ডিটেক্টরে প্রথমবারের মতো মহাকর্ষ তরঙ্গ শনাক্ত করা সম্ভব হয়েছে। বহুকাল আগে বহু দূরে দুটি কৃষ্ণগহ্বরের মধ্যে সংঘর্ষে সেই তরঙ্গের সৃষ্টি হয়েছিল। এই মহাকর্ষ তরঙ্গ আসলে স্থান-কালের বুননে বিপুল এক ঢেউ। বিশাল এক আলোড়ন। এর যাত্রাপথে যাকে পায়, তাকেই নাড়িয়ে দিয়ে যায়। বিজ্ঞানীদের ধারণা, আলোর মধ্যে একত্রে ছুটে চলা তরঙ্গ ও ফোটন কণার মতো মহাকর্ষ তরঙ্গ হয়তো গ্র্যাভিটনের সঙ্গে হাত ধরাধরি করে ছুটে চলে। কিন্তু মুশকিল হলো, তাকে শনাক্ত করা যাবে কীভাবে? হয়তো ভাবছেন, তা কেন?

সেটা বোঝার জন্য আলোর ফোটনের ব্যাপারটা একটু শুনুন। একটা আলোর উৎসকে যথেষ্ট পরিমাণ ম্লান করে প্রতিটি ফোটন কণাকে আলাদা আলাদাভাবে কোনো ডিটেক্টরে শনাক্ত করা সম্ভব। কিন্তু একই পদ্ধতিতে মহাকর্ষ কণা বা গ্র্যাভিটন শনাক্ত করা কঠিনই নয়, অসম্ভবও বটে। তার কারণ হলো, আগেই বলেছি মহাকর্ষ তরঙ্গ অতি দুর্বল। আর কোয়ান্টাম তত্ত্বে দুর্বলতা হলো 'বস্তুর সঙ্গে বিরল মিথস্ক্রিয় হওয়া'র সমার্থক। কাজেই স্রেফ পরমাণু ব্যবহার করে গ্র্যাভিটনকে থামানো কঠিন। তাই ফোটনের মতো করে এদের শনাক্ত করাও কঠিন ও প্রায় অসম্ভব। সেই কারণে মহাকর্ষ কণা আমাদের কাছে এখনও অধরা। মহাকর্ষ কণা শনাক্ত করা কত কঠিন, সেটা উপলব্ধি করার জন্য নিউট্রিনো কণার তুলনা টেনে আনা যায়। মহাবিশ্বের অধরা কণাদের তালিকায় নিউট্রিনো অন্যতম। সূর্যের ভেতর নিউক্লিয়ার বিক্রিয়া বা পারমাণবিক বিস্ফোরণে বিপুল পরিমাণ নিউট্রিনো কণা তৈরি হচ্ছে সবসময়। সেগুলো স্রোতের মতো ছড়িয়ে পড়ছে সর্বত্র। প্রতি মুহূর্তে আমাদের দেহের ভেতর দিয়ে কোটি কোটি নিউট্রিনো কণা হুড়মুড় করে চলে যাচ্ছে। সঠিকভাবে বললে, এর পরিমাণ প্রায় এক ট্রিলিয়ন। কিন্তু আপনি টেরই পাচ্ছেন না। কারণ এরা আপনার দেহের সঙ্গে মিথস্ক্রিয়া করছে না। এহেন চরিত্রের কারণে নিউট্রিনো কণা শনাক্ত করা খুবই কঠিন। বলা যায়, প্রায় অধরা।

মজার ব্যাপার হলো, নিউট্রিনোর চেয়েও এককাঠি সরেস এই গ্র্যাভিটন বা মহাকর্ষ কণা। কারণ অন্য কণাদের সঙ্গে নিউট্রিনোর চেয়ে ১০০০ মিলিয়ন, ট্রিলিয়ন ভাগ কম মিথস্ক্রিয়া করে গ্র্যাভিটন। অবশ্য নিউট্রিনোকে ধরতে বা শনাক্ত করতে বিজ্ঞানীরাও মাথা খাটিয়ে বেশ জবরদস্ত একটা কৌশল বের করেছেন। এর মাধ্যমে কোনো কণার সঙ্গে নিউট্রিনোকে মিথস্ক্রিয়া করতে বাধ্য করা যায়। আসলে বলা উচিত, মিথস্ক্রিয়া করার সম্ভাবনা বাড়ানো হয়। সেটি করা হয় নিউট্রিনোর গতিপথে বিপুল ভর জড়ো করে। যেমন বিশ্বের সবচেয়ে বড় নিউট্রিনো ডিটেক্টরটি বসানো হয়েছে দক্ষিণ মেরুতে। এর নাম আইসকিউব। এতে রাখা হয়েছে অ্যান্টার্কটিকার এক ঘন কিলোমিটার জমাট বরফ। আরও আছে অতি সূক্ষ্ম কিছু যন্ত্রপাতি। ফলে এই অধরা কণাও ধরা দিয়েছে বিজ্ঞানীদের জালে। নিশ্চিতভাবে শনাক্ত করে বিজ্ঞানীরা নিশ্চিত হয়েছেন এ কণার অস্তিত্বের ব্যাপারে। গ্র্যাভিটনের ক্ষেত্রেও প্রায় একই ধরনের একটা কৌশল খাটানোর কথা ভেবেছেন কিছু বিজ্ঞানী। কিন্তু মুশকিল হলো, মহাকর্ষ বল দুর্বল হওয়ার কারণে গ্র্যাভিটন শনাক্ত করতে যে ডিটেক্টর বসাতে হবে, তার ভর হতে হবে অনেক অনেক গুণ বেশি। সেই সঙ্গে আকৃতিটাও হবে আক্ষরিক অর্থেই দানবাকৃতির। তার আকৃতির কাছে বিশালাকৃতির এই নিউট্রিনো ডিটেক্টরকেও মনে হবে বামন। চোখটা আগেই কপালে তুলবেন না প্লিজ! তার আগে আরেকটু শুনুন।

বিজ্ঞানীরা হিসেব কষে দেখেছেন, গ্র্যাভিটন শনাক্ত করতে আমাদের যে ডিটেক্টর দরকার, তার ভর হতে হবে বৃহস্পতি গ্রহের সমান। মানে সৌরজগতের সবচেয়ে বড় গ্রহটির সমান। তাহলেই হয়তো কেবল গ্র্যাভিটন শনাক্ত করা সম্ভব। স্মরণ করিয়ে দিই, বৃহস্পতির ভর ১.৮৯৮ × ১০২৭ কেজি। আবার গ্রহটি এতই বড় যে এর ভেতর ১ হাজার ৩০০টি পৃথিবী অনায়াসে ঢুকিয়ে ফেলা যাবে। বুঝুন অবস্থা!

দাঁড়ান, বিস্ময়ের আরও ব্যাপার আছে। বৃহস্পতির সমান ভরের ডিটেক্টর দিয়ে গ্র্যাভিটন শনাক্ত করা হবে হকিং রেডিয়েশন ব্যবহার করে। বিজ্ঞানীদের ভাবনাটা অনেকটা এরকমই। কারণ কৃষ্ণগহ্বর থেকে বেরিয়ে আসা এই বিকিরণকে শক্তিশালী গ্র্যাভিটন উৎস বলে মনে করা হয়। এই বিকিরণের অন্তত এক শতাংশ এই মহাকর্ষ কণা থাকা উচিত বলে মনে করেন বিজ্ঞানীরা। কিন্তু এখানেই আছে সবচেয়ে বড় বিপত্তি। হিসেবে দেখা গেছে, এত বিশাল ডিটেক্টর দিয়ে একটা মাত্র গ্র্যাভিটন শনাক্ত করতেও লেগে যাবে মহাবিশ্বের প্রকৃত বয়সের চেয়েও বেশি সময়। তাহলে এরকম একটা ডিটেক্টর বানিয়ে গ্র্যাভিটন শনাক্ত করা কি আদৌ সম্ভব? আর এত সময় ব্যয় করে গ্র্যাভিটন শনাক্ত করে লাভটাই-বা হবে কোন কচু! নিজেই ভেবে দেখুন।

এসব ভেবে অনেক বিজ্ঞানী গ্র্যাভিটন শনাক্ত করার সব আশা জলাঞ্জলি দিয়েছেন। তাঁদের কারও কারও মতে, গ্র্যাভিটন হয়তো আদৌ কোনো ভৌত অস্তিত্ব নয়, স্রেফ মেটাফিজিকস। বাংলায় যাকে বলে অধিবিদ্যা। পরীক্ষামূলক বা পর্যবেক্ষণযোগ্য বিজ্ঞান নয়, দর্শনশাস্ত্র নিয়েই যার কাজকারবার। দীর্ঘ পথ পরিক্রমায় দর্শনশাস্ত্রের খোলস ছেড়ে যে বিজ্ঞান একদিন পরীক্ষামূলক জ্ঞান হিসেবে মাথা তুলে দাঁড়িয়েছিল, তাকেও কী আবার এভাবে মাথা নত করতে হবে! বিজ্ঞানীরা কি আর এত সহজে হাল ছেড়ে দেওয়ার পাত্র! মোটেও নয়। কয়েকজন বিজ্ঞানী তাই গবেষণাগারে হাইপোথেটিক্যালি গ্র্যাভিটনের চালচরিত্র অনুসন্ধানের কথা ভাবছেন। কিন্তু বলা বাহুল্য, সেটি সত্যিকারের গ্র্যাভিটন নয়। তবে এর মাধ্যমে যে কণাটির চরিত্রটা হয়তো আরও ভালোভাবে বোঝার সম্ভাবনা বাড়িয়ে দেবে। আর বিজ্ঞান তো থেমে থাকে না। ভবিষ্যতে হয়তো নতুন কোনো উপায় বা কৌশলের খোঁজ পাবেন বিজ্ঞানীরা। গ্র্যাভিটন বলে যদি সত্যিই কিছু থেকে থাকে, তাহলে সেদিন তা ধরা পড়বে আমাদের হাতে। ব্যস! তাতেই হয়তো পদার্থবিজ্ঞানীদের বহুদিনের কাঙ্খিত কোয়ান্টাম গ্র্যাভিটি থিওরি বা থিওরি অব এভরিথিং একদিন এসে যাবে হাতের মুঠোয়। কাজেই হাল ছাড়া যাবে না, শুধু একটু ধৈর্য্য ধরতে হবেএই যা।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# কুলতলির সাদ্দাম সর্দার গ্রেফতার; পাকড়াও আরও এক, ধৃতের সংখ্যা বেড়ে চার

কুলতলি, ১৮ জুলাই (হি.স.): অনেক লুকোচুরির পর অবশেষে সাদ্দাম সর্দারকে গ্রেফতার পুলিশ। দক্ষিণ ২৪ পরগনার কুলতলির ঝুপড়িঝাড়ার বানীরধল এলাকা থেকে গ্রেফতার হয়েছে সাদ্দাম। বুধবার রাতে একটি মাছের ভেড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। সাদ্দামের পাশাপাশি ওই ভেড়ির মালিক মান্নান খানকেও গ্রেফতার করা হয়েছে। এই নিয়ে মোট চার জনকে গ্রেফতার করল পুলিশ। পুলিশ সূত্রে খবর, গত সোমবার পুলিশের চোখে ধুলো দিয়ে পালিয়ে গিয়ে মান্নানের মাছের ভেড়িতে আশ্রয় নেয় সাদ্দাম। সেই ভেড়ির আলা ঘরে থেকেই গ্রেফতার করা হয় তাকে। গ্রেফতার করা হয় মান্নানকেও। কুলতলি থানার পুলিশ বিশাল বাহিনী নিয়ে বুধবার রাতে মাছের ভেড়ি ঘিরে আলা ঘর থেকে গ্রেফতার করে সাদ্দাম ও মান্নানকে। সাদ্দামের ভাই সাইরুল এখনও অধরা।সাদ্দামের বিরুদ্ধে অনেক দিন ধরেই প্রতারণার অভিযোগ। এর আগেও একাধিক অভিযোগের ভিত্তিতে সে গ্রেফতার হয়েছিল। গত সোমবার সাদ্দামের পয়তারহাটের বাড়িতে অভিযানে যায় পুলিশ। সাদ্দামকে ধরে ফেলে তারা। এর পরেই বাড়ি এবং আশেপাশের মহিলারা পুলিশকে ঘিরে ধরে বিক্ষোভ দেখাতে শুরু করেন। সাদ্দামের ভাই সাইরুল পুলিশকে নিশানা করে গুলিও চালায়। এই সুযোগে পুলিশের হাত থেকে পালিয়ে যায় সাদ্দাম এবং সাইরুল। সোমবার হাতের নাগাল থেকে বেরিয়ে গিয়েছিল সাদ্দাম। তাঁকে তন্নতন্ন করে খুঁজছিল পুলিশ। গোপন সূত্রে খবর পেয়েই বুধবার রাতে কুলতলির চুপড়িঝাড়া গ্রাম পঞ্চায়েত এলাকায় অভিযান চালায় পুলিশ। জানা গিয়েছে, সেখানে একটি মাছের ভেড়ির চালাঘরে লুকিয়ে ছিল সোনা পাচার চক্রের মাথা সাদ্দাম। গভীর রাত ১ টা ১৫ মিনিট নাগাদ চালাঘর ঘিরে ফেলে পুলিশ। তখন ঘুমোচ্ছিল সাদ্দাম। পুলিশকে দেখেই ফের পালানোর চেষ্টা করে সে। কিন্তু এবার হাতেনাতে তাকে ধরে ফেলে পুলিশ। সাদ্দামের আশ্রয়দাতা মান্নান খানকেও গ্রেফতার করেছে পুলিশ। এই মান্নান আবার এলাকার সিপিআইএম নেতা। তবে এখনও পর্যন্ত অধরা সাদ্দামের ভাই সাইরুল সর্দার।

# মেদিনীপুরের গেট বাজারে বিধ্বংসী আগুন, অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু শিশু

পশ্চিম মেদিনীপুর, ১৮ জুলাই (হি.স.): মেদিনীপুর শহরের গেট বাজারে বৃহস্পতিবার ভোররাতে এক বিধ্বংসী আগুনে পুড়ে ছাই হয়ে গেছে পাঁচটি দোকান। অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু হয়েছে এক শিশুর, এই ঘটনাটিকে ঘিরে তীব্র চাঞ্চল্য তৈরি হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ভোররাতে আচমকাই বাজারে আগুন লাগে। দ্রুত ছড়িয়ে পড়া আগুন মুহূর্তের মধ্যে বাজারের পাঁচ থেকে ছয়টি দোকানকে ভস্মীভূত করে ফেলে। আগুন লাগার খবর পেয়ে স্থানীয় লোকজন ছুটে আসে এবং পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করে। এই সময় একটি দোকানে রাখা গ্যাস সিলিন্ডার বিস্ফোরিত হলে তার তাপে এক শিশু মারাত্মকভাবে দগ্ধ হয়। শিশুটিকে দ্রুত মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলেও সেখানে তাকে মৃত ঘোষণা করা হয়।

ঘটনার খবর পেয়ে দমকলের দুটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। তবুও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানা গেছে। দমকলের প্রাথমিক অনুমান, শর্ট সার্কিট থেকেই আগুনের সূত্রপাত। বর্তমানে ক্ষতিগ্রস্ত দোকানগুলোর ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করা হচ্ছে এবং আগুন লাগার প্রকৃত কারণ অনুসন্ধানে তদন্ত চলছে। স্থানীয় প্রশাসন ও দমকল বিভাগ পরিস্থিতির উপর নজর রাখছে এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণ করছে।

শান্তিপুরে মোটরবাইক ও সাইকেলের মুখোমুখি ধাক্কা, মৃত্যু একজনের

শান্তিপুর, ১৮ জুলাই (হি.স.): শান্তিপুরের নৃসিংহপুরঘাটগামী রাস্তায় পথ দুর্ঘটনা। মোটরবাইক এবং সাইকেলের মুখোমুখি ধাক্কার জেরে মৃত্যু হল বাইক আরোহীর। মৃতের নাম বাবুসোনা আলী। তাঁর বাড়ি শান্তিপুর থানার অন্তর্গত গোপালপুর এলাকায়।

অন্যদিকে, আশঙ্কাজনক অবস্থায় সাইকেল আরোহীকে শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতাল থেকে অন্যত্র স্থানান্তরিত করা হয়েছে।

জানা গিয়েছে, চালক ছাড়াও বাইকে আরও দু'জন আরোহী ছিলেন। দুর্ঘটনার পর প্রত্যেককেই শান্তিপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসকেরা বাইক আরোহীকে মৃত বলে ঘোষণা করেন।

## ছত্তিশগড়ের বিজাপুরে আইইডি ফেটে মৃত্যু দুই জওয়ানের, আহত আরও ৪

রায়পুর, ১৮ জুলাই (হি.স.): ছত্তিশগড়ের মাওবাদী অধ্যুষিত বিজাপুর জেলায় আইইডি ফেটে প্রাণ হারালেন দুই জওয়ান। এছাড়াও আরও ৪ জন জওয়ান আহত হয়েছেন। আহত জওয়ানদের উদ্ধার করে রায়পুরের হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাঁদের শারীরিক অবস্থা কেমন রয়েছে, তা এখনও জানা যায়নি।বিজবিজাপুরের পুলিশ সুপার জিতেন্দ্র যাদব বলেছেন, বৃহস্পতিবার ভোরে মাওবাদীদের খোঁজে অভিযান চলছিল, অভিযান শেষে জওয়ানরা যখন ফিরে আসছিলেন সেই সময় মাওবাদীদের পুঁতে রাখা আইইডি ফেটে বিস্ফোরণ হয়। এই আইইডি বিস্ফোরণে দুই জওয়ানের মৃত্যু হয়েছে ও ৪ জন আহত হয়েছেন। আহত জওয়ানদের রায়পুরের একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## বহরমপুরে উড়ল প্যালেস্তাইনের পতাকা, পুলিশ ও ডিজিপি-র হস্তক্ষেপ দাবি বিরোধী দলনেতার

কলকাতা, ১৮ জুলাই (হি.স.): মুর্শিদাবাদ জেলার বহরমপুরে উড়ল প্যালেস্তাইনের পতাকা, বুধবার রাতে বহরমপুরে ধর্মীয় শোভাযাত্রায় প্যালেস্তাইনের পতাকা ওড়াতে দেখা যায় একদল মানুষকে। এই ঘটনায় মুর্শিদাবাদের পুলিশ সুপার, পশ্চিমবঙ্গ পুলিশের ডিজিপি-র হস্তক্ষেপ দাবি করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানিয়েছেন তিনি।বুধবার রাতে নিজের এক্স হ্যান্ডেলে একটি ভিডিও আপলোড করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

সেই ভিডিও-তে দেখা যায় ধর্মীয় শোভাযাত্রায় (মহরম) একদল মানুষ প্যালেস্তাইনের পতাকা ওড়াচ্ছেন। ভারতীয় ভূখণ্ডে অন্য দেশের পতাকায় ওড়ানোয় রীতিমতো উদ্বেগ প্রকাশ করেছেন বিরোধী দলেনতা শুভেন্দু অধিকারী। তিনি এই ঘটনায় অবিলম্বে মুর্শিদাবাদের পুলিশ সুপার, পশ্চিমবঙ্গ পুলিশের ডিজিপি-র হস্তক্ষেপ দাবি করেছেন।

একইসঙ্গে তিনি লোকসভায় শপথ নেওয়ার সময় এআইএমআইএম-এর সাংসদ আসাদুদ্দিন ওয়াইসির ''জয় প্যালেস্তাইন'' স্লোগানের প্রসঙ্গও উত্থাপন করেছেন।ভারতীয় ভূখণ্ডে বিদেশি পতাকা ওড়ানোর জন্য দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ও কড়া পদক্ষেপ নেওয়ার আবেদন জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

## কুলতলিতে নকল সোনা কাণ্ড: প্রধান অভিযুক্ত সাদ্দাম সর্দার গ্রেফতার

কুলতলি, ১৮ জুলাই (হি.স.)। দক্ষিণ ২৪ পরগনার কুলতলিতে নকল সোনা ব্যবসায় জড়িত থাকার অভিযোগে দুই দিন লুকিয়ে থাকার পর পুলিশের হাতে গ্রেফতার হয়েছে কুখ্যাত দুষ্কৃতি সাদ্দাম সর্দার। পুলিশ সাদ্দামের বাড়িতে তল্লাশি চালিয়ে বেশ কয়েকটি তাজা বোমা, একটি বন্দুক, এবং দু''রাউন্ড গুলি উদ্ধার করেছে। তার বিরুদ্ধে নকল সোনা ব্যবসা পরিচালনা ও এলাকায় অপরাধমূলক কার্যকলাপ চালানোর অভিযোগ রয়েছে।

এই ঘটনার পর কুলতলির বিধায়ক কড়া প্রতিক্রিয়া জানিয়েছেন। তিনি বলেন, 'কোনো ধরনের অপরাধমূলক কাজকর্ম বরদাস্ত করা হবে না। প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে কঠোর ব্যবস্থা নিতে।' বিধায়ক আরও বলেন, অপরাধ দমনে স্থানীয় প্রশাসন এবং জনগণের মধ্যে সমন্বয় অত্যন্ত জরুরি।

গ্রেফতারির পর পুলিশ কুলতলি এলাকায় সন্ত্রাস ও অপরাধ দমনে আরও তৎপর হয়ে উঠেছে। এই চক্রের সঙ্গে জড়িত অন্যান্য ব্যক্তিদের খুঁজে বের করার জন্য তল্লাশি অভিযান জোরদার করা হয়েছে। প্রশাসন এলাকায় নিরাপত্তা বৃদ্ধি করতে জনসাধারণকে সতর্ক থাকতে আহ্বান জানিয়েছে।

# সল্টলেক দত্তাবাদে পুকুরপাড় ধসে গাড়ি জলাশয়ে, সৃষ্ট হয়েছে আতঙ্ক

বিধাননগর, ১৮ জুলাই (হি.স.): সল্টলেক দত্তাবাদের পুকুরপাড়ে বৃহস্পতিবার সকালে আকস্মিক ধসে এক চাঞ্চল্যকর ঘটনা ঘটে। এই ধসের ফলে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি চারচাকা গাড়ি এবং একটি ভ্যান জলাশয়ে পড়ে যায়।

প্রত্যক্ষদর্শীদের মতে, রাতে গাড়িটি পুকুরের পাড়ে পার্কিং করা হয়েছিল। সকালে স্থানীয় বাসিন্দারা লক্ষ্য করেন যে গাড়িটির কিছু অংশ ইতিমধ্যেই পুকুরের মধ্যে ঢুকে গেছে। পরিস্থিতির গুরুত্ব বুঝে গাড়িটিকে দড়ি দিয়ে বাঁধা হয়েছে, যাতে এটি সম্পূর্ণভাবে পুকুরে তলিয়ে না যায়। স্থানীয় প্রশাসন এবং পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছেছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছে। বিশেষজ্ঞদের মতে, পুকুরপাড়ের মাটির স্থিতিশীলতা হ্রাস পাওয়ার কারণে এ ধসের ঘটনা ঘটেছে। পাড় ধসের এই ঘটনার পর স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্কের সঞ্চার হয়েছে এবং তাঁরা দ্রুত সমস্যা সমাধানের জন্য প্রশাসনের কাছে আর্জি জানিয়েছেন। এলাকাবাসীর মতে, এ ধরনের ঘটনা প্রতিরোধে অবিলম্বে মাটি পরীক্ষার মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা জরুরি। এ বিষয়ে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে, বিষয়টি তদন্তাধীন রয়েছে এবং পুকুরপাড়ের পুনর্বাসনের জন্য পদক্ষেপ নেওয়া হবে।

## এখনও ওঠেনি নিষেধাজ্ঞা, ১৬ নম্বর জাতীয় সড়কে তীব্র যানজট

কলকাতা, ১৮ জুলাই (হি.স.): মহরম ও উল্টো রথ উপলক্ষ্যে কলকাতায় পণ্যবাহী লরি প্রবেশে নিষেধাজ্ঞা ছিল। বৃহস্পতিবার সকালেও সেই নিষেধাজ্ঞা জারি থাকায় ব্যাপক যানজট ১৬ নম্বর জাতীয় সড়কে বোম্বে রোডের উপর। হাওড়ার ডোমজুড় থানার অঙ্কুরহাটি থেকে নিবড়া পর্যন্ত ১৬ নম্বর জাতীয় সড়ক কার্যত অবরুদ্ধ হয়ে পড়েছে। একইভাবে উল্টো দিকের রাস্তায় কোনা থেকে নিবড়া পর্যন্ত তীব্র যানজট দেখা দিয়েছে। রাস্তার উপরেই সার দিয়ে দাঁড়িয়ে রয়েছে পণ্যবাহী লরিগুলি। যার ফলে ব্যাপক যানজটের সৃষ্টি হয়েছে। অফিস টাইমে এই যানজটের জেরে ক্ষুব্ধ নিত্য যাত্রীরা।

# ছত্তিশগড়ের বিজাপুরে আইইডি ফেটে মৃত্যু দুই জওয়ানের, আহত আরও ৪

রায়পুর, ১৮ জুলাই (হি.স.): ছত্তিশগড়ের মাওবাদী অধ্যুষিত বিজাপুর জেলায় আইইডি ফেটে প্রাণ হারালেন দুই এসটিএফ জওয়ান। এছাড়াও আরও ৪ জন জওয়ান আহত হয়েছেন। আহত জওয়ানদের উদ্ধার করে রায়পুরের হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাঁদের শারীরিক অবস্থা কেমন রয়েছে, তা এখনও জানা যায়নি। শহীদ দুই জওয়ান হলেন - রায়পুরের বাসিন্দা কনস্টেবল ভরত সাহু এবং নারায়ণপুরের বাসিন্দা কনস্টেবল এস সিং কাঙ্গে।বিজাপুরের পুলিশ সুপার জিতেন্দ্র যাদব বলেছেন, মাওবাদীদের উপস্থিতি সম্পর্কে খবর পাওয়ার পর বুধবার (১৬ জুলাই) বিজাপুর, দান্তেওয়াড়া ও সুকমা জেলার সীমান্তবর্তী এলাকায় অভিযান চালায় এসটিএফ, ডিআরজি, কোবরা ও সিআরপিএফ বাহিনী। অভিযান শেষে জওয়ানরা যখন ফিরে আসছিলেন সেই সময় বিজাপুর জেলার তারীম এলাকায় মাওবাদীদের পুঁতে রাখা আইইডি ফেটে বিস্ফোরণ হয়। এই আইইডি বিস্ফোরণে দুই জওয়ানের মৃত্যু হয়েছে ও ৪ জন আহত হয়েছেন। আহত জওয়ানদের রায়পুরের একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জম্মু ও কাশ্মীরের ডোডায় ফের এনকাউন্টার, দুই সেনা জওয়ান আহত

শ্রীনগর, ১৮ জুলাই (হি.স.): জম্মু ও কাশ্মীরের ডোডা জেলায় ফের এনকাউন্টার। বৃহস্পতিবার ভোররাত থেকে নতুন করে গুলির লড়াই শুরু হয়েছে ডোডা জেলার কাস্তিগড় এলাকায়। এই এনকাউন্টারে দুই জওয়ান আহত হয়েছেন।জঙ্গিদের উপস্থিতি সম্পর্কে খবর পাওয়ার পর বৃহস্পতিবার ভোররাত থেকে কাস্তিগড় এলাকায় অভিযান চালায় সুরক্ষা বাহিনী। অভিযান চলাকালীন জঙ্গিরা গুলি চালালে শুরু হয় এনকাউন্টার, জঙ্গিরা লুকিয়ে গুলি চালালে দুই সেনা জওয়ান আহত হয়েছেন। তাঁদের ডোডার একটি হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর অন্যত্র নিয়ে যাওয়া হচ্ছে। গোটা এলাকা চারিদিক থেকে ঘিরে রেখেছে সুরক্ষা বাহিনী

## বাইজুসের বিরুদ্ধে ভারতীয় ক্রিকেট বোর্ডের মামলা

মুম্বই, ১৮ জুলাই (হি.স.):তিন বছর আগে ভারতীয় ক্রিকেট দলের স্পন্সর ছিল বাইজুস। ২০১৯ সালের সেপ্টেম্বর থেকে বাইজুসের সঙ্গে তিন বছরের চুক্তি ছিল বিসিসিআইয়ের। বাইজুসের সঙ্গে বিসিসিআইয়ের চুক্তি শেষ হয় ২০২৩ সালের জুনে। তারপর নতুন স্পন্সরার নেয় বিসিসিআই। ছেড়ে যাওয়ার সময় এই প্রতিষ্ঠানের কাছে স্পন্সরশিপ বাবদ ১৯ মিলিয়ন ডলার বকেয়া ছিল ভারতীয় ক্রিকেট বোর্ডের, ভারতীয় টাকায় যা প্রায় ২০০ কোটি টাকা। গত বছর সেপ্টেম্বরে বাইজুসের মূল সংস্থা থিঙ্ক অ্যান্ড লার্ন প্রাইভেট লিমিটেডের বিরুদ্ধে বকেয়া অর্থের জন্য মামলা করে বিসিসিআই। শুনানির জন্য ১৫ নভেম্বর নির্ধারণ করা হয়েছে। এবার সেই মামলা গ্রহণ করেছে ভারতের আদালত। তবে বিসিসিআইয়ের সঙ্গে সমঝোতায় আসতে চাইছে বাইজুস।

## মুর্শিদাবাদে উদ্ধার বিপুল পরিমাণ নিষিদ্ধ কাশির সিরাপ, ধৃত দুই

মুর্শিদাবাদ, ১৮ জুলাই (হি.স.): নিষিদ্ধ কাশির সিরাপ পাচারকারী দুই ব্যক্তিকে গ্রেফতার করল মুর্শিদাবাদের ইসলামপুর থানার পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে, বৃহস্পতিবার সকালে বহরমপুর থেকে সাগরপাড়াগামী একটি পিকআপ ভ্যান দাঁড় করিয়ে তল্লাশি চালায় পুলিশ। ভ্যান থেকে উদ্ধার হয় ৪৯৯৩ বোতল নিষিদ্ধ কাশির সিরাপ। বোতলগুলোকে ময়দার বস্তার তলায় লুকিয়ে নিয়ে যাওয়া হচ্ছিল বলে জানানো হয়েছে। পুলিস সূত্রে খবর, ধৃতরা বিপুল পরিমাণে কাশির সিরাপ বাংলাদেশে পাচারের উদ্দেশ্যেই নিয়ে যাচ্ছিল।


**সন্ধান চাই**

Ref :- Dharmanagar GRPS U/D Case No 108 DGR 008 15/07/24 U/S 194 BNSS/2023

পাশের ছবিটি একজন অপরিচিত পুরুষ মৃত্যু ব্যক্তির যান বয়স আনুমানিক ৬০ বছর অদ্য রোজ ১৫/০৭/২০২৪ইং তাং সময় অনুমানিক সকাল ৯.৫০ মিনিট নাগাদ ধর্মনগর থানার অর্ন্তগত ডিএমএন রেলস্টেসন পি/এফ নং-১ এ অজ্ঞান অবস্থায় পাওয়ার পর হাসপাতালে প্রেরণ করা হলে চিকিৎসক তাকে মৃত্যু বলে ঘোণ করেন। প্রাথমিক তদন্তে জানা গেছে লোকটি রাত্রে কোন এক সময় ধর্মনগর স্টেশনে আছে এবং চোখের গুমের মধ্যে মারা গেছে বাল অনুমান করা হচ্ছে।

মৃত্যু ব্যক্তির বিবরনঃ বয়স আনুমানিক ৬০ উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি হায়ের রং - শ্যামলা, ও রোগা পরনে চেক লুঙ্গি, ও পাকা দাড়ি পাকা চুল।

যোগাযোগ ঠিকানা

এসপি জিআরপি/টিপিএ - ০৩৮১ ২৩৭০২৩৪

ডিওয়াই এসপি জিআরপি/টিপিএ - ০৩৮১ ২৩৭০২৫৮ / ৮৭৩১৮৪০০৪০

ওসি ডিএমএনজিআরপিএস- ৯৮৬২৮২০৭২৫



ICA-D-511/24


## হাওড়ার এইচআইটি রোডে ঝুপড়িতে ভয়াবহ আগুন, তদন্তে প্রশাসন

হাওড়া, ১৮ জুলাই (হি.স.): বৃহস্পতিবার সকালে হাওড়ার জনবহুল এইচআইটি রোডে মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথি কলেজের উল্টো দিকে একটি ঝুপড়িতে ভয়াবহ আগুন লাগে। আগুন লাগার সঙ্গে সঙ্গে স্থানীয় বাসিন্দারা ও চ্যাটার্জি হাট থানার পুলিশ মিলিতভাবে প্রচেষ্টা চালিয়ে আগুন আয়ত্তে আনে। দমকলের একটি ইঞ্জিন পরে ঘটনাস্থলে আসে এবং আগুন পুরোপুরি নিভিয়ে ফেলে। এই আগুনের ঘটনায় কোনও হতাহতের খবর পাওয়া যায়নি।

তবে আগুন লাগার সঠিক কারণ এখনও জানা যায়নি। পুলিশ ইতিমধ্যেই তদন্ত শুরু করেছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, এই অঞ্চলে প্রায় প্রতি বছরই ২-৩ বার এমন বিধ্বংসী আগুন লাগে। যদিও সরকারি জমিতে বসবাস করা ঝুপড়িগুলি নিয়ে প্রশাসনের কোনও তৎপরতা দেখা যায় না। বর্তমানে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, সরকারি জায়গা দখল করে কোন ঝুপড়ি বা দোকান রাখা যাবে না। তবে, এই সরকারি জায়গায় বহু পরিবার দীর্ঘদিন ধরে বসবাস করছে। বাসিন্দাদের দাবি, প্রশাসনের তদারকি না থাকার কারণে ঝুপড়িতে আগুন লাগার ঘটনা ঘটছে এবং ক্ষতিগ্রস্তরা সরকারের কাছ থেকে ক্ষতিপূরণের দাবি করছে। এই পরিস্থিতি এলাকাবাসীকে ভাবাচ্ছে এবং তারা অবিলম্বে প্রশাসনের হস্তক্ষেপের আবেদন জানিয়েছেন।

## অমরনাথ যাত্রা চলছে নির্বিঘ্নেই, নিরাপত্তা ব্যবস্থায় কোনও খামতি নেই

জম্মু, ১৮ জুলাই (হি.স.): সুষ্ঠু ও নির্বিঘ্নেই চলছে বার্ষিক অমরনাথ যাত্রা। বৃহস্পতিবার সকালে অমরনাথের পবিত্র গুহা মন্দিরের উদ্দেশ্যে রওনা হয়েছে তীর্থযাত্রীদের আরও একটি দল। পবিত্র অমরনাথ যাত্রার জন্য জম্মুর ভগবতী নগর যাত্রী নিবাস থেকে ৪,৩৮৩ জনের তীর্থযাত্রীর একটি দল এদিন ভোরে রওনা হয়েছে। কড়া নিরাপত্তা বেষ্টনীতে ১৫৭টি গাড়িতে চেপে পুণ্যার্থীরা রওনা হন। এই দলে রয়েছেন ৩,২২২ জন পুরুষ। ১,০৭১ জন মহিলা, ৮টি শিশু, ৬৭ জন সাধু এবং ১৫ জন সাধ্বী। এঁরা ১৫৭ টি গাড়ি করে রওনা হন। অমরনাথ যাত্রাকে ঘিরে নিরাপত্তা অনেকটাই আঁটোসাঁটো করা হয়েছে। পুণ্যার্থীদের যাতে কোনও অসুবিধা না হয়, সে দিকে বিশেষ নজর রাখা হচ্ছে।


**PRESS NOTICE INVITING e-TENDER NO:- 04/EE/WRD-I/e-tender/2024-25.**
**Dated:- 09/07/2024.**

The Executive Engineer, WRD-I, Kunjaban,Agartala on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors/Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Gov't Organization of other State & Central of appropriate class with experience in similar nature of work on 30-07-2024 upto 3:00 PM & Tender may likely to be opened on 31-07-2024 at 4:00 PM, if possible for the following work:-

| Sl. No. | DNIeT No. | Estimated Cost | Earnest Money | Time for completion |
|---|---|---|---|---|
| 1 | DNIeT No: 37/SE/WRC-I/DNIeT/2024-25 | ₹ 56,12,294.00 | ₹ 1,12,246.00 | 06 (Six) months. |
| 2 | DNIeT No: 38/SE/WRC-I/DNIeT/2024-25 | ₹ 43,91,056.00 | ₹ 87,821.00 | 06 (Six) months. |
| 3 | DNIeT No: 39/SE/WRC-I/DNIeT/2024-25 | ₹ 58,39,576.00 | ₹ 1,16,792.00 | 06 (Six) months. |
| 4 | DNIeT No: 40/SE/WRC-I/DNIeT/2024-25 | ₹ 36,52,299.00 | ₹ 73,046.00 | 06 (Six) months. |
| 5 | DNIeT No: 41/SE/WRC-I/DNIeT/2024-25 | ₹ 53,48,059.00 | *₹ 1,06,961.00 | 06 (Six) months. |

1. Last date & time for online Bidding:- 30/07/2024 upto 3:00 PM.
2. TIME AND DATE OF OPENING OF BID:- 31/07/2024 at 4:00 PM (if possible)

The bid forms and other details including online activities should be done in the e-procurement portal
https://tripuratenders.gov.in
Note:- For all details, clauses, terms and condition, etc. may be seen in the DNIeT.

FOR & ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA

ICA/C/938/24

**(Er. Parimal Debnath),**
**Executive Engineer, Water Resource Division No-I,**
**Kunjaban, Agartala, Tripura**


## ফের উদ্ধার সেনা বাহিনীর মর্টার শেল! আতঙ্কিত এলাকাবাসী!

ময়নাগুড়ি, ১৭ জুলাই (হি.স.):ময়নাগুড়ি ব্লকের ব্রহ্মপুর এলাকায় তিস্তা নদীর চর এলাকায় গরু চরাতে গিয়ে কিছু যুবক আবিষ্কার করেন একটি সেনাবাহিনীর মর্টার শেল। ঘটনাটি জানাজানি হতেই এলাকায় ভিড় বাড়তে থাকে এবং স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ময়নাগুড়ি থানা এবং রাজারহাট পুলিশ ফাঁড়িতে খবর দেওয়া হলে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় এবং এলাকাটি ঘিরে রাখে।

২০২৩ সালের ৪ঠা অক্টোবর সিকিমে বন্যায় ভারতীয় সেনার যে আগ্নেয়াস্ত্র ও মর্টার শেল ভেসে যায়, এটি তাদের মধ্যে একটি বলে ধারণা করা হচ্ছে। ঘটনাস্থলে পুলিশ উপস্থিত হলে তারা সেনাবাহিনীর সঙ্গে যোগাযোগ করে। পরে সেনাবাহিনী মর্টার শেলটিকে নিষ্ক্রিয় করে।

এলাকাবাসীর আতঙ্কের মধ্যেই সেনাবাহিনী ও পুলিশের তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। স্থানীয় প্রশাসন এলাকাবাসীকে নিরাপদ থাকার আহ্বান জানিয়েছে এবং আশ্বাস দিয়েছে যে তারা সতর্ক রয়েছে এবং কোনো রকমের ঝুঁকি নেই।

## সন্দেশখালিতে তৃণমূলের ২১ জুলাই প্রস্তুতি সভা : শহীদ সমাবেশের জন্য তৎপরতা

সন্দেশখালি, ১৮ জুলাই (হি.স.) : উত্তর ২৪ পরগনার সন্দেশখালি দুই নম্বর ব্লকের জেলিয়াখালি এলাকায় অনুষ্ঠিত হল তৃণমূল কংগ্রেসের ২১ জুলাই শহীদ সমাবেশের প্রস্তুতি সভা। বুধবার জেলিয়াখালি উচ্চ বিদ্যালয়ের সংলগ্ন বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সন্দেশখালি দুই নম্বর ব্লকের কনভেনার দিলীপ মল্লিক, সংখ্যালঘু সেল এর সভাপতি হাজী সিদ্দিক মোল্লা, এবং জেলিয়াখালি অঞ্চল তৃণমূল কংগ্রেসের সভাপতি সাইফুদ্দিন মোল্লা সহ আরও অনেক তৃণমূল কর্মী।

লোকসভা নির্বাচনের আগে যে জেলিয়াখালিতে তৃণমূলের বিরুদ্ধে উত্তেজনা ছড়িয়েছিল, সেই এলাকাতেই এবার মানুষের ঢল নামে একুশে জুলাইয়ের প্রস্তুতি সভায়। ভোট মানচিত্রে পরিবর্তন দেখা যায়, এবং জেলিয়াখালীর তৃণমূল কংগ্রেসের সভায় বিপুল জনসমাগম ঘটে।

সভায় একুশে জুলাই শহীদ সমাবেশে অংশগ্রহণের জন্য কিভাবে সংগঠন করা হবে তা নিয়ে আলোচনা হয়। সন্দেশখালি তৃণমূল নেতৃত্ব আশাবাদী যে, মানুষের ভুল ভেঙে গেছে এবং নদীমাতৃক দীপ অঞ্চলের হাজার হাজার মানুষ ২১ জুলাই ধর্মতলায় যাওয়ার জন্য অপেক্ষা করছেন। এই সভার মাধ্যমে তৃণমূলের কর্মীরা ২১ জুলাই শহীদ সমাবেশকে সফল করার জন্য পুরোদমে প্রস্তুতি নিচ্ছেন।

## শুশুনিয়া পাহাড়ে ফের বীজ বোমা: বন দপ্তরের উদ্যোগে সবুজায়নের প্রচেষ্টা

বাঁকুড়া, ১৮ জুলাই (হি.স.): বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড়, যার প্রাকৃতিক সৌন্দর্য্য বহু পর্যটকের কাছে আকর্ষণীয়, এবার ফের বীজ বোমার মাধ্যমে সবুজায়নের পথে। বুধবার সকালে বন দফতরের উদ্যোগে পাহাড়ের রুক্ষ ও ন্যাড়া অংশে ১০০০ পিস বীজ বোমা ফেলা হয়। ছাতনা ফরেস্ট রেঞ্জের আধিকারিক এশা বোস জানান, এই বীজ বোমাগুলিতে শিশু, বামলা, বট, চটরা, শুয়াবুল, শিরিষসহ বিভিন্ন গাছের বীজ রয়েছে, যা পাহাড়ের কঠিন অংশেও সহজে চারা তৈরি করতে সক্ষম।

গত বছরও একই সময়ে বন দফতরের এই উদ্যোগ অভাবনীয় সাফল্য পেয়েছিল। এ বছরেও তেমনই সাফল্যের আশা করছেন বন দফতরের কর্মকর্তারা। বীজ বোমার পাশাপাশি শতাধিক বৃক্ষ জাতীয় চারা লাগানো হয় পাহাড়জুড়ে। শুশুনিয়া মাঙ্গলিক সংঘের যুবকেরা এই বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করে, বনমহোৎসব উপলক্ষে ছাতনা বন বিভাগের আয়োজিত এই অনুষ্ঠানে যোগ দিতে পেরে তারা অত্যন্ত খুশি।

বন দফতরের এই প্রচেষ্টা পাহাড়ের প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় এবং পর্যটকদের আরও আকর্ষণ করার লক্ষ্যে করা হয়েছে। তাদের আশা, এই উদ্যোগ শুশুনিয়া পাহাড়ের ন্যাড়া অংশকে সবুজায়নের মাধ্যমে আরও মনোরম করে তুলবে।

## বিদ্যুৎ বিভ্রাট! মালদার মানিকচকে পথ অবরোধ করে বিক্ষোভ স্থানীয়দের

মালদা, ১৮ জুলাই (হি.স.): ক্ষোভ পুঞ্জীভূত হচ্ছিল অনেকদিন ধরেই, বহিঃপ্রকাশ হল বৃহস্পতিবার। বিদ্যুৎ বিভ্রাটকে কেন্দ্র করে মালদহের মানিকচকের বিভিন্ন এলাকায় পথ অবরোধ করলেন স্থানীয় মানুষজন। বৃহস্পতিবার সকাল ৭টা থেকে নুরপুর, এনায়েতপুর ধরমপুরের মতো সাতটি জায়গায় পথ অবরোধ করে রেখেছেন এলাকাবাসীরা। এনায়েতপুরে অবরোধ তুলতে গেলে পুলিশকে লক্ষ্য করে ইট-পাটকেল ছোড়ে বিক্ষুব্ধ জনতা। জনরোষ থেকে বাঁচতে এনায়েতপুরে মানিকচক থানার পুলিশ একটি বাড়িতে আশ্রয় নেয়। উত্তেজিত জনতা সেই বাড়িটিকে ঘিরে রাখে। এলাকার পরিস্থিতি একেবারেই থমথমে।


**CLAIMANT NOTICE**

Following articles (vehicle) were seized by the Forest Department, Sadar Forest Sub Division. Under sec -2 under section 52 (A) Indian Forest Act 1927 and rules made there under.

| SL. No. | Name of Article | Registration No. | Engine No. & Chassis No. | Date & Time of seizure | By Whom |
|---|---|---|---|---|---|
| 01. | TATA Truck- 709 | TR-02-E-1542 | Engine No:- Nil & Chassis No: - Nil | 02.07.2024 at 05:15 am | Sri Keshablal Debnath, Fr. A/O FPU Sadar |

Therefore, in exercise of power under Indian Forest Act it is contemplated to confiscate the said vehicle for its use in commission of forest offence. Therefore it is once again brought to the notice of legal owner of above mentioned seized articles to prefer his/her/their claim to the Authorized Officer (Sub Divisional Forest Officer Sadar Sub Division, Agartala.) within 25 (twenty five) days from the date of issue of the notice alongwith legal relevant documents supporting ownership, failing which the decision regarding the confiscation of all the article seized shall be taken ex-parte.

Issued under my seal and signature of this day on

**ICA/D/502/24**

**T. K.Debbarma, TFS) Sub Divisional Forest**
**pesofficer a SeaDivisional Forest Officer**

# হরেকরকম

হরেকরকম

হরেকরকম

## কোন ডিমে পুষ্টি বেশি সাদা নাকি লাল



বাজার দুই রঙের মুরগির ডিম পাওয়া যায়। একটা সাদা খোলসের ডিম আরেকটা লাল খোলসের? এর মধ্যে কোন ডিম ভালো, কোনটার পুষ্টিগুণ বেশি? অনেকের মতে, লাল ডিমের দাম যেহেতু বেশি তারমানে পুষ্টি বেশি। আবার অনেকে বলেন উল্টো কথা। তো এ নিয়ে বিশেষজ্ঞরা কী বলেন তা জানার আগে চলুন জেনে নেই মুরগির ডিমের এই দুইরকম রং হওয়ার পেছনে কারণ কী?

ডিমের রঙ লাল বা সাদা হওয়ার কারণ কী

ডিমের রং মুরগির জাত ও জিনের উপর নির্ভর করে। সাধারণত, সাদা পালকের মুরগির ডিম সাদা এবং গাঢ় রঙের পালকের মুরগির ডিম লাল হয়ে থাকে।

বিশেষ করে সাদা লেগহর্ন জাতের মুরগি বিভিন্ন রঙের হলেও তারা সবাই সাদা ডিম পাড়ে। অন্য দিকে প্লেমাউথ রকস বা রোড আইল্যান্ড মুরগিগুলো লাল ডিম পেড়ে থাকে। কিছু কিছু জাতের মুরগি সাদা হলেও লাল ডিম পাড়ে।

ডিমের খোসার রঙ বাদামি হয় মূলত মুরগির জরায়ুর মধ্যে থাকা শেল গ্ল্যান্ডের কারণে। মিশিগান স্টেট ইউনিভার্সিটির এক গবেষণায় জানানো হয়েছে, সাধারণত একটি মুরগির ভেতরে ডিম তৈরি হতে প্রায় ২৬ ঘণ্টা সময় লাগে। প্রথমে মুরগির গর্ভে ডিমের কুসুম তৈরি হয়। তারপর তিন ঘণ্টা ধরে তৈরি হয় কুসুমের চারদিকে সাদা অংশ বা অ্যালবুমিন। এরপর এক ঘণ্টারও বেশি সময় ধরে তৈরি হয় খোসার নিচের ঝিল্লি। এরপর ডিমটি লেজের কাছাকাছি শেল গ্ল্যান্ডে চলে যায়। এখানেই তৈরি হয় উপরের শক্ত খোসা। এই খোসা তৈরিতে সবচেয়ে বেশি সময় লাগে প্রায় ২০ ঘণ্টার মতো। সব ডিমের খোলস শুরুতে সাদাই থাকে। ডিম তৈরির একেবারে শেষ মুহূর্তে যোগ হয় রং। মুরগির দেহে থাকা এক রঞ্জক পদার্থ থেকে এই রং তৈরি হয়। তবে যেসব ডিম সাদা হয় সেগুলোয় রং যোগ হয় না। আবার কিছু কিছু গবেষণায় এটাও বলা হয়েছে, মুরগির বয়স যতো বাড়তে থাকে, বা তারা যদি অনেক চাপে থাকে তাদের ডিমের রং হালকা হতে শুরু করে।

সাধারণত ডুয়েল ব্রিড অর্থাৎ যেসব মুরগি ডিম ও মাংস দুটি উৎপাদনের উদ্দেশ্যে পালন করা হয় সেগুলো লাল রঙের ডিম পাড়ে।

এসব মুরগি আকারে বড় হওয়ায় বেশি পরিমাণ খাবার দিতে হয়। ফলে ডিমের উৎপাদন খরচ বেশি পড়ে।

অন্যদিকে সাদা পালকের মুরগির প্রজনন খরচ কিছুটা কম। তারা বাদামি রঙের মুরগির চেয়ে খায়ও কম। এজন্য সাদা ডিমের দাম লাল মুরগির চেয়ে কিছুটা কম রাখা যায়।

কোন রঙের ডিমে পুষ্টি বেশি?


এখন প্রশ্ন হলো এই রঙের তারতম্যের কারণে ডিমের পুষ্টিগুণে কোনো পার্থক্য তৈরি হয় কি? এ বিষয়ে পুষ্টিবিদ সৈয়দ তাসনিম হাসিন চৌধুরী এবং পোল্ট্রি বিশেষজ্ঞ শাকিলা ফারুক দু'জনই জানিয়েছেন, ডিমের রঙের সাথে এর পুষ্টিগুণের কোনো তারতম্য হয় না। আবার নিউ ইয়র্কের এক দল গবেষকের মতে লাল ডিমে ওমেগা-থ্রি ফ্যাটি অ্যাসিড সামান্য বেশি রয়েছে। কিন্তু সেই পার্থক্য এতটাই সামান্য যে তাতে খুব একটা ফারাক হয় না। সেক্ষেত্রে বলা যায় দুই রঙের ডিমের খাদ্যগুণ প্রায় সমান। তাই ডিম যে রঙেরই হোক আপনি তা নিশ্চিন্তে খেতে পারেন। যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের তথ্যমতে, একটি ৫০ গ্রাম ওজনের ডিমে ৭২ ক্যালোরি ও ৪.৭৫ গ্রাম ফ্যাট রয়েছে। সাদা ও লাল ডিমে এই পুষ্টিগুণের পরিমাণ প্রায় সমান। তবে বাজারে ওমেগা থ্রি সমৃদ্ধ ডিম, অর্গানিক ডিম, জৈব এবং নন-জিএমও ফিড দেওয়া মুরগির ডিম, খোলামেলা জায়গায় পালন করা দেশি মুরগির ডিম ইত্যাদির বেশ কদর রয়েছে। এক্ষেত্রে মুরগির ডিমের রং নয় বরং মুরগি কী ধরনের খাবার খায় এবং কী ধরনের পরিবেশে বেড়ে ওঠে সেটি বেশি গুরুত্বপূর্ণ। যেমন যেসব মুরগিকে বেশি বেশি ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিডযুক্ত কিংবা ভিটামিন এ বা ই-যুক্ত ফিড খাওয়ানো হয় সেসব মুরগির ডিমে এসব পুষ্টি উপাদান বেশি থাকে। এই বিশেষ ফিডের জন্য দামটাও বেশি পড়ে।

পুষ্টিবিদ তাসনিম হাসিন চৌধুরীর মতে, যেসব মুরগি প্রাকৃতিক উপায়ে পুষ্টিকর খাবার খুঁজে খুঁজে খায়। সেসব মুরগির ডিমে ভিটামিন ই, ভিটামিন এ, ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড, খনিজ উপাদান এবং ফ্যাট বেশি থাকে। অন্যদিকে খামারের মুরগির ডিমে এই ভিটামিন ও খনিজ কিছুটা কম থাকলেও প্রোটিনের পরিমাণ বেশি এবং ফ্যাটের পরিমাণ কম থাকে।

তবে পোল্ট্রি বিশেষজ্ঞ শাকিলা ফারুক বলছেন, গৃহস্থালির মুরগি রোদে বেশি থাকায় এগুলোর ডিমে ভিটামিন-এ ও ডি বেশি থাকে। আবার খামারে ভালো ফিড খাওয়ানো মুরগির ডিমের পুষ্টি অনেক সময় এসব গৃহস্থালি মুরগির ডিমের চাইতেও বেশি হয়। কারণ তাদের নিয়মিত ভালো মানের ফিড দেয়া হয়।

ডিমের কুসুমাবার ডিমের পুষ্টির সাথে ডিমের খোলসের রঙের কোনো যোগ না থাকলেও ডিমের কুসুমের রঙের একটা প্রভাব আছে। পুষ্টিবিদদের মতে, যে ডিমের কুসুমের রং যতো গাঢ় সেই ডিমে ভিটামিন এ, ক্যারোটিন ও খনিজ উপাদানের মাত্রা ততো বেশি। ওই ডিমের স্বাদও বেশি। ডিমের কুসুমের রংও নির্ভর করে মুরগি কী খাচ্ছে তার ওপর। ক্যারোটিনয়েড নামের এক রকম রাসায়নিকের প্রভাবে ডিমের কুসুমের রং গাঢ় হয়। অনেক খামারে কুসুমের রং গাঢ় করতে মুরগিকে ক্যারোটিনয়েড জাতীয় ইঞ্জেকশন দেওয়া হয়। কোথাও আবার লাল ক্যাপসিকাম খাওয়ানো হয়। যেহেতু ডিমের স্বাদ ও পুষ্টিগুণ মুরগির খাদ্যের ওপর নির্ভর করে। তাই যেসব মুরগি সাদা ডিম দেয় এবং যেগুলো লাল ডিম পাড়ে তাদের সবাইকে একই ধরনের খাবার দিলে স্বাদে ও পুষ্টিতে তেমন কোনো পার্থক্য হবে না।

## ডায়াপার পরালে শিশুর যে ক্ষতি হয়



বর্তমান সময়ে শহরে কিংবা গ্রামে দেখা যায় শিশুদের ডায়াপার পরানোর প্রবণতা। কিন্তু এই ডায়াপার পরানোর কারণে শিশুর মারাত্মক ক্ষতি হতে পারে। শিশুদের শরিরের গঠন ও বৃদ্ধির রোধে ব্যাপক ভূমিকা রাখে। তাই ডায়াপার না পরানোর ভালো।

জানা যায়, শিশুকে ডায়াপার পরিয়ে রাখলে সবচেয়ে বেশি সুবিধা হচ্ছে বাবা মায়ের বা শিশুকে যারা দেখাশোনা করেন তাদের। কারণ হঠাৎ শিশু প্রস্রাব বা পায়খানা করলে তাদের গায়ে বা বিছানায় লাগার আশঙ্কা থাকে না। বিশেষ করে রাতের বেলায় শিশুকে ডায়াপার পরিয়ে রাখলে মা বাবা নিশ্চিন্তে ঘুমাতে পারেন। কিন্তু অনেক সময় ডায়াপার লিক করে এতে শিশু দীর্ঘ সময় ভিজে থাকে। আবার পায়খানা করে দীর্ঘ সময় ওই অবস্থায় থাকলে শিশুর শরীরে অ্যালার্জিসহ নানা সমস্যা দেখা দিতে পারে। এ ব্যাপারে শিশু বিশেষজ্ঞরা বলেন, শিশুকে যদি ডায়াপার পরাতেই হয় তাহলে রাতে পরাতে পারেন। তাও ছয় ঘণ্টার জন্য। ছয় ঘণ্টার বেশি সময় শিশুকে ডায়াপার পরিয়ে রাখবেন না। কারন এতে শিশু গঠন প্রক্রিয়া বাধাগ্রস্ত হয়।

বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট এর সহযোগী অধ্যাপক ডা. মাকছুদুর রহমান জানান ডায়াপার পরালে শিশুর শরীরে বিভিন্ন সমস্যা দেখা দিতে পারে। যেমন র্যাশ হতে পারে, অ্যালার্জি হতে পারে এবং শিশুর পায়খানা ও প্রস্রাবের জায়গাতে লাল লাল দাগ দেখা দিতে পারে।

অনেক সময় শিশুকে পরিষ্কার করার জন্য বাবা মায়েরা ভেজা টিস্যু ব্যবহার করেন। এতে শিশুর চর্মরোগ দেখা দিতে পারে।কারণ টিস্যুপেপারগুলোতে কেমিকেল থাকে। এসব টিস্যুপেপার দিয়ে শিশুর প্রস্রাব পায়খানা পরিষ্কার করালে অনেক সময় সঠিকভাবে পরিষ্কারও হয় না। এ কারণে শিশুর শরীরে অ্যালার্জি দেখা দিতে পারে। সব থেকে ভালো উপায় হচ্ছে কুসুম গরম পানি দিয়ে শিশুকে ভালোভাবে পরিষ্কার করে এরপর সুতি নরম কাপড় দিয়ে শিশুর শরীর মুছে দিতে হবে। টিস্যুপেপারের কোয়ালিটি নিয়ে অনেক সময় প্রশ্ন থেকে যায় তাই শিশুকে মোছানোর জন্য এগুলো ব্যবহার না করাই ভালো। আর যদি ব্যবহার করতেই হয় তাহলে ভালো মানের ভালো টিস্যু ব্যবহার নিশ্চিত করতে হবে।

## খাবার বারবার গরম করলে কী হয়?

বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুযায়ী, প্রতিবছর প্রতি ১০ জন মানুষের মাঝে একজন অনিরাপদ খাবার খেয়ে অসুস্থ হয়ে পড়ে। বিশেষ করে, বয়স্ক, গর্ভবতী নারী, পাঁচ বছরের কম বয়সীরা, অপেক্ষাকৃত কম রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন মানুষ এই সমস্যার প্রধান শিকার। খাবার যদি নিরাপদ না হয়, তাহলে তা শরীরের সুস্থতার জন্য হুমকিস্বরূপ হয়ে পড়ে। কারণ খাবারে সামান্য গড়মিল হলেই সেখান থেকে পেটের পীড়াসহ নানাবিধ সমস্যা দেখা দিতে পারে। বিভিন্ন সময়ে বাংলাদেশে খাদ্যের কারণে সৃষ্ট গণ্ডগোলের পর নানা ধরনের আলাপ-আলোচনা ওঠে। জনগণও নিরাপদ খাদ্য কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট দপ্তরের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলে।

তবে বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য বলছে, পরিবার চাইলেই যথাযথভাবে খাবার সংরক্ষণ করার মাধ্যমে খাদ্য থেকে সৃষ্টি রোগবালাইকে প্রতিরোধ করতে পারে। সেক্ষেত্রে কয়েকটি বিষয় মেনে চলা উচিৎ।

আরো পড়তে পারেন:

নিরাপদ খাবারের প্রথম ধাপ 'আমাদের ঘর'

বিশেষজ্ঞরা বলছেন, নিরাপদ খাবারের ব্যাপারে সর্বপ্রথম সচেতনতা শুরু হওয়া উচিৎ নিজেদের ঘর থেকে।

কারণ রান্না করা বা কাঁচা খাবার কীভাবে সংরক্ষণ করতে হয়, খাবারের বিষক্রিয়া এড়াতে করণীয় কী, একই খাবার বারবার রান্না করলে খাবারের গুণমান নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে কি না; এরকম আরও নানা বিষয়ে যদি মানুষ শুরু থেকেই সচেতন থাকে, তাহলে অনাকাঙ্ক্ষিত বিপদ এড়ানো সম্ভব।

খাবার নিরাপদ রাখতে যেসব পরামর্শ দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা, তার মধ্যে রয়েছে পরিচ্ছন্নতা বজায় রাখা, কাঁচা ও রান্না করা খাবার আলাদা রাখা, খাবার ভালোভাবে রান্না করা, খাবারকে নির্দিষ্ট তাপমাত্রায় রাখা এবং রান্নার সময় নিরাপদ পানি ও নিরাপদ কাঁচামাল ব্যবহার করা।

রান্না করার সময় যেভাবে সতর্কতা মানতে হবে

রান্না করার সময় নিজের এবং খাদ্যদ্রব্যের পরিচ্ছন্নতা বজায় রাখা অন্যতম মৌলিক শর্ত। কিন্তু এর বাইরেও কাঁচা খাবার ও রান্না করা খাবারের ক্ষেত্রে বাড়তি সতর্কতা মেনে চলা প্রয়োজন।

উদাহরণস্বরূপ, কাঁচা মাংস, সি ফুড, এমনকি ডিম থেকে শুরু করে রেডি-টু-ইট (যা এখনই খাওয়া যাবে) খাবারে ক্ষতিকর ব্যাকটেরিয়া ছড়িয়ে পড়তে পারে। সেজন্য, যে বোর্ডের ওপর রেখে কাঁচা মাংস কাটা হয়, সেটি যথাযথভাবে না ধুয়ে তাতে ফলমূল বা শাকসবজির মতো খাবার কাটা-কুটি করা উচিৎ না।

এছাড়া, মাংস, পোল্ট্রি, ডিম ও সি ফুড রান্না করার সময় একটি বিষয় বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে যে তা যেন অন্তত ৭০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় রান্না করা হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, খাবার সংরক্ষণের বেলায় তাপমাত্রা পাঁচ ডিগ্রি সেলসিয়াসের নিচে থাকলে ও ৬০ ডিগ্রি সেলসিয়াসের উপরে গেলে খাবারে ব্যাকটেরিয়া জন্ম নেয় না। খাবার বারবার গরম করলে কী হয় তাপমাত্রার বিষয়ে ডব্লিউএইচও'র সুনির্দিষ্ট নীতিমালা থাকলেও অনেক সাধারণ মানুষ তা জানেন না। সেজন্যই অনেকেই আছে, যারা ফ্রিজে সংরক্ষিত খাবারকে বাইরে নামিয়ে বারবার গরম করেন। এ বিষয়ে ল্যাবএইড হাসপাতালের পুষ্টিবিদ সামিয়া তাসনিম জানান, "খাবার বারবার গরম করলে প্রথমত খাবারের পুষ্টিগুণ নষ্ট হয়। দ্বিতীয়ত, এতে খাবারে ব্যাক্টেরিয়ার পরিমাণ বাড়িয়ে তোলে।"

এটি পেটের জন্য বেশ ক্ষতিকর এবং এটি থেকে থেকে ডায়রিয়া বা বদহজম দেখা দেয়।

"আবার, খাবারে বিদ্যমান বিভিন্ন উপাদান দ্বিতীয়বার গরম করলে রাসায়নিক বিক্রিয়ার ফলে বিষাক্ত উপাদান তৈরি হতে পারে, যা পরবর্তীতে ক্যানসারের ঝুঁকি বাড়িয়ে দেয়," তিনি বলেন।

ফ্রিজে কীভাবে খাবার রাখতে হবে?

ফ্রিজের সহজলভ্যতার কারণে ফ্রিজে খাবার রাখাটা আমাদের নিত্যকার অভ্যাসে পরিণত হয়েছে। কিন্তু পুষ্টিবিদরা বলেন, ফ্রিজে বেশিদিন খাবার সংরক্ষণ করা উচিৎ না। ফ্রিজে দীর্ঘদিন খাবার রেখে দিলে খাবারের রং পরিবর্তন হয়ে যায়, স্বাদ গন্ধযুক্ত হয় ও পুষ্টিগুণ নষ্ট হয়; যা স্বাস্থ্যের জন্য ভালো না।

তবে যেগুলো পচনশীল খাবার, সেগুলোকে দুই ঘণ্টার মাঝে ফ্রিজে রাখতে হবে এবং নির্দিষ্ট তাপমাত্রায় সংরক্ষণ করতে হবে। তবে সেই খাবারকে খুব বেশিদিন ফ্রিজে রেখে দেওয়া যাবে না।

এক্ষেত্রে মিজ তাসনিমের পরামর্শ, গরমের সময় খাবার সঠিকভাবে ফ্রিজে সংরক্ষণ করতে হবে এবং বাসি খাবার একদমই খাওয়া যাবে না।

তবে ফ্রিজে খাবার রাখে মানেই যে তা 'নিরাপদ', এমন না। বছরের এই সময়ে বারবার লোডশেডিং হয়, তাই ফ্রিজের খাবারেও ব্যাকটেরিয়া জন্ম নিতে পারে।

তিনি বলেন, "ফ্রিজের টেম্পারেচার ঠিকঠাক রাখতে হবে এবং খাবার বাইরে ফেলে রাখা যাবে না। তবে বড়জোর দুইদিন ফ্রিজে খাবার রেখে তা খেতে পারি আমরা। তারপর আবার নতুন করে রাঁধতে হবে।"

এদিকে ফ্রিজ থেকে বের করা খাবার সঙ্গে সঙ্গে খাওয়া যাবে না। ফ্রিজ থেকে খাবার বের করার পর তা কিছুক্ষণ স্বাভাবিক তাপে রেখে দিয়ে গরম করতে হবে। আবার খাবার গরম করার পরও তা সঙ্গে সঙ্গে না খেয়ে স্বাভাবিক তাপমাত্রা রেখে কিছুক্ষণ অপেক্ষা করতে হবে।

খাবার থেকে বিষক্রিয়া

আমাদের অনেকেই আছেন, যারা পলিথিন বা প্লাস্টিকের মোড়কে খাবার আনি। কিন্তু পলিথিন বা প্লাস্টিকের মোড়কে গরম খাবার নেওয়া শরীরের জন্য ভালো কোনও বিষয় না।

কারণ, "প্লাস্টিক বা পলিথিনে গরম পানি বা গরম খাবার ঢালার সঙ্গে সঙ্গে রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে সেখানে বিসফেলন-এ তৈরি হয় এবং এটি থাইরয়েড হরমনকে বাধা দেয়।"

বিসফেনল-এ একটি সাধারণ রাসায়নিক পদার্থ, যা সাধারণত প্লাস্টিকের পাত্রে তৈরিতে ব্যবহৃত হয়। বিশেষজ্ঞরা বলেন যে এটি মানুষের শরীরে নানা রকম নেতিবাচক প্রভাব ফেলে।

"বিসফেনল-এ থাইরয়েড হরমনকে বাধা দেয়। এর কারণে মস্তিষ্কের গঠনও বাধাপ্রাপ্ত হয়। গর্ভবতী নারীদের রক্ত থেকে বিসফেনল-এ ভ্রুণে যায়। ফলে ভ্রুণ নষ্ট হতে পারে এবং বন্ধ্যাত্ব দেখা দিতে পারে। এছাড়াও, শিশুও বিকলাঙ্গ হতে পারে," বলেন মিজ তাসনিম। এইসব বিবেচনায় গরম খাবার পলিথিন বা প্লাস্টিকে না নেওয়া উত্তম। বাজার থেকে বিভিন্ন কাঁচা খাবার কিনে নেওয়ার ক্ষত্রে পলিথিন বা প্লাস্টিকের ব্যাগ ব্যবহার করা যায়। সেজন্য, প্লাস্টিকের বোতলে গরম পানি না খাওয়ার পরামর্শও দেওয়া হয়।

পরিবারে খাদ্য নিরাপত্তার সুবিধা

বাসাবাড়িতে খাবারের নিরাপত্তার বিষয়টি মেনে চলা হলে কী কী সুবিধা হতে পারে, সে সম্বন্ধে কয়েকটি বিষয় চিহ্নিত করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। যথা

পরিবারের শিশুদের বেড়ে ওঠা ও বিকাশে উন্নতি

খাবার যদি নিরাপদ হয়, তাহলে তা শিশুদের স্কুলে উপস্থিতি ও পরিণত বয়সে কর্মক্ষেত্রে মানুষের উৎপাদনশীলতা বাড়ায়

খাদ্য নিরাপদ হলে ডাক্তারের কাছে যাওয়ার খরচও বেঁচে যাবে

নিরাপদ খাবার কর্মক্ষেত্রে উপস্থিতি ও উপার্জন ক্ষমতা বাড়ায়

নিরাপদ খাবার দীর্ঘমেয়াদে শরীরের উন্নতির ক্ষেত্রে ভূমিকা রাখে

বাংলাদেশে নিরাপদ খাবার নিশ্চিত করার উপায় কী

এখন ঘরের খাবারের নিরাপত্তার বিষয়টি তো গেল, কিন্তু বাইরের খাবারের বেলায় কী হবে? ক্রেতারা কীভাবে বুঝবেন যে কোন খাওয়া খাবার তাদের জন্য নিরাপদ, কোনটি অনিরাপদ?

বাংলাদেশে যে কোনো খাদ্যের নিরাপত্তার বিষয়টি দেখভালের দায়িত্ব নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের। ২০১৩ সালে সরকার নিরাপদ খাদ্য আইন পাশ করে।

এরপর ২০১৫ সালে খাদ্য মন্ত্রণালয়ের অধীনে গঠিত হয় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। কিন্তু সংস্থাটি পুরোদমে কাজ শুরু করতে পেরেছে ২০২০ সাল থেকে।

গত বছরের মার্চে খাদ্য নিরাপত্তা বিষয়ক এক প্রতিবেদন তৈরির সময়ে বিবিসিকে সংস্থাটির খাদ্যভোগ ও ভোক্তা অধিকার বিভাগের সদস্য মো. রেজাউল করিম বলেছিলেন, "আমাদের খুবই সীমিত লোকবল নিয়ে আমরা সারা বাংলাদেশে কাজ করার চেষ্টা করে চলেছি। প্রতিটি জেলায় আমাদের মাত্র একজন করে কর্মকর্তা রয়েছেন। তাকেই পুরো ফুড চেইনটা দেখতে হয়।"

এই কর্মকর্তা বলছিলেন, উৎপাদন থেকে শুরু করে ভোগ পর্যন্ত বিভিন্ন পর্যায়ে খাদ্য অনিরাপদ হতে পারে। আর এক্ষেত্রে তারা কয়েকটি বিষয় চিহ্নিত করে থাকেন।

আর এসব ব্যাপারে সবাইকে সচেতন করাই নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কাজ বলছেন মি. রেজাউল।

তবে শুধু ভোক্তারা সচেতন হলেই খাদ্যে নিরাপত্তা নিশ্চিত হবে না, বরং এ বিষয়ে সরকারের আরও জোরালো ভূমিকা নেয়া দরকার বলে মনে করেন অনেক বিশ্লেষক। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইন্সটিটিউটের অধ্যাপক ড় নাজমা শাহীন বলছিলেন, 'সচেতনতা তৈরী হলেই কি মানুষ বুঝবে যে এই খাবার নিরাপদ না নিরাপদ নয়? সরকারের যে সমস্ত সংস্থা যারা বিভিন্ন অনুমতি দিয়ে থাকে, তাদেরকে ঠিকমত কাজ করতে হবে।" তবে যদি কোনও ক্রেতার কোনও খাবারকে অনিরাপদ মনে হয়, তবে তারা বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অফিসে সরাসরি এসে কিংবা ইমেইলে অভিযোগ জানাতে পারে। তাছাড়া, সংস্থাটির ওয়েবসাইটে দেয়া বিভিন্ন জেলার কর্মকর্তাদের ফোনেও অভিযোগ জানাতে পারবে তারা।

সাধারণত খাবারের অভিযোগ গ্রহণ করে থাকে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর। তবে খাদ্যে নিরাপত্তার ক্ষেত্রে আইনি বাধার কথাও বলছেন মি. রেজাউল করিম।

"বাংলাদেশে খাদ্য ব্যবসা করতে এখনো পর্যন্ত কোনও লাইসেন্স বা রেজিস্ট্রেশন সিস্টেম নেই। আমরা সেটা আইন সংশোধনের মাধ্যমে আইনের আওতায় আনার চেষ্টা করে যাচ্ছি," তিনি বলেছিলেন।

## খাওয়ার পরও কেনো ক্ষুধা লাগে?



অনেক মানুষকে বলা শোনা যায়, মাত্র খেলা আবার ক্ষুধা লাগছে। আসলে ভরপেট খাওয়া হলেও কিছুক্ষণ পর ফের খিদে লাগছে। এর পেছনে কোনো কারণ আছে নাকি। অনেকেই বলছেন, এ অনুভূতির কথা।' তবে বিশেষজ্ঞরা কিছু কারণের কথা বলছেন ক্ষুধা বাড়ার। খাদ্য কিছুক্ষণ পরেই ফের খেতে ইচ্ছা করা বা বেশি বেশি খাওয়ার পরেও আরও খেতে ইচ্ছা করা বেশি খিদে লাগার প্রধান লক্ষণ। যাদের খাবার খাবার পরও ক্ষুধা লাগে তারা জেনে নিন আসল কারণ...

বার বার খিদে লাগার পাঁচ কারণ জেনে নিন- কার্বোহাইড্রেট : রাতে কার্বোহাইড্রেটযুক্ত খাদ্য খেলে কিছুক্ষণ পর ফের ক্ষুধা লাগতে পারে। যখন আমরা একসাথে বহু বেশি কার্বোহাইড্রেট খাই, তখন চিনির মতই তা খুব দ্রুত শরীর শুষে নেয়। রিফাইন্ড কার্বোহাইড্রেট বাদ দিয়ে পরিমিত আন-রিফাইন্ড কার্বোহাইড্রেট যেমন মিষ্টি আলু, বাদামি চাল, মাছ বা মুরগি, ব্রকলি কিংবা অন্যান্য সবজি খান।

ঘুম : ক্ষুধা বাড়াতে ঘুম অনেকটা প্রভাব ফেলে। কম ঘুম গ্রেলিন হরমোনের মাত্রা বাড়িয়ে দেয়, যা ক্ষুধার উদ্দীপক। যার ফলে কম ঘুম ওজনও বাড়িয়ে দিতে পারে। ভাল ঘুমের জন্য ম্যাগনেশিয়াম অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি উপাদান। এটি পেশি রিল্যাক্স করে। সবুজ শাক, বাদাম, বীজ, মাছ, কলা ও চকোলেটে প্রচুর ম্যাগনেসিয়াম রয়েছে। তৃষ্ণা : বহু সময় তৃষ্ণাকে আমরা ক্ষুধার সাথে মিলিয়ে ফেলি। মাঝে মাঝে আমরা ক্ষুধার্ত বোধ করি কিন্তু ওই সময়ে শরীরে হয়তো প্রয়োজন এক থেকে দুই গ্লাস পানি। কিন্তু, ভরপেট খাদ্য খেয়ে ফেলি। মেনস্টুয়াল সাইকেল : মেডিকেল পরীক্ষায় দেখা গেছে, নারীদের ক্ষুধা ও খাদ্যগ্রহণের মাত্রা বেড়েযায়, তাদের মাসিক চক্রের দ্বিতীয়ার্ধে। ব্লাড সুগার লেভেল ঠিক রাখতে ও ক্ষুধা নিবারণে প্রোটিনযুক্ত খাবার যেমন মাছ, ডিম, ডাল, বাদাম ও বিভিন্ন প্রকার বীজ খান।

গর্ভকাল : গর্ভকালে ক্ষুধা বাড়ে, সাথে বাড়ে ক্যালরির চাহিদাও। এটা অস্বাভাবিক কিছু নয়। তবে, এ সময় স্বাস্থ্যকর খাদ্যের দিকে নজর রাখতে হবে। এ সময় রিফাইন্ড ও চিনিসমৃদ্ধ খাদ্য ত্যাগ করতে হবে।

## মাছের কাঁটা দিয়ে চচ্চড়ি

চিতল মাছের নাম শুনলেই চোখের সামনে মুইঠ্যার ছবি ভেসে ওঠে। ওপার বাংলার বিখ্যাত পদ হলেও এপারেও এই পদের বেশ কদর রয়েছে। কিন্তু মুইঠ্যা বানাতে গেলে তো প্রথমেই মাছ থেকে কাঁটা আলাদা করে নিতে হয়। সেই কাঁটার গায়ে বেশ খানিকটা মাছও লেগে থাকে। সেগুলি ফেলে না দিয়ে বানিয়ে ফেলতে পারেন কাঁটা চচ্চড়ি। এপারের খাদ্যরসিকেরা কাঁটা চচ্চড়িতে সাধারণত ভেটকি মাছের কাঁটাই ব্যবহার করেন। তবে, রান্না নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে ভালবাসেন তাঁরা ভেটকির বদলে চিতলের কাঁটা দিয়ে চচ্চড়ি রান্না করতেই পারেন। কী ভাবে রাঁধবেন? রইল প্রণালী। উপকরণ: ১ কাপ মাছ-সহ চিতলের কাঁটা৪ কাপ পুঁইশাক, ২টি আলু, ১টি বেগুন, ২ কাপ কুমড়ো, ১টি পেঁয়াজ, ১ চা চামচ রসুন বাটা, ১ চা চামচ আদা বাটা, ১ কাপ বরবটি, ১ কাপ টম্যাটো কুচি আধ চা চামচ পাঁচফোড়ন, ২-৩টি কাঁচালঙ্কা, ১টি শুকনো লঙ্কা,১টি তেজপাতা, পরিমাণ মতো নুন, পরিমাণ মতো চিনি, ৪ টেবিল চামচ সর্ষের তেল, আধ চা চামচ হলুদ গুঁড়ো, আধ চা চামচ জিরে গুঁড়ো, আধ চা চামচ ধনে গুঁড়ো, আধ চা চামচ কাশ্মীরি লঙ্কা গুঁড়ো, এক মুঠো ধনেপাতা প্রণালী: প্রথমে চিতল মাছের কাঁটা ভাল করে ধুয়ে নুন, হলুদ মাখিয়ে রাখতে হবে। সজি কেটে, ধুয়ে নুন-হলুদ মাখিয়ে রাখতে পারলে ভাল হয়। কড়াইতে তেল গরম হলে একে একে সব সজি ভেজে তুলে রাখুন। ওই তেলের মধ্যেই পাঁচফোড়ন, শুকনো লঙ্কা এবং তেজপাতা দিয়ে দিন। এ বার পেঁয়াজ কুচি দিয়ে নাড়তে থাকুন। কিছু ক্ষণ পর আদা-রসুন বাটা দিয়ে দিন। ভাল করে কষিয়ে তার মধ্যে দিয়ে দিন টম্যাটো এবং কাঁচালঙ্কা। এই সময়ে সামান্য নুন দিতে পারেন। এ বার হলুদ, ধনে, জিরে, লঙ্কা গুঁড়ো দিয়ে দিন। সব মশলা ভাল করে কষাতে থাকুন। মশলা থেকে তেল ছাড়তে শুরু করলে ভেজে রাখা মাছের কাঁটাগুলি দিয়ে দিন। তা হলে আঁশটে গন্ধটা চলে যাবে। এ বার একে একে সজি, শাক দিয়ে ভাল করে কষাতে থাকুন। নুন, চিনি দিয়ে দিন। প্রয়োজনে অল্প জল দিতে পারেন। তবে কষানোর মাঝে কড়াই ঢাকা দিয়ে রান্না করলে জল বেশি লাগে না।

## মনচলি চক্রবর্তী'র দুটি কবিতা

### রঙিন স্বপ্ন

জীবনটা শুধু সাদা আর কালোর মেলা
রঙিন স্বপ্ন থেকে নিয়েছি সাত রঙের ভেলা
সব রঙ নিয়ে জীবন টাকে সাজিয়েছি
মনে মনে কত সুন্দর ছবি এঁকেছি
জীবন যুদ্ধে যেমন থাকে সুখ দুঃখ পাশে পাশে
তেমনি সাদা কালোয় সব রঙ গুলো থাকে মিলে মিশে আমায় ঘিরে
থাকে এমন ভাবে রঙ গুলো
যেন সাজানো নতুন জীবনের অনুভূতির গুচ্ছো।

### বর্ষণ মনোহরা

আকাশ জুড়ে কালো মেঘের ঘনঘটা
দূরন্ত হাওয়ার সঙ্গে এলো বৃষ্টির ছটা।
সারাদিন শুধু মেঘেদের গুরুগুরু
ধরনীর বুকে ভরা বর্ষণের হল শুরু।
টিপ টিপ টুপটুপ বৃষ্টি উঠোন জুড়ে
সুখের স্মৃতি গুলো শুধু হৃদয়ে ঘুরে।
মনের মাঝে বৃষ্টি ঝিরিঝিরি
হাওয়ায় নাচছে আজ মঞ্জরি।
মনের সব দুঃখ কষ্ট আজ ধুয়ে গেলো
প্রকৃতি ও নতুন এক রূপে সেজে উঠলো।
মনের বদ্ধ সব দুয়ার দিয়েদিলাম খুলে
সুখের স্মৃতি গুলো আসুক আজ পাখা মেলে।
সবুজ গাছ ফুল ফল পাতা দৃশ্য প্রকৃতির মনোহরা
বিষন্ন হৃদয় মনপ্রাণ আর জীবকুল আনন্দে মাতোয়ারা।

# বাদুড়িয়ায় সোয়াইন ফ্লু আতঙ্ক! আক্রান্ত ৩, গ্রামে জ্বরে কাবু ৫০, সচেতনতায় মেডিকেল টিম

উত্তর ২৪ পরগনার, ১৮ জুলাই (হি.স.): উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমায় সোয়াইন ফ্লু আক্রান্তের খবর পাওয়া গেছে। বাদুড়িয়া ব্লকের জগন্নাথপুর গ্রাম পঞ্চায়েতের শ্রীরামপুর গ্রামে তিনজনের শরীরে সোয়াইন ফ্লু শনাক্ত হয়েছে। এদের মধ্যে আছেন বছর ১৮-এর কলেজ ছাত্রী বৃষ্টি গাইন, বছর ১৯-এর গৃহবধূ পুষ্পিতা মন্ডল, এবং বছর ২৯-এর যুবক সত্যজিৎ মন্ডল। তাদের মধ্যে প্রচন্ড কাশি, মাথাব্যথা, বমি, গায়ে দুর্বল ভাব এবং শরীরে উচ্চ তাপমাত্রার উপসর্গ দেখা দিয়েছে। সোয়াইন ফ্লুর এই সংক্রমণের পর, শ্রীরামপুর গ্রামে মেডিকেল টিম মোতায়েন করা হয়েছে। বসিরহাট স্বাস্থ্য জেলার পক্ষ থেকে স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে আক্রান্তদের ঘর থেকে বেরোতে নিষেধ করছেন এবং তাদের স্বাস্থ্যের প্রতি নজর রাখছেন। প্রতিদিন স্বাস্থ্যকর্মীরা রোগীদের স্বাস্থ্য পরীক্ষা, ওষুধ বিতরণ, এবং রক্তের নমুনা সংগ্রহ করছেন। আক্রান্তদের বাইরে বেরোনো নিষিদ্ধ এবং তাদের মাস্ক পড়তে বলা হয়েছে। আশঙ্কা করা হচ্ছে যে, চলতি মাসের ৮ জুলাই একটি ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণের পরই এই জ্বরের উপসর্গ শুরু হয়। শ্রীরামপুর গ্রামে প্রায় ৫০ জন জ্বরে আক্রান্ত হওয়ায় এলাকায় উদ্বেগের সঞ্চার হয়েছে।

বসিরহাট স্বাস্থ্য জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক অনুপম ভট্টাচার্য জানিয়েছেন যে, এলাকায় বিশেষ স্বাস্থ্য শিবির চালু করা হয়েছে এবং আক্রান্তদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও পর্যাপ্ত চিকিৎসা দেওয়া হচ্ছে। ১৬ জুলাই থেকে ২৮ জুলাই পর্যন্ত বিশেষ স্বাস্থ্য শিবির চলবে, যেখানে আক্রান্তদের পর্যবেক্ষণে রাখা হচ্ছে এবং পর্যাপ্ত ওষুধ সরবরাহ করা হচ্ছে।

স্বাস্থ্য বিভাগের এই তৎপরতা গ্রামবাসীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করছে এবং রোগের বিস্তার রোধে কার্যকর ভূমিকা রাখছে। জনসাধারণকে অনুরোধ করা হচ্ছে যে, তারা যেনো স্বাস্থ্য বিধি মেনে চলেন এবং যেকোনো স্বাস্থ্যগত সমস্যা হলে দ্রুত স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করেন।

# পুরুলিয়ায় পৃথক তিনটি পথ দুর্ঘটনা, আহত কমপক্ষে ৭ জন

পুরুলিয়া, ১৮ জুলাই (হি.স.): পুরুলিয়ার রঘুনাথপুর মহকুমা এলাকায় বুধবার রাত থেকে বৃহস্পতিবার সকাল পর্যন্ত তিনটি পৃথক পথ দুর্ঘটনায় আহত মোট সাতজন। জানা গিয়েছে, বৃহস্পতিবার সকালে রঘুনাথপুর-বরাকর রাজ্য সড়ক ধরে আসানসোল থেকে চার চাকার গাড়ি করে বাড়ি ফেরার পথে দুর্ঘটনার কবলে পড়েন চার বন্ধু। রঘুনাথপুরমুখী ওই গাড়িটি নিতুড়িয়া থানার কুঠিবাড়ির কাছে একটি বাসকে ওভারটেক করতে যায়। সেই সময় ওই চারচাকা গাড়ির সামনে একটি ডাম্পার চলে আসে।

ডাম্পার এবং চার চাকার মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনায় গাড়িতে থাকা ৪ বন্ধু গুরুতর আহত হয়। বর্তমানে তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্যদিকে বুধবার রাতে সাঁতুড়ি থানা এলাকায় অজ্ঞাত পরিচয় গাড়ি একটি স্কুটিকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। ঘটনায় স্কুটি চালক গুরুতর আহত হয়েছেন। বর্তমানে রঘুনাথপুর সুপার স্পেশালিটি হাসপাতালে তাঁর চিকিৎসা চলছে। পাশাপাশি ওই রাতেই রঘুনাথপুর-বাঁকুড়া রাজ্য সড়ক ধরে যাওয়ার সময় রঘুনাথপুর থানার মধুতটি মোড়ের কাছে একটি সাইকেল আরোহীকে পাশ কাটাতে গিয়ে একটি চার চাকা গাড়ি উল্টে যায়। ঘটনায় গাড়িতে থাকা দুই ব্যক্তি আহত হয়েছেন।

## মালদায় লরি ও ডাম্পারের সংঘর্ষে দুর্ঘটনা, মৃত্যু খালাসির

মালদা, ১৮ জুলাই (হি.স.): মালদার চাঁচলে লরি ও ডাম্পারের সংঘর্ষে মৃত্যু হল লরির খালাসির। বৃহস্পতিবার ভোররাত ৩টে নাগাদ মালদার চাঁচলের জিয়াগাছিতে ৩১ নম্বর বাইপাস সড়কে দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনার জেরে লরির ভিতরেই আটকে ছিলেন চালক। তাঁকে বৃহস্পতিবার সকালে আর্থমুভার দিয়ে উদ্ধার করেন দমকল কর্মীরা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত খালাসির নাম সোহেল শেখ। তাঁর বাড়ি ফারাক্কায়। ঘটনার তদন্ত শুরু করেছে চাঁচল থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, বৃহস্পতিবার ভোররাতে চাঁচলের জিয়াগাছিতে ৩১ নম্বর বাইপাস সড়কে লরি ও ডাম্পারের সংঘর্ষ হয়। সংঘর্ষের জেরে খালাসির মৃত্যু হয় এবং সকালে চালককে উদ্ধার করা হয়েছে। চালককে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## পূর্ব বর্ধমানের মন্তেশ্বরে সুপার মার্কেটে ব্যবসায়ীর আত্মহত্যা, ছড়ালো চাঞ্চল্য

পূর্ব বর্ধমান, ১৮ জুলাই (হি.স.):- বৃহস্পতিবার পূর্ব বর্ধমানের মন্তেশ্বর বাজার এলাকায় এক ব্যবসায়ীর আত্মহত্যার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। সুপার মার্কেটের ভিতরে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছেন স্থানীয় ব্যবসায়ী বাপটু কুন্ডু। সকালবেলায় বাড়ি থেকে নিজের ব্যবসায়িক প্রতিষ্ঠান খুলতে এসে এই মর্মান্তিক ঘটনা ঘটে। পুলিশ ইতিমধ্যেই ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে মন্তেশ্বর থানায় নিয়ে গেছে। আত্মহত্যার কারণ এখনও স্পষ্ট নয়, এবং বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। পরিবার ও স্থানীয়রা শোকাহত অবস্থায় আছেন এবং ব্যবসায়ীর অকাল মৃত্যুর ঘটনায় এলাকা জুড়ে শোকের ছায়া নেমে এসেছে। আত্মহত্যার প্রকৃত কারণ খুঁজে বের করতে পুলিশ সক্রিয়ভাবে কাজ করছে। স্থানীয়রা পুলিশকে সবরকম সহযোগিতা করছে যাতে এই ঘটনার নেপথ্যের কারণ দ্রুত উদ্ঘাটন করা যায়।

## ২৪ ঘণ্টা সময় বেঁধে দিল পুলিশ, ময়নাগুড়িতে বুলডোজার দিয়ে ভাঙা হবে দোকান

জলপাইগুড়ি, ১৮ জুলাই (হি. স.) : এবার অবৈধ ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযানে নামল জলপাইগুড়ির ময়নাগুড়ি থানা ও পুরসভা। রাস্তা দখল করে বসা ব্যবসায়ীদের দোকান সরাতে সময় দেওয়া হল মাত্র ২৪ ঘণ্টা। নিজেরা দোকান সরিয়ে না নিলে বুলডোজার দিয়ে ভেঙে ফেলা হবে বলেও প্রশাসনের তরফে জানানো হয়েছে। ময়নাগুড়ির নতুন বাজার এলাকার হাসপাতাল পাড়া মোড়ে একাধিক অবৈধ দোকান গজিয়ে উঠেছে। সেই ব্যবসায়ীদেরকেই দোকান সরিয়ে ফেলতে বলা হয়েছে। ফলে অনেক ব্যবসায়ী চিন্তার মধ্যে পড়েছেন। তাঁদের প্রশ্ন 'আমরা কোথায় যাব?' প্রশাসনের পক্ষ থেকে অবশ্য জানানো হয়েছে, যেভাবে দোকানগুলি রয়েছে তাতে এই গুরুত্বপূর্ণ রাস্তায় যে কোনও সময় দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। সে কারণে এদেরকে সরতেই হবে। এছাড়াও দোকানগুলি আদতে অবৈধভাবে গড়ে উঠেছে।

## ফুটপাত দখলমুক্ত করতে অভিযান গঙ্গারামপুর পুরসভার

গঙ্গারামপুর, ১৮ জুলাই (হি.স.): ফুটপাত দখলমুক্ত করতে অভিযান চালাল দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুর পুরসভা। বুলডোজার চালিয়ে অবৈধভাবে নির্মাণ হওয়া দোকান ভেঙে দেওয়া হয়। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে গঙ্গারামপুরে। বৃহস্পতিবার পুরপ্রধান প্রশান্ত মিত্রের নেতৃত্বে ফুটপাত দখলমুক্তের অভিযান শুরু হয়। দোকান সরিয়ে নেওয়ার পাশাপাশি বুলডোজার চালিয়ে ভেঙে দেওয়া হয় অবৈধ নির্মাণ। প্রসঙ্গত, রাজ্যজুড়ে ফুটপাত দখলমুক্ত করার নির্দেশ দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই নির্দেশ অনুযায়ী বিভিন্ন শহরে ফুটপাত দখলমুক্ত করার কাজ শুরু হলেও বাকি ছিল গঙ্গারামপুর পুরসভা। তাই গঙ্গারামপুর পুরসভার তরফেও মাইকিং করে ১৫ জুলাইয়ের মধ্যে ফুটপাত দখলমুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছিল। অনেকে রাজ্য ও জাতীয় সড়কের ধার থেকে দোকান সরিয়ে নিয়েছেন। কিন্তু অবৈধভাবে ফুটপাত দখল করে যে দোকানগুলো গড়ে উঠেছে, সেগুলো থেকেই যায়। এদিন সেই নির্মাণগুলো ভেঙে ফেলা হয়। এদিন অভিযান শুরুর আগে শহরে বিদ্যুৎ বিচ্ছিন্ন করে দেওয়া হয়। পাশাপাশি কোনওরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে গঙ্গারামপুর থানার আইসি শান্তনু মিত্র সহ বিশাল পুলিশবাহিনী মোতায়ন করা হয়েছিল।

## বন্দুক উঁচিয়ে হুমকি! হেফাজতে 'বিতর্কিত' আমলা পূজা খেড়করের মা

পুণে, ১৮ জুলাই (হি. স.) : গ্রেফতার শিক্ষানবীশ আইএএস পূজা খেড়করের মা মনোরমা। বন্দুক উঁচিয়ে এক কৃষককে ভয় দেখানোর অভিযোগ রয়েছে মনোরমার বিরুদ্ধে। বৃহস্পতিবার তাঁকে গ্রেফতার করে পুলিশ।

জানা গেছে, শিক্ষানবীশ আইএএস পূজা খেড়করের মা মনোরমা খেড়করকে বেআইনি বন্দুক রাখার অভিযোগে এদিন পুণে পুলিশ গ্রেফতার করেছে। সম্প্রতি অনলাইনে একটি ভিডিও ভাইরাল হয়, যাতে পুণের এক গ্রামে স্থানীয় কৃষকদের পিস্তল উঁচিয়ে হুমকি দিতে দেখা যায় মনোরমাকে। এই সংক্রান্ত ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। প্রসঙ্গত, মনোরমার কন্যা শিক্ষানবীশ আইএএস পূজা খেড়কর ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন পরীক্ষায় নির্বাচিত হওয়ার জন্য জালিয়াতি করেছেন বলে অভিযোগ। তিনি নিজেকে শারীরিক প্রতিবন্ধী এবং অনগ্রসর শ্রেণি বলে উল্লেখ করেছিলেন। অভিযোগ, আদতে তিনি তা নন। পূজার বিরুদ্ধে সুযোগ-সুবিধা অপব্যবহারের অভিযোগও রয়েছে।

## টোটো নাকি পণ্যের গাড়ি, বোঝা দায়! ময়নাগুড়িতে আটক করল পুলিশ

ময়নাগুড়ি, ১৮ জুলাই (হি.স.): টোটো, অথচ দেখে বোঝা দায়! টোটোর ওপর অতিরিক্ত পণ্য নিয়ে গন্তব্যের উদ্দেশ্যে যাচ্ছিলেন চালক, পুলিশ দেখা মাত্রই আটক করল। জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ির ঘটনা। টোটোতে অতিরিক্তি সামগ্রী নেওয়ার অভিযোগে বৃহস্পতিবার জলপাইগুড়ির ময়নাগুড়ি থানার পক্ষ থেকে আটক করা হল একাধিক টোটো। বৃহস্পতিবার ময়নাগুড়ি শহর এলাকায় বেশ কিছু টোটো অতিরিক্ত পরিমাণে পণ্য নিয়ে গন্তব্যের দিকে রওনা দিয়েছিল। বিষয়টি পুলিশের নজরে আসতেই আটক করা হয় টোটোগুলিকে। সতর্ক করে দেওয়া হয় টোটোর চালকদের, ভবিষ্যতে এমন দৃশ্য নজরে এলে কড়া ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে পুলিশ।

## মুর্শিদাবাদে দু''টি বাইকের সংঘর্ষ, মৃত্যু ৩ জনের

মুর্শিদাবাদ, ১৮ জুলাই (হি.স.): মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে দু''টি বাইকের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল ৩ জনের। আহতের সংখ্যা একাধিক। পুলিশ জানিয়েছে, মৃতরা হলেন সন্দীপ মন্ডল (২৪), শুভ মণ্ডল (২২) ও ভাদু মন্ডল (২১)। তাঁদের সকলেরই বাড়ি রঘুনাথগঞ্জ থানা এলাকায়। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জঙ্গিপুর মহকুমা হাসপাতাল মর্গে পাঠিয়েছে। জানা গিয়েছে, বৃহস্পতিবার সকালে শুভ মন্ডল বাইকে করে তাঁর স্ত্রীকে মির্জাপুর স্কুলে দিতে যাচ্ছিলেন। এই সময় বিপরীত দিক থেকে আসা একটি বাইকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। উল্টো দিক থেকে আসা বাইকে তিন বন্ধু মির্জাপুরের দিক থেকে রঘুনাথগঞ্জের দিকে যাচ্ছিলেন। দুর্ঘটনায় আহতদের মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

## ঢাকার মতিঝিলে পুলিশ-শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া

ঢাকা, ১৮ জুলাই (হি.স.) : রাজধানীর মতিঝিলে নটর ডেম কলেজের সামনে পুলিশ ও আন্দোলনকারী শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া চলছে। পুলিশ ধাওয়া দিয়ে শিক্ষার্থীদের গলির ভেতরে ঢুকিয়ে বেশ কয়েক রাউন্ড ফাঁকা গুলি ও টিয়ারশেল নিক্ষেপ করেছে। বিপরীত দিক থেকে শিক্ষার্থীরাও পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করছেন। নটর ডেম কলেজের সামনে কোটা-বিরোধী শিক্ষার্থীরা অবস্থান কর্মসূচি পালন করছিলেন। এ সময় পুলিশ বাধা দিলে আন্দোলনরত শিক্ষার্থীরা পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে এক সময় ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। পুলিশ শিক্ষার্থীদের ধাওয়া করলে শিক্ষার্থীরা কলেজের অপর পাশের এক গলিতে ঢুকে যায়। সে সময় পুলিশ বেশ কয়েক রাউন্ড ফাঁকা গুলি ও টিয়ার শেল নিক্ষেপ করে। আন্দোলনকারী শিক্ষার্থীরা পুলিশকে লক্ষ্য করে হাতের কাছে যা পেয়েছে তা নিক্ষেপ করেছে।

এতে পুলিশ-শিক্ষার্থীর মধ্যে টানটান উত্তেজনা বিরাজ করছে। স্থানীয় এবং পথচারীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। বর্তমানে শিক্ষার্থীরা গলির মুখে এবং পুলিশ সড়কে অবস্থান করছে।

গতকাল রাজধানীর ঢাকা বিশ্ববিদ্যালয় ও শনির আখড়ায় পুলিশের সাথে আন্দোলনকারীদের দফায় দফায় সংঘর্ষ হয়। সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে ভাষণ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, উচ্চ আদালত থেকে ছাত্রসমাজ ন্যায়বিচার পাবে, তাঁদের হতাশ হতে হবে না, বলেন প্রধানমন্ত্রী। এর পর সারা দেশে কোটা-বিরোধী আন্দোলনকারী শিক্ষার্থীরা 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচির ঘোষণা করে বৈষম্য-বিরোধী ছাত্র আন্দোলন। কর্মসূচি অনুযায়ী, হাসপাতাল ও জরুরি সেবা প্রতিষ্ঠান ছাড়া সবকিছু বন্ধ থাকবে এবং রাস্তায় অ্যাম্বুলেন্স ছাড়া কোনও যানবাহন চলবে না বলে জানানো হয়। তারই অংশ হিসেবে আজকের কোটা-বিরোধী শিক্ষার্থীরা এই কর্মসূচি পালন করছেন।

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি, পেট্রোল—ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ১৮ জুলাই (হি.স.): আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বাড়ছে। ব্রেন্ট ক্রুডের দাম লাফিয়ে লাফিয়ে ৮৬ ডলার এবং ডব্লিউটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি ৮৪ ডলারের কাছাকাছি পৌঁছেছে। পাবলিক সেক্টরের তেল এবং গ্যাস বিপণন সংস্থাগুলি (পিএসইউ) আন্তর্জাতিক বাজারে সপ্তাহের প্রথম দিনে বৃহস্পতিবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ব্র্যান্ডেড ক্রুডের দাম ০.৩৫ ডলার বা ০.৪১ শতাংশ বেড়ে ব্যারেল প্রতি ৮৫.৪৩ ডলার এবং ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ০.৫১ ডলার বা ০.৬২ শতাংশ বেড়ে ৮৩.৩৬ মার্কিন ডলারে লেনদেন করছে। ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, নয়াদিল্লিতে পেট্রোলের দাম ৯৪.৭২ টাকা, ডিজেল ৮৭.৬২ টাকা, মুম্বইতে পেট্রোল ১০৩.৪৪ টাকা, ডিজেল ৮৯.৯৭ টাকা, কলকাতায় পেট্রোল ১০৪.৯৫ টাকা, ডিজেল ৯১.৭৬ টাকা, পেট্রোল চেন্নাই ১০০.৭৫ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৯২.৩৪ টাকায় পাওয়া যাচ্ছে।

## শরদের দিকে নেতাকর্মীরা, পুণের সার্কিট হাউসে বৈঠকে অজিত

মুম্বই, ১৮ জুলাই (হি. স.): অজিত পওয়ার বনাম শরদ পওয়ার—এর লড়াইয়ে লোকসভা নির্বাচনের আগে থেকেই এনসিপি কর্মীরা বিভ্রান্ত। লোকসভা নির্বাচনে বড় সাফল্য না পাওয়ায় অজিত পওয়ার গোষ্ঠীর অনেক নেতা কর্মীরাই মহারাষ্ট্রের আসন্ন বিধানসভা নির্বাচনের আগে আবার শরদ পওয়ারের কাছে যাওয়ার কথা ভাবছেন। ইতিমধ্যেই শরদ পওয়ারের উপস্থিতিতে বুধবার পুনেতে পিম্পরি ছিঞ্চওয়াড়ের একাধিক নেতা কর্মী অজিত পওয়ারের সঙ্গ ছেড়ে এনসিপি-এসসিপি গোষ্ঠীতে যোগ দিয়েছেন। এই পরিস্থিতিতে বৃহস্পতিবার সকালে পুণের সার্কিট হাউসে পিম্পরি ছিঞ্চওয়াড়ের নেতাদের সঙ্গে দেখা করেন অজিত পওয়ার। সংক্ষিপ্ত বৈঠক হয় তাঁদের মধ্যে।

উল্লেখ্য, বাণিজ্যনগরীতে কান পাতলে শোনা যাচ্ছে, মহারাষ্ট্রের পিম্পরি ছিঞ্চওয়াড়ের একাধিক পদস্থ নেতার একযোগে ইস্তফায় যথেষ্ট ধাক্কা খেয়েছেন অজিত পাওয়ার। লোকসভা ভোটে তাদের জোট ব্যাপক ধসের মুখে পড়ে। রাজ্য বিধান পরিষদ নির্বাচনে এই জোট জিতলেও নেতৃত্বের মধ্যে নানান বিষয়ে ক্ষোভ ছিল। একাধিক পদস্থ নেতার ইস্তফা তারই বহিঃপ্রকাশ বলে মনে করা হচ্ছে।

## ১৯-২০ জুলাই ভুটান সফরে যাচ্ছেন বিদেশ সচিব মিশ্রি, রয়েছে বেশ কিছু কর্মসূচি

নয়াদিল্লি, ১৮ জুলাই (হি.স.) : দু''দিনের সফরে ভুটানে যাচ্ছেন বিদেশ সচিব বিক্রম মিশ্রি। ১৯-২০ জুলাই ভুটান সফরে থাকবেন বিদেশ সচিব বিক্রম মিশ্রি। এই সফরে ভুটানে বেশ কিছু কর্মসূচি রয়েছে তাঁর। বৃহস্পতিবার বিদেশ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিদেশ সচিব বিক্রম মিশ্রি ১৯-২০ জুলাই ভুটানে সরকারি সফরে যাবেন। সফরকালে ভুটানের রাজার সঙ্গে সাক্ষাৎ করবেন তিনি। এছাড়াও ভুটানের প্রধানমন্ত্রী, বিদেশ ও বৈদেশিক বাণিজ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন ভারতের বিদেশ সচিব মিশ্রি। ভুটানের রাজকীয় সরকারের বিদেশ সচিব ও অন্যান্য ঊর্ধতন আধিকারিকদের সঙ্গেও সাক্ষাৎ করবেন মিশ্রি। দুই বিদেশ সচিব ভারত-ভুটান ডেভেলপমেন্ট কো-অপারেশন টকস (''প্ল্যান টকস'')-এর সহ-সভাপতিত্বও করবেন।

## ভিলাইতে ভয়াবহ অগ্নিকাণ্ড, পুড়লো কোটি টাকার জিনিস

দুর্গ, ১৮ জুলাই (হি. স.) : বৃহস্পতিবার ভিলাইয়ের জামুল থানার অন্তর্গত শিবম হাইটেক নামে একটি সংস্থায় ভয়াবহ আগুন লাগে। অগ্নিকাণ্ডে প্রায় কোটি টাকার মূল্যের জিনিসপত্র পুড়ে ছাই হয়ে যায় বলে জানা গেছে। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, শর্ট সার্কিটের কারণে আগুন লেগে থাকতে পারে।

জানা গেছে, ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ ও দমকল বাহিনী। দমকলের পাঁচটি ইঞ্জিন দ্রুত আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করে। ঘটনার তদন্ত শুরু হয়েছে। সংস্থা সূত্রে জানা গেছে, প্রায় কোটি টাকার ক্ষতি হয়েছে এই অগ্নিকান্ডে। উল্লেখ্য, শিবম হাইটেক কোম্পানি বিদেশ থেকে টাইটেনিয়াম নিয়ে এসে দেশের বাজারে সরবরাহ করে।

## নতুন দুই বিচারপতি পেল সুপ্রিম কোর্ট, শপথ নিলেন আর মহাদেবন ও এন কে সিং

নয়াদিল্লি, ১৮ জুলাই (হি.স.): নতুন দুই বিচারপতি পেল সুপ্রিম কোর্ট। বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথ নিলেন বিচারপতি আর মহাদেবন ও এন কে সিং। শীর্ষ আদালতের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় তাঁদের সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথবাক্য পাঠ করান। মাদ্রাজ হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি আর মহাদেবন এদিন সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথ নেন। পাশাপাশি এদিনই সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথ নিয়েছেন বিচারপতি ননজিমেইকাপ কোটিশ্বর সিং। জম্মু ও কাশ্মীর এবং লাদাখ হাইকোর্টের প্রধান বিচারপতি ছিলেন ননজিমেইকাপ কোটিশ্বর সিং। কিছু দিন আগেই এই দুই বিচারপতিকে সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে নিয়োগ করা হয়। আর বৃহস্পতিবার তাঁরা শপথ নিলেন।

## মুম্বইয়ে ফের বৃষ্টি, জলমগ্ন হয়ে পড়ল বাণিজ্যনগরীর নানা অংশ

মুম্বই, ১৮ জুলাই (হি.স.): বিগত বেশ কিছু দিন ধরে বৃষ্টি হয়েই চলেছে বাণিজ্যনগরী মুম্বইয়ে, বর্ষণ চলছে মহারাষ্ট্রের অন্যান্য জেলাতেও। আগামী কিছু দিন বৃষ্টির পূর্বাভাস রয়েছেই মহারাষ্ট্রে, এমতাবস্থায় বৃহস্পতিবার সকালেও বৃষ্টিতে ভিজল মায়ানগরী। এদিন ভোর থেকেই বৃষ্টি শুরু হয় মুম্বইয়ের নানা অংশে, সেই বৃষ্টি চলে সকালেও। বেশ কয়েকঘন্টার বৃষ্টিতেই মুম্বইয়ের নানা অংশে জল জমে যায়।

## ধুবড়ির ভারত-বাংলা সীমান্তে পুলিশের এনকাউন্টারে ঘায়েল গো-মাফিয়া সিরাজুল

ধুবড়ি (অসম), ১৮ জুলাই (হি.স.) : ধুবড়ি জেলার অন্তর্গত ভারত-বাংলাদেশ সীমান্তে পুলিশের এনকাউন্টারে ঘায়েল হয়েছে মোস্ট ওয়ান্টেড কুখ্যাত গো-মাফিয়া সিরাজুল হক। ঘটনা গতকাল বুধবার রাতে জেলার গোলকগঞ্জ এলাকায় ভারত-বাংলাদেশ সীমান্তের পশ্চিম গাইখোয়ায় সংঘটিত হয়েছে।

জেলা পুলিশ সদর দফতর সূত্রে জানা গেছে, মোস্ট ওয়ান্টেড গো-মাফিয়া সিরাজুল হককে গতকাল গ্রেফতার করেছিল গোলকগঞ্জ থানার পুলিশ। তদন্তের স্বার্থে পুলিশ রাতে তাকে নিয়ে পশ্চিম গাইখোয়ায় যায়। তখন পুলিশের ওপর হামলা করে পালিয়ে যাওয়ার চেষ্টা করে সিরাজুল।

তাকে পালাতে বারণ করলে উল্টো পুলিশের দিকে তেড়ে আসে। তখন তাকে রুখতে পুলিশ গুলি চালায়। গুলি তার বাঁ পায়ে হাঁটুর নীচে বিদ্ধ হলে মাটিতে পড়ে যায়। সঙ্গে সঙ্গে গুলিবিদ্ধ সিরাজুল হককে ধুবড়ি মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে ভরতি করেছে পুলিশ।

প্রসঙ্গত, ধুবড়িতে গবাদি পশুর চোরাচালান অব্যাহত। গতকাল ধুবড়ির অসম-পশ্চিমবঙ্গ আন্তঃরাজ্য সীমান্তবর্তী ছাগলিয়ায় এএস ২৮ এসি ০৫০৮ নম্বরের একটি ট্রাক চোরাচালানের ৪৬ গরু বোঝাই একটি গাড়ি আটক করেছিল পুলিশ।

এর সঙ্গে চার গরু চোরাকারবারি যথাক্রমে বরপেটা রোডের শহিদুল ইসলাম ও আখতার হোসেন, বরপেটা শহরের সামাদ আলি এবং নলবাড়ির মোজাম্মিল হোসেনকে পুলিশ গ্রেফতার করে। তাদের সূত্র ধরে গো-মাফিয়া সিরাজুল হককে গ্রেফতার করেছিল পুলিশ।

## গোয়ালপাড়ায় পুলিশের হেফাজত থেকে পালাতে গিয়ে গুলিবিদ্ধ সন্দেহভাজন দুই ডাকাত

গোয়ালপাড়া (অসম), ১৮ জুলাই (হি.স.) : গোয়ালপাড়ায় পুলিশের হেফাজত থেকে পালানোর চেষ্টা করে গুলিবিদ্ধ হয়েছে সন্দেহভাজন দুই ডাকাত তথা ব্যবসায়ী অশোক গোয়েলের আততায়ী। গুলিবিদ্ধ হয়ে আহত দুই ডাকাত আসান আলি এবং জাহিদুল ইসলামকে হাসপাতালে ভরতি করা হয়েছে। জানা গেছে, বুধবার রাতে গোয়ালপাড়া জেলার অন্তর্গত আগিয়া থানার পুলিশি হেফাজত থেকে পালানোর চেষ্টা করছিল আসান আলি এবং জাহিদুল ইসলাম। তখন পুলিশ সন্দেহভাজন দুই ডাকাত পুলিশ এনকাউন্টারে আহত হয়েছে।

এখানে উল্লেখ করা যেতে পারে, গত ১৪ জুলাই রাতে গোয়ালপাড়ার প্রতিষ্ঠিত ব্যবসায়ী অশোক গোয়েলকে হত্যার সঙ্গে জড়িত অভিযোগে প্রথমে গত মঙ্গলবার (১৬ জুলাই) মধ্যরাতে মরনৈ থানার অন্তর্গত বলদমারি গ্রামে অভিযান চালিয়ে জাহিদুল ইসলামকে গ্রেফতার করা হয়েছিল। জাহিদুল পেশায় গাড়ি চালক। সে ডাকাত দলের গাড়ি চালাত। পুলিশের জেরায় আসান আলির নাম এবং সে কোথায় আত্মগোপন করে আছে তা বলে দেয়। তার স্বীকারোক্তির ভিত্তিতে গতকাল পুলিশ আসান আলিকে গ্রেফতার করে। আসান আলি ছিল গোয়েলের গাড়ি চালক। অনুপুঙ্খ তদন্তের জন্য গতকাল রাতে পুলিশ সন্দেহভাজনদের নিয়ে ঘটনাস্থলে যাচ্ছিল। তখন তারা পুলিশের হেফাজত থেকে পালানোর চেষ্টা করে। তাদের রুখতে পুলিশ গুলি চালিয়েছে। ব্যবসায়ী অশোক গোয়েলকে খুনের সঙ্গে মোট চারজন জড়িত বলে তদন্তকারী পুলিশ আধিকারিকরা মনে করছেন। পুলিশের সন্দেহ, ঘটনার সঙ্গে জড়িত আরও দুই অভিযুক্ত অসমের বাইরে, সম্ভবত পার্শবর্তী মেঘালয়ে আত্মগোপন করেছে। পুলিশ অবশ্য মেঘালয় পুলিশের সঙ্গে এ সম্পর্কে যোগাযোগ করছে বলে জানা গেছে।

## সংরক্ষণ আন্দোলনকে ঘিরে বাংলাদেশ অশান্তই; উত্তরায় মৃত দুই, টিভি কার্যালয়ে হামলা

ঢাকা, ১৮ জুলাই (হি.স.): সংরক্ষণ আন্দোলনকে ঘিরে বৃহস্পতিবারও অশান্ত রয়েছে বাংলাদেশ। বৃহস্পতিবার ঢাকার উত্তরায় পুলিশ ও র‍্যাবের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষে দু''জন নিহত হয়েছেন। চিকিৎসকেরা জানান, দু''জনই আন্দোলনকারী। আহত হয়েছেন বহু আন্দোলনকারী শিক্ষার্থী। উত্তরা আধুনিক মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক সাব্বির আহমেদ জানান, 'সংঘর্ষে নিহত এক শিক্ষার্থীকে সোয়া ১২টা নাগাদ হাসপাতালে আনা হয়। সে কোন প্রতিষ্ঠানের শিক্ষার্থী তা বলতে পারব না।' ঢাকার রামপুরায় বাংলাদেশ টেলিভিশনের প্রধান কার্যালয়ে হামলা চালিয়েছে আন্দোলনকারী শিক্ষার্থীরা। বৃহস্পতিবার বিকেল পৌনে ৩টা নাগাদ রামপুরা ব্রিজ অবরোধ করে আন্দোলনরত শিক্ষার্থীদের একটি দল বিটিভির প্রধান গেট ভেঙে ভেতরে ঢুকে পড়ে এবং এরপর কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। আন্দোলনকে ঘিরে বাংলাদেশে যানবাহন চলাচলও স্তব্ধ। সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে চলমান আন্দোলনকে কেন্দ্র করে সংঘর্ষের কারণে মেট্রোরেলের চারটি স্টেশনের ট্রেন চলাচল বন্ধ রেখেছে কর্তৃপক্ষ। বন্ধ থাকা স্টেশনগুলো হলমিরপুর-১০, মিরপুর-১১, কাজীপাড়া ও শেওড়াপাড়া। সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে চলমান আন্দোলনে সংঘর্ষ ও প্রাণহানির ঘটনা তদন্তে বিচার বিভাগীয় কমিটি করছে শেখ হাসিনা সরকার। বৃহস্পতিবার এই তথ্য জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি জানান, প্রধানমন্ত্রী বুধবার এ বিষয়ে ঘোষণা করেছেন। হাইকোর্ট বিভাগের বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামানকে দায়িত্ব দিয়ে এই কমিটি গঠনের প্রস্তাব প্রধান বিচারপতির কাছে পাঠানো হবে। আশা করি, তিনি বিষয়টি বিবেচনায় নেবেন।

## গডকড়ির সঙ্গে সাক্ষাৎ মুখ্যমন্ত্রী সাইয়ের

নয়াদিল্লি, ১৮ জুলাই (হি. স.): বৃহস্পতিবার ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণুদেও সাই দিল্লিতে কেন্দ্রীয় সড়ক ও পরিবহন মন্ত্রী নীতিন গডকড়ির সঙ্গে তাঁর বাসভবনে দেখা করেন।

জানা গেছে, এই গুরুত্বপূর্ণ বৈঠকে ছত্তিশগড়ের সড়ক প্রকল্প এবং আদিবাসী এলাকায় সড়ক যোগাযোগ বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মুখ্যমন্ত্রী এই প্রকল্পগুলির অগ্রগতি সম্পর্কে গডকড়িকে বিস্তারিত জানিয়েছেন। এও জানা গেছে, গডকড়ি ছত্তিশগড়ের সড়ক পরিকাঠামো উন্নয়নে সম্ভাব্য সব ধরণের সহযোগিতার আশ্বাস দেন মুখ্যমন্ত্রী সাইকে।

কুপওয়ারায় অনুপ্রবেশের চেষ্টা বানচাল, গুলিবিদ্ধ হয়ে মৃত্যু এক জঙ্গির

শ্রীনগর, ১৮ জুলাই (হি.স.): জম্মু ও কাশ্মীরের কুপওয়ারা জেলায় অনুপ্রবেশের চেষ্টা বানচাল করে এক জঙ্গিকে নিকেশ করল সুরক্ষা বাহিনী। বৃহস্পতিবার উত্তর কাশ্মীরের কুপওয়ারা জেলার কেরান এলাকায় অনুপ্রবেশের সময় সুরক্ষা বাহিনীর গুলিতে নিকেশ হয়েছে এক জঙ্গি। পুলিশ জানিয়েছে, কুপওয়ারা জেলার কেরান এলাকায় অনুপ্রবেশ সম্পর্কে খবর পায় সুরক্ষা বাহিনী। এরপরই ওই এলাকায় অভিযানে নামে সেনাবাহিনীর ৬ রাষ্ট্রীয় রাইফেলস ও কুপওয়ারা পুলিশ। ভারতীয় ভূখণ্ডে অনুপ্রবেশের সময় ওই জঙ্গিকে গুলি করে নিকেশ করেছে সুরক্ষা বাহিনী। ওই এলাকায় এখনও চলছে তল্লাশি অভিযান।

## ঢাকা বিশ্ববিদ্যালয় সহ বাংলাদেশের বিভিন্ন স্থানে ২২৯ প্লাটুন বিজিবির টহল

ঢাকা, ১৮ জুলাই (হি.স.) : ঢাকা বিশ্ববিদ্যালয় সহ দেশের স্পর্শকাতর বিভিন্ন এলাকায় মোট ২২৯ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মোতায়েন করেছে সরকার। বিভিন্ন স্থানে টহল দিচ্ছে বিজিবি।

ঢাকা সহ সারা দেশে কোটা সংস্কারের দাবিতে আজ বৃহস্পতিবার 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচি পালন করছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সহিংসতার পর এই কর্মসূচির ডাক দেওয়া হয়েছে। 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচিকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ঢাকা বিশ্ববিদ্যালয় সহ সারা দেশে ২২৯ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে। বিজিবির টহল চলছে।

## নিট ইউজি কাণ্ডে পাটনা এইমস-এর ৪ পড়ুয়া আটক, বাজেয়াপ্ত ফোন ও ল্যাপটপ

নয়াদিল্লি, ১৮ জুলাই (হি.স.) : নিট-ইউজি পরীক্ষায় অনিয়ম ইস্যুতে সুপ্রিম কোর্টে বৃহস্পতিবারই শুনানি হয়েছে, তার আগে প্রশ্ন ফাঁস কাণ্ডে জড়িত সন্দেহে পাটনা এইমস-এর চার পড়ুয়াকে আটক করেছে সিবিআই। তাদের ঘর সিল করে দেওয়া হয়েছে, বাজেয়াপ্ত করা হয়েছে তাদের মোবাইল ফোন ও ল্যাপটপ। বৃহস্পতিবার সিবিআই সূত্রে এমনটাই জানা গিয়েছে। নিট ইউজি পরীক্ষায় প্রশ্ন ফাঁস কাণ্ডে অভিযুক্ত দু''জনকে পাটনা ও হাজারিবাগ থেকে সিবিআই গ্রেফতার করার পর, এই চার ডাক্তারি পড়ুয়াকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হলো। আপাতত ধৃতদের জেরা করছেন সিবিআই আধিকারিকরা।

## কংগ্রেসের

● আটের পাতার পর

মুখ্যমন্ত্রীর বাসভবনের সামনে আগে থেকে জোরদার করা হয় নিরাপত্তা ব্যবস্থা। কংগ্রেস নেতৃত্বরা সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে বলেন জায়গায় জায়গায় বিরোধী দলের প্রার্থীদের উপর আক্রমণ করা হচ্ছে। বিরোধী দলের প্রার্থীদের ব্লকে যেতে দেওয়া হয়নি। তারা মনোনয়নপত্র দাখিল করতে পারেননি। পুলিশ বিরোধীদের নিরাপত্তা প্রদান করতে ব্যর্থ হচ্ছে।এই ঘটনায় রাজ্যের আইন শৃঙ্খলার বিষয়ে প্রশ্ন তুলে এদিন বিক্ষোভ প্রদর্শন করেন কংগ্রেস কর্মীরা।

## বাম-কংগ্রেসের বিক্ষোভ

● প্রথম পাতার পর

থেকেই বিরোধী দলের প্রার্থীদের উপর আক্রমণ করা হচ্ছে। তারা মনোনয়ন দাখিল করতে পারছেন না। বিশেষ করে পশ্চিম ত্রিপুরার বামুটিয়া, মোহনপুর, ডুকলী ব্লক, পুরাতন আগরতলা এবং জিরানীয়া ব্লকে মনোনয়ন জমা দিতে পারছেন না।

তাঁর কথায়, বিজেপি আশ্রিত দুষ্কৃতিকারীদের আক্রমনে প্রায় ২০ জন কর্মী সমর্থকরা আহত হয়েছেন। পাশাপাশি, রাজনগর ব্লকের প্রার্থী বাদল শীল দুষ্কৃতিদের আক্রমনের শিকার হয়েছেন। কিন্তু প্রশাসন নিরব ভূমিকা পালন করছে। প্রার্থীদের সুরক্ষা প্রদান করতে নির্বাচন কমিশনের নিকট দাবি জানিয়ে আসলেও তাদের দাবি পূরণে কোনো উদ্যোগ নিচ্ছে না। এরই প্রতিবাদে আজ রাস্তা অবরোধে সামিল হয়েছেন তারা।

এদিকে বিরোধীদের উপর আক্রমণের অভিযোগ এনে মুখ্যমন্ত্রীর বাড়ি ঘেরাওয়ের চেষ্টা কংগ্রেসের। ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে মনোনয়নপত্র দাখিল করার আজ ছিল শেষ দিন। এদিন বিভিন্ন জায়গা থেকে হামলা হুজ্জতি ও সন্ত্রাসের অভিযোগ তুলেছেন কংগ্রেস দল। এরই প্রতিবাদে বিজেপিকে কাঠগড়ায় দাঁড় করিয়ে বৃহস্পতিবার সন্ধ্যায় মুখ্যমন্ত্রীর বাড়ি ঘেরাও করার চেষ্টা চালানো সদর জেলা কংগ্রেস।

এইদিন কংগ্রেস ভবনের সামনে থেকে সদর জেলা কংগ্রেসের পক্ষ থেকে এক সুবিশাল মিছিল সংগঠিত করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনের সামনে গিয়ে শেষ হয়। পরে কংগ্রেস কর্মী সমর্থকরা মুখ্যমন্ত্রীর বাসভবন ঘেরাও করার চেষ্টা করে।

যদিও মুখ্যমন্ত্রীর বাসভবনের সামনে আগে থেকে জোরদার করা হয় নিরাপত্তা ব্যবস্থা। কংগ্রেস নেতৃত্বরা সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে বলেন জায়গায় জায়গায় বিরোধী দলের প্রার্থীদের উপর আক্রমণ করা হচ্ছে। বিরোধী দলের প্রার্থীদের ব্লকে যেতে দেওয়া হয়নি। তারা মনোনয়নপত্র দাখিল করতে পারেননি। পুলিশ বিরোধীদের নিরাপত্তা প্রদান করতে ব্যর্থ হচ্ছে।এই ঘটনায় রাজ্যের আইন শৃঙ্খলার বিষয়ে প্রশ্ন তুলে এদিন বিক্ষোভ প্রদর্শন করেন কংগ্রেস কর্মীরা।

## সময়সীমা বৃদ্ধি খারিজ

● প্রথম পাতার পর

নির্বাচন কমিশন কোনো সিদ্ধান্ত নেওয়া অধিকার নেই। একমাত্র পঞ্চায়েত পরিচালনার দায়িত্বে থাকা রিটার্নিং অফিসারদের এই সিদ্ধান্ত নেওয়া অধিকার রয়েছে।

পরবর্তী সময়ে পঞ্চায়েত নির্বাচনে অনলাইনে মনোনয়ন জমা নেওয়া এবং মনোনয়ন দাখিলের সময়সীমা বৃদ্ধির আবেদন নিয়ে কংগ্রেসের সভাপতি আশিস কুমার সাহা হাইকোর্টে রিট পিটিশন করেন। তেমনি, বামফ্রন্টের তরফ থেকেও একই আবেদন নিয়ে পিটিশন দাখিল করা হয়েছিল। আজ বিচারপতি অরিন্দম লোধ এবং বিচারপতি এস ডি পুরকায়স্থের ডিভিশন বেঞ্চে দুটি মামলায় একই সাথে রায় দিয়েছে।

তিনি বলেন, একবার নির্বাচনী প্রক্রিয়া শুরু হয়ে গেলে উচ্চ আদালতের হস্তক্ষেপের সুযোগ খুবই সীমিত। তবুও রাজ্য সরকার ও পঞ্চায়েত নির্বাচন কমিশনকে সুষ্ঠু, অবাধ, শান্তিপূর্ণ নির্বাচন করার নির্দেশ দিয়েছে আদালত। তবে, মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা বৃদ্ধির আবেদন খারিজ করে দিয়েছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## প্রত্যাহার ২২ জুলাই

● প্রথম পাতার পর

জমা দেওয়ার আগে মাতাবাড়ি মন্দিরে গিয়ে মায়ের কাছে পুজো দেন এবং আশীর্বাদ প্রার্থনা করেন মুখ্যমন্ত্রী ডাঃ সাহা। এই সময় তাঁর সঙ্গে ছিলেন দলের শীর্ষ স্তরের নেতৃত্ব। পুজো সেরে প্রার্থীদের সমর্থনে আয়োজিত সুবিশাল মিছিলে অংশ নেন মুখ্যমন্ত্রী সহ অন্যান্য নেতৃত্ব। পরে সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন মুখ্যমন্ত্রী। ডাঃ সাহা বলেন, আজ মনোনয়নপত্র দাখিল করার শেষদিন। পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আজ অন্তিম দিনে মনোনয়নপত্র দাখিল করছেন ভারতীয় জনতা পার্টি মনোনীত প্রার্থীরা। আগরতলায়ও দলীয় প্রার্থীদের মনোনয়নপত্র দাখিলের সময়ে উপস্থিত থাকি। সেখানে প্রচুর সংখ্যায় মানুষ আমাদের প্রার্থীদের সমর্থনে জড়ো হন। আর মাতাবাড়িতে মনোনয়নপত্র দাখিলের সময়ে আমাদের নেতা, মন্ত্রী, বিধায়ক ও কার্যকর্তারা অংশগ্রহণ করেন। এরআগে সবাই মিলে মায়ের আশীর্বাদ প্রার্থনা করি। আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ভারতীয় জনতা পার্টি মনোনীত প্রার্থীরা আশানুরূপ ভোটে জয়যুক্ত হবেন বলেও দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, ১৮ জুলাই অর্থাৎ বৃহস্পতিবারই পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ নির্বাচনের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার শেষদিন। তাই অন্তিম দিনে মনোনয়নপত্র জমা করতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা সামিল হন। এদিন উদয়পুরের মাতাবাড়িতে মনোনয়নপত্র দাখিলের সময়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিত সিংহ রায়, বিধায়ক অভিষেক দেবরায় সহ রাজ্য, জেলা ও মন্ডল স্তরের শীর্ষ নেতৃত্ব। এদিকে এরআগে এদিনই আগরতলায় আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদে ভারতীয় জনতা পার্টি মনোনীত প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেন। এই উপলক্ষে রাজধানী শহরে এক বিশাল নির্বাচনী মিছিলের আয়োজন করা হয়। মিছিলে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা, ভারতীয় জনতা পার্টির প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ দলের অন্যান্য শীর্ষ নেতৃত্ব। পরে পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ে একে একে মনোনয়নপত্র জমা করেছেন ভারতীয় জনতা পার্টি মনোনীত প্রার্থীগণ।

বিশালগড় প্রতিনিধি: বৃহস্পতিবার বিশালগড় ব্লকে মনোনয়নপত্র জমা দিয়েছেন ১৬৫ জন বিজেপির প্রার্থী। প্রত্যেকেই নির্বাচনে জয়ী হবেন বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। বিশালগড় ব্লকে ত্রিস্তর পঞ্চায়েতে বৃহস্পতিবার দুপুর একটায় প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, প্রদেশ বিজেপি সভাপতি সহ অন্যান্যদের উপস্থিতিতে ১৬৫ জন গ্রাম পঞ্চায়েতের বিজেপি মনোনীত প্রার্থীরা বিশালগড় ব্লকের ভিডিও নান্টু রঞ্জন দাসের কাছে মনোনয়নপত্র দাখিল করেন।

গ্রাম পঞ্চায়েত নির্বাচনে ১৬৫ জন প্রার্থীদের মনোনয়ন জমা দেওয়া কালীন সময়ে উপস্থিত ছিলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক, প্রদেশ বিজেপির সভাপতি রাজিব ভট্টাচার্যী, বিধায়ক সুশান্ত দেব, অন্তরা সরকার দেব, সহ অন্যান্য বিজেপি নেতৃত্ব ও কর্মী সমর্থকরা।

৮ই আগস্ট ত্রিপুরা রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন ১২ই আগস্ট ভোট গণনা। বৃহস্পতিবার ছিল মনোনয়ন দাখিল করার শেষ দিন। আর এই শেষ দিনে কমলাসাগর, বিশালগড় , গোলাঘাটি এই তিনটি বিজেপি মন্ডলের অন্তর্গত গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির প্রার্থীরা এদিনের মনোনয়ন পত্র দাখিল করেন।

আমবাসা : আমবাসা আরডি ব্লকে বিভিন্ন রাজনৈতিক দলের উদ্যোগে মনোনয়নপত্র দাখিল করা হয় আজ।

আজ বিজেপি দলের তরফ থেকে বিভিন্ন পঞ্চায়েতের ২০ টি আসনে এবং পঞ্চায়েত সমিতির একটি আসনে মনোনয়নপত্র দাখিল করা হয়। তীপ্রামথা দলের তরফ থেকে গ্রাম পঞ্চায়েতের ১৪ টি আসনে এবং পঞ্চায়েত সমিতির তিনটি আসনে মনোনয়নপত্র দাখিল করা হয়। সেই সাথে আজ কংগ্রেস দলের তরফ থেকে পঞ্চায়েত সমিতির একটি আসনে এবং গ্রাম পঞ্চায়েতের দুটি আসনে মনোনয়নপত্র দাখিল করা হয়। সিপিআই(এম) দলের তরফ থেকে গ্রাম পঞ্চায়েতের একটি আসনে মনোনয়ন পত্র দাখিল করা হয়।

আমবাসা পঞ্চায়েত সমিতির ৪ নং আসনে একটি নির্দল প্রার্থী মনোনয়নপত্র দাখিল করে। জয় নিয়ে প্রতিটি রাজনৈতিক দল আশাবাদী। কৈলাসহর: আসন্ন ত্রিস্তর ভোটে কৈলাসহরে অধিকাংশ জায়গায় ইন্ডিয়া জোট ভোটে লড়াই করলেও কিছু কিছু জায়গায় কেরল মডেলে লড়াই করা হচ্ছে বলে জানালেন বিধায়ক বিরজিত সিনহা। বিধায়ক বিরজিত সিনহা এবং ঊনকোটি জেলা কংগ্রেসের সভাপতি মোঃ বদরুজ্জামানের নেতৃত্বে বৃহস্পতিবার ঊনকোটি জেলা পরিসদ, গৌরনগর পঞ্চায়েত সমিতি এবং গৌরনগর ব্লকের অধীনে সমস্ত গ্রাম পঞ্চায়েতে কংগ্রেস দলের প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দেন।

মনোনয়ন পত্র জমা দেওয়ার পূর্বে গৌরনগর এলাকার কংগ্রেস দলের অফিস প্রাংগন থেকে দলীয় কর্মী সমর্থকরা মিছিল করে গৌরনগর ব্লকে এসে মনোনয়ন পত্র জমা দেন। তবে, মনোনয়ন পত্র জমা দেওয়ার পূর্বে কংগ্রেস দলের মিছিলে রেকর্ড সংখ্যক দলীয় কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গৌরনগর ব্লকের অধীনে কুড়িটি গ্রাম পঞ্চায়েত রয়েছে। এই কুড়িটি গ্রাম পঞ্চায়েতের মধ্যে পনেরোটি গ্রাম পঞ্চায়েত কৈলাসহর বিধানসভা কেন্দ্রের অধীনে অবস্থিত।উল্লেখ্য, ঊনকোটি জেলা কংগ্রেসের সভাপতি মোঃ বদরুজ্জামান এবছরও ঊনকোটি জেলা পরিসদে প্রার্থী হয়েছেন এবং একই সাথে গৌরনগর পঞ্চায়েত সমিতিতেও প্রার্থী হয়েছেন। মনোনয়ন পত্র জমা চলাকালীন বিধায়ক বিরজিত সিনহা জানান যে, কৈলাসহরে কংগ্রেস এবং সি.পি.আই.এম মিলে ইন্ডিয়া জোট হয়ে জেলা পরিসদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতে প্রার্থী দেওয়া হয়েছে। এক দুইটি জায়গায় সমোঝোতা না হওয়ায় কেরল মডেলে লড়াই হচ্ছে, অর্থাৎ সি.পি.আই.এম ও কংগ্রেস উভয় দলের পক্ষ থেকেই প্রার্থী দেওয়া হয়েছে। এছাড়াও বিধায়ক বিরজিত সিনহা জানান যে, গৌরনগর ব্লকের অধীনে থাকা প্রতিটি গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি ইন্ডিয়া জোট দখল করবে বলে বিধায়ক বিরজিত সিনহা জানান।কল্যানপুর: মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে কল্যাণপুরে পঞ্চায়েত নির্বাচন বয়কট করল কংগ্রেস, দেখা মিলল না বামেদের, যৌথভাবে লড়াই করছে বিজেপি ও তিপ্রা মথাআসন্ন পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন পত্র পেশ এর শেষ দিনে কল্যাণপুর রিটার্নিং অফিসার এর কাছে শুধুমাত্র শাসকদল বিজেপি তার জোট সঙ্গী তিপ্রা মথা কে নিয়ে মনোনয়ন পত্র জমা দিলো। একাধিক অভিযোগ তুলে কল্যাণপুর কংগ্রেস নির্বাচন বয়কট এর সিদ্ধান্ত নিলো। আর ভারতের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির তরফে বুধবার পর্যন্ত মনোনয়ন জমার আশ্বাস থাকা সত্ত্বেও তাঁদের দেখা গেলো না।গত ১৬ জুলাই বিজেপি একদফায় মনোনয়ন জমা দিয়েছিলো। দুটো পঞ্চায়েত এর মনোনয়ন বাকি রয়ে গিয়েছিলো। সেই কল্যাণপুর এবং মধ্য কল্যাণপুরের মনোনয়ন বৃহস্পতিবার তারা পেশ করলো। সাথে দুই জন তিপ্রা মথা প্রার্থী ও এদিন মনোনয়ন দাখিল করেন। কল্যাণপুর মন্ডল কার্যালয় থেকে রীতিমতো ঢাক ঢোল নিয়ে সুসজ্জিত মিছিল বৃহস্পতিবার বিধায়ক পিনাকী দাস চৌধুরীর নেতৃত্বে কল্যাণপুর ব্লক অফিসে আসে।মিছিল থেকেই বিধায়ক পিনাকী দাস চৌধুরী দাবি করেন বিরোধী দের মানুষ গণ প্রত্যাখ্যান করেছেন। এবারের পঞ্চায়েত ভোটে মানুষ বিজেপির পক্ষে নুতন ইতিহাস সৃষ্টি করবে। কংগ্রেস মনোনয়ন দিতে না পারার বিষয়ে কংগ্রেস নেতা কার্তিক দেবনাথ জানান ব্লক প্রশাসন একই সময় বিজেপি ও কংগ্রেস কে মনোনয়ন জমা দেবার সময় দেওয়ায় সংঘর্ষ এড়াতে তারা শেষ পর্যন্ত মনোনয়ন পত্র জমা দিতে পারে নি। কার্তিক দেবনাথের কথায় গত কাল পঞ্চায়েত এক্সটেনশন অফিসার কৌশিক দেববর্মা কংগ্রেস এর স্ট্যান্ডিং কমিটির মেম্বার কে ফোন করে তারা কোন সময় মনোনয়ন জমা দিতে আসবে তা নাকি জিজ্ঞেস করেন। তখন স্ট্যান্ডিং কমিটি মেম্বার কংগ্রেসের বিধান দেববর্মা ১২ টা থেকে ২ টা পর্যন্ত সময় চান। কিন্তু বৃহস্পতিবার পৌনে বারোটা নাগাদ নাকি ব্লক প্রশাসন থেকে জানানো হয় কংগ্রেস এর মনোনয়ন দাখিল এর সময় ১২ টা। অথচ সেই সময় বিজেপি মনোনয়ন জমা দিচ্ছিলো। খোয়াই জিলা পরিষদের যে তিনটি আসন কল্যাণপুরে পড়েছে সেই গুলো তে প্রার্থী দিয়েছে কংগ্রেস। এদিকে সব ঘটনার সত্যতা জানতে রিটার্নিং অফিসার হিমেন্দু বিকাশ পালের সাথে যোগাযোগ করলে তিনি এই ধরণের মনগড়া অভিযোগ নস্যাত করে জানান মনোনয়ন পেশের সময় ১১ টা থেকে ৩ টা। সরকারী ভাবে কোন দলকেই সময় বেঁধে দেওয়া রীতি বিরুদ্ধ। এমন কাজ ব্লক প্রশাসন করেনি। মিথ্যে ব্লক প্রশাসন এর বিরুদ্ধে অভিযোগ করা হচ্ছে। তিনি বলেন বৃহস্পতিবার মনোনয়ন দাখিল এর শেষ দিন বলে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা ও করা হয়েছিল।কল্যাণপুর থানার ওসি তাপস মালাকার এর সাথে কথা বলে জানা গেছে পুলিশ প্রশাসন থেকেও বিরোধী দল দের পর্যাপ্ত নিরাপত্তার আশ্বাস দেওয়া হয়েছিল। এখন পর্যন্ত যা অবস্থা তাতে কল্যাণপুর ব্লকের ১১টি পঞ্চায়েত সমিতির আসনে শুধুমাত্র বিজেপি দল মনোনয়ন দাখিল করেন। ১৪ টি গ্রাম পঞ্চায়েত এর ১৪৬ টি আসনে ১৬১ আসনের মধ্যে বিজেপি ১৪৭ এবং ত্রিপরামথা ১৪ টি আসনে মনোনয়নপত্র দাখিল করেন। এরমধ্যে ত্রিপরামথা দল দ্বারিকাপুর পঞ্চায়েতে ৪ টি আসন এবং পশ্চিম দ্বরিকাপুর পঞ্চায়েতে ৯ টি আসনে প্রার্থী দেন। অর্থাৎ সবমিলিয়ে দ্বারিকাপুর এবং পশ্চিম দ্বরিকাপুর পঞ্চায়েতে হবে বিজেপি এবং মথার মধ্যে। এদিন কল্যাণপুর ব্লক অফিসে কটোর নিরাপত্তা ব্যবস্থা করা হয়।



উদয়পুরের রাজর্ষ কলা ক্ষেত্রে আগরতলা ডাক বিভাগের উদ্যোগে ডাক চৌপাল পালিত হয়

# নন্দীগ্রামে মৃত ৩ জনের পরিবারকে মৃত্যুর শংসাপত্র দেওয়ার নির্দেশ কলকাতা হাইকোর্টের

কলকাতা, ১৮ জুলাই (হি.স.): কেটে গিয়েছে ১৭ বছর। এখনও মৃত্যুর শংসাপত্র পায়নি নন্দীগ্রামে মৃত ৩ জনের পরিবার। দ্রুত এদের মৃত্যুর শংসাপত্র দেওয়ার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্টের বিচারপতি শম্পা শরকারের বেঞ্চ। ২০07 সালের নভেম্বর মাসে পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম জমি আন্দোলনকে ঘিরে উত্তপ্ত হয়ে ওঠে। সিপিএম নেতা-কর্মীদের একাংশের বিরুদ্ধে জমি আন্দোলনকারীদের উপরে হামলা চালানোর অভিযোগ ওঠে। তখন থেকেই নিখোঁজ হন আদিত্য বেরা, সত্যেন গোলে এবং বলরাম সিংহ। এরা প্রত্যেকেই ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটির সক্রিয় সদস্য ছিলেন। ওই ৩ জনের পরিবারের তরফে দাবি করা হয়, তাঁদের খুন করা হয়েছে। এরপর বাম জমানার অবসান হয়ে তৃণমূল ক্ষমতায় এলেও ওই নিখোঁজ তিনজনের পরিবার রাজ্য প্রশাসনের কাছে মৃত্যু শংসাপত্র চেয়েও পায়নি বলে অভিযোগ। এরপরই তাঁরা হাই কোর্টের দ্বারস্থ হয়। এদিন হাইকোর্ট জানিয়েছে, আগামী এক মাসের মধ্যে স্থানীয় পঞ্চায়েত অফিসে অনলাইনে আবেদন করবেন এই ৩ পরিবার। সেক্ষেত্রে সহযোগিতা করবে পঞ্চায়েত। এর পরই দ্রুত তাদের ডেথ সার্টিফিকেট দিতে হবে।এই নির্দেশের পরই হাই কোর্টের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি। তিনি তখন তৃণমূলে ছিলেন। এই আন্দোলনের অন্যতম নেতা ছিলেন শুভেন্দু। এদিন শুভেন্দু এক্স হ্যান্ডলে মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করে লেখেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় নন্দীগ্রাম আন্দোলনের জন্য ক্ষমতা দখল করতে পেরেছিলেন। কিন্তু যাঁরা ওই আন্দোলনে প্রকৃত অর্থে লড়াই করেন, তিনি তাঁদের অবহেলা করেছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রশাসন তাঁদের মৃত্যু শংসাপত্র দেওয়ার আর্জিকে নাকচ করে গিয়েছে।'

# এনকাউন্টারে নিকেশ ১২ মাওবাদী, বিপুল অস্ত্রশস্ত্র উদ্ধার

গড়চিরৌলো, ১৮ জুলাই (হি.স.): মহারাষ্ট্রের গড়চিরৌলো জেলায় মাওবাদী নিকেশ অভিযানে বড়সড় সাফল্য পেল মহারাষ্ট্র পুলিশের সি-৬০ বাহিনী। প্রায় ৬ ঘন্টার এনকাউন্টারে নিকেশ হয়েছে ১২ জন মাওবাদী। বুধবার দুপুরের পর থেকে এনকাউন্টার শুরু হয়, প্রায় ৬ ঘন্টা চলে গুলির লড়াই। এই এনকাউন্টারে মোট ১২ জন মাওবাদীর দেহ উদ্ধার হয়েছে। এছাড়াও ৭টি স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র, ৩টি একে ৪৭, ২টি ইনসস, একটি কার্বাইন, একটি এসএলআর। নিহত মাওবাদীদের মধ্যে রয়েছে লক্ষ্মণ আটরাম ওরফে বিশাল আটরাম। এই গুলির লড়াইয়ে আহত হয়েছেন দু''জন জওয়ান। তাঁরা বিপদমুক্ত বলে জানিয়েছেন গড়চিরৌলোর পুলিশ সুপার নিলোতপল। চিকিৎসার জন্য তাঁদের নাগপুরে নিয়ে যাওয়া হয়েছে। বুধবার দুপুর ১.৩০ থেকে দু''টোর মধ্যে গড়চিরৌলোর জেলার ঝারওয়ান্ডি থানা এলাকায় অরণ্যে এই এনকাউন্টার চলে।ডেপুটি সিএম দেবেন্দ্র ফড়নবীস বলেছেন, 'গড়চিরৌলো পুলিশের সি৬০ কমান্ডোরা কাঙ্কেরের কাছে ছত্তিশগড়-গাদচিরোলি সীমান্তে জেলায় একটি বড় অভিযান পরিচালনা করেছে। এই অভিযানে ১২ জন মাওবাদীকে নিকেশ করা হয়েছে। ১২টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে। স্বয়ংক্রিয় মেশিনগান এবং ভারী অস্ত্র এবং মাওবাদীদের কাছ থেকে গোলাবারুদ উদ্ধার করা হয়েছে একজন সাব-ইন্সপেক্টর এবং অন্য একজন জওয়ান এনকাউন্টারে আহত হয়েছে কিন্তু তারা বিপদমুক্ত, অভিযান এখনও চলছে কিন্তু পুলিশ আধিপত্যশীল অবস্থানে রয়েছে... রাজ্য সরকারের তরফে গড়চিরৌলো পুলিশের জন্য আমি ৫১ লক্ষ টাকা পুরস্কার ঘোষণা করছি।

## বিরোধী দলনেতার

● প্রথম পাতার পর

এই বিষয়ে বিবেচনা করে।

বিরোধী দলনেতা আরো অভিযোগ করেন, গোটা রাজ্যব্যাপী বিভিন্ন জায়গায় প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করার জন্য তৈরি হলেও মনোনয়ন দাখিল করতে পারেননি। পঞ্চায়েত স্তরে মনোনয়ন দাখিল করতে গিয়ে ব্যাপক বাধার সম্মুখীন হয়েছেন বামেরা। এমনটাই দাবি করেন তিনি। এদিন নলছড়েও মনোনয়ন পত্র দাখিল করতে গিয়ে ব্যাপক বাধার সম্মুখীন হয়েছেন বলে অভিযোগ করেছেন বিরোধী দলনেতা। তিনি বলেন, দলীয় প্রার্থীদের নিয়ে মনোনয়ন দাখিল করতে যাওয়ার জন্য গাড়ি বলা হলেও শেষ সময়ে সেই গাড়িগুলি আসেনি। বিএমএস নেতা কোনো গাড়ি বামেদের দিতে মানা করেছেন বলেও অভিযোগ করেন বিরোধী দলনেতা। তিনি বলেন, পরে অন্য রাস্তাতেও ঘুরে গিয়ে বাধার সম্মুখীন হয়েছেন তারা। পুলিশের কাছে সাহায্য চাইলেও পুলিশ নিরাপত্তা প্রদান করতে ব্যর্থ হয়েছে। পরে রক্তক্ষয়ী সংঘর্ষ এড়াতে তারা মনোনয়ন জমা দিতে যাননি বলে জানিয়েছেন তিনি।

এদিকে তেপানিয়া এলাকাতেও মনোনয়ন জমা করতে গিয়ে বাধার সম্মুখীন হয়েছেন বামেরা। যেখানে খোদ মুখ্যমন্ত্রী রাস্তায় নেমে বিজেপি প্রার্থীদের নিয়ে মনোনয়ন জমা দিতে গেছেন, সেখানে বিরোধী আক্রান্ত হওয়ায় রাজ্যের গনতান্ত্রিক অধিকার নিয়েও প্রশ্ন তুলেছেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। এছাড়াও ডুকলি ব্লকে মনোনয়নপত্র জমা করতে গিয়ে আক্রান্ত হওয়ায় অভিযোগ তুলেছেন বামেরা। সেখানে দুষ্কৃতীরা তাদের উপর ইট পাটকেল ছুঁড়ে তাদের মনোনয়নপত্র দাখিল বাধা সৃষ্টি করেছে বলে অভিযোগ করেছেন তিনি। গোটা সাংবাদিক সম্মেলন থেকে এদিন পুলিশের নিষ্ক্রিয়তা তুলে ধরেছেন তিনি।এদিনের সাংবাদিক সম্মেলন থেকে নিরাপত্তা সুনিশ্চিত করার জোরালো দাবি তুলেছেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী।

## প্রতিনিধি দল

● প্রথম পাতার পর

কোনভাবেই কাম্য নয়। রাজ্যপালের সাথে সাক্ষাৎ করে তারা দাবি জানিয়েছেন, যারা এই ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের যেন সহযোগিতা করা হয়। পাশাপাশি হিসাব করে সমস্ত ক্ষতিপূরণ মিটিয়ে দেওয়া হয়। পাশাপাশি রাজ্যে আইন শৃঙ্খলার উন্নয়নেও ব্যবস্থা গ্রহনের দাবি জানানো হয়েছে এদিন।তারা আরো জানান, ত্রিপুরা রাজ্যে সন্ত্রাস বৃদ্ধি পাচ্ছে। বিরোধী আক্রান্ত হচ্ছে। তারা তাদের গনতান্ত্রিক অধিকার পালন করতে পারছেন না। বিরোধী প্রার্থীদের নিরাপত্তা প্রদানে ব্যর্থ হচ্ছে প্রশাসনও। এদিন রাজ্যপাল তাদের অভিযোগ খতিয়ে দেখে উপযুক্ত ব্যবস্থা গ্রহনের আশ্বাস দিয়েছেন বলে জানিয়েছেন প্রতিনিধি দলের নেতৃত্বরা।

## সুপ্রীমকোর্ট

● প্রথম পাতার পর

করেছে। এনটিএ এদিন সুপ্রিম কোর্টকে বলেছেন, শিক্ষার্থীরা শুধুমাত্র শহর পরিবর্তন করতে পারেন এবং কোনও প্রার্থী কেন্দ্র বেছে নিতে পারে না। পরীক্ষা কেন্দ্র সিস্টেম দ্বারা স্থির করা হয়, কেন্দ্র স্থির হয় পরীক্ষার মাত্র দুই দিন আগে, তাই কেউ জানে না কোন কেন্দ্রে তাঁর পরীক্ষা হবে।

# চাকরিদাতা ও চাকরিপ্রার্থীর মধ্যে সেতুবন্ধনে 'প্লেসমেন্ট-বি'

কলকাতা, ১৮ জুলাই (হি. স.) : চাকরির হাহাকারের বাজারে আলোর দিশা। চাকরিদাতার সঙ্গে চাকরিপ্রার্থীদের বিনামূল্যে সেতুবন্ধনের উদ্যোগ 'প্লেসমেন্ট বি'-র। সেই প্রেক্ষিতে বৃহস্পতিবার কলকাতা প্রেস ক্লাবে একটি সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয় সংস্থার তরফে। অনুষ্ঠানে 'প্লেসমেন্ট বি'-র তরফে ছিলেন সংস্থার মেন্টর দেবযানী ব্যানার্জি, কর্ণধার তূর্য শঙ্কর কর। বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ''এডুমেট ইন্ডিয়া''-র প্রতিষ্ঠাতা ডঃ অর্ণব চট্টোপাধ্যায় এবং অধ্যাপক কাঞ্চন সেনগুপ্ত প্রমুখ।

সংস্থার প্রতিষ্ঠাতা তথা কর্ণধার তূর্য শঙ্কর কর হিন্দুস্থান সমাচার—কে দেওয়া এক বিশেষ সাক্ষাৎকারে বলেন, 'প্লেসমেন্ট বি'-র পথ চলা শুরু ২০২৩ সালের আগস্ট মাসে। সংস্থার মূল লক্ষ্য হল চাকরিদাতা ও চাকরিপ্রার্থীর মধ্যে সেতুবন্ধন। এই পরিষেবা পড়ুয়া চাকরিপ্রার্থীরা বিনামূল্যে পাবেন বলেই দাবি তূর্য বাবুর। আর অন্যান্য প্লেসমেন্ট সংস্থার থেকে তাঁরা কিছুটা স্বতন্ত্র বলেও দাবি তাঁর। তিনি বলেন, অন্যান্য প্লেসমেন্ট সংস্থাগুলি মূলত ইঞ্জিনিয়ারিং কলেজ আর ম্যানেজমেন্ট শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকেই বেছে নেয় ক্যাম্পাসিং---এর জন্য। কিন্তু 'প্লেসমেন্ট বি'-র বিশেষত্ব হলো, এই সংস্থা জেনারেল স্ট্রিমের পড়ুয়াদেরও সমান গুরুত্ব দিচ্ছে। ফলে ইঞ্জিনিয়ারিং কলেজ আর ম্যানেজমেন্ট শিক্ষাপ্রতিষ্ঠানের পাশাপাশি রাজ্যের ডিগ্রি কলেজগুলিকেও তাঁরা আনতে চাইছেন এক ছাতার তলায়। তূর্য বাবুর বক্তব্য, ভাল ছাত্রছাত্রী শুধু ইঞ্জিনিয়ারিং বা ম্যানেজমেন্ট শিক্ষাপ্রতিষ্ঠানেই নয়, জেনারেল স্ট্রিমের কলেজেও অনেক আছে। 'প্লেসমেন্ট বি'-তে শুধু সিভি দিয়েই নয়, পড়ুয়া চাকরিপ্রার্থীরা সম্পূর্ণ প্রোফাইল তৈরি করে, এমনকি নিজেদের সম্বন্ধে জানিয়ে 'প্লেসমেন্ট বি'—র প্ল্যাটফর্মে ভিডিও-ও দিতে পারবে তারা। বিভিন্ন মাপকাঠির ভিত্তিতে হবে র‌্যাঙ্কিং। তা থেকেই যোগ্যদের খুঁজে নেবে চাকরিদাতা সংস্থাগুলি। তূর্য বাবু এও জানান, ইতিমধ্যেই ৮০-র অধিক শিক্ষাপ্রতিষ্ঠান গাঁটছড়া বেঁধেছে তাঁদের সংস্থার সঙ্গে। আগামীদিনে এই উদ্যোগকে ব্যাপকভাবে বিস্তারই লক্ষ্য। যেহেতু বিনামূল্যে পরিষেবা, তাই এই উদ্যোগে ছাত্রছাত্রীদের পাশাপাশি উপকৃত হবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলিও, এমনটাই দাবি তূর্য বাবুর।

# সবজির আকাশছোঁয়া দাম নিয়ন্ত্রণে অভিযান করণদিঘিতে

করণদিঘি, ১৮ জুলাই (হি.স.): : সবজির আকাশছোঁয়া দাম বৃদ্ধির পিছনে বেআইনি মজুতদারের কোনও ভূমিকা আছে কি না তা খতিয়ে দেখতে বৃহস্পতিবার অভিযানে নামেন করণদিঘির বিডিও জয়ন্ত দেবব্রত চৌধুরী, জয়েন্ট বিডিও বাপ্পাদিত্য রায়, সহ কৃষি অধিকর্তা সহ পুলিশ। এদিন করণদিঘির বিলাসপুর হাটে যৌথ অভিযান চলে। ক্রেতা-বিক্রেতাদের সঙ্গে কথা বলেন আধিকারিকরা।তাঁদের বক্তব্য, আগের তুলনায় জিনিসপত্রের দাম কিছুটা হলেও কমেছে। তবে দাম বৃদ্ধির জন্য অতিরিক্ত গরম ও ভিন রাজ্য থেকে আমদানি কম হওয়াকেই প্রধান কারণ বলে মনে করছেন বিশ্লেষকরা। প্রসঙ্গত, অগ্নিমূল্য আনাজের দাম। মূল্যবৃদ্ধি এবং কালোবাজারি আটকাতে রাজ্য টাস্ক ফোর্স হানা দিচ্ছে বিভিন্ন বাজারে। যেভাবে শাক-সবজির দাম বাড়ছে, তাতে অর্ধাহারে থাকতে হবে, এমনই অভিযোগ সাধারণ মানুষের।

## মৃত বেড়ে ১৭

● প্রথম পাতার পর


যাত্রাবাড়ি এলাকায় সকাল থেকে সংঘর্ষ চলছে। উত্তরাতেও আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও র্যাসবের সংঘর্ষ হয়েছে। রাজধানীর বিভিন্ন এলাকা বিক্ষোভে উত্তাল। বাংলাদেশ-কুয়েত মৈত্রী হাসপাতালের সামনে বিক্ষোভ চলছে। রামপুরা এলাকায় বহু মানুষের জমায়েত দেখা গিয়েছে। সকাল থেকে ধানমন্ডি ২৭ নম্বর এলাকায় শিক্ষার্থীদের সঙ্গে পুলিশ ও আওয়ামী লিগ নেতা-কর্মীদের দফায় দফায় সংঘর্ষ হয়।এদিন সকাল থেকে ধানমন্ডি, সায়েন্স ল্যাব ও আজিমপুর এলাকায় সড়ক অবরোধ করে শিক্ষার্থীদের বিক্ষোভ করতে দেখা গিয়েছে। সেই সঙ্গে আসাদ গেট, ধানমন্ডি ২৭, কলাবাগান, সায়েন্স ল্যাব ও নিউমার্কেট এলাকায় চাপাতি, রাম দা, হকিস্টিক হাতে দেখা গিয়েছে আওয়ামী লিগের নেতা-কর্মীদের।

## ক্ষতিপূরণ ঘোষণা

● প্রথম পাতার পর

অবধ আসাম এক্সপ্রেস।

উত্তর-পূর্ব রেলওয়ের কাছ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে, লাইনচ্যুত হওয়ার ফলে এখন পর্যন্ত ২ জনের মৃত্যু এবং ৮ জন আহত হয়েছে। লাইনচ্যুত ট্রেনের আটকে পড়া যাত্রীদের বাসে করে গোন্ডার কাছে মানকাপুর স্টেশনে নিয়ে আসা হচ্ছে। তাদের জন্য মানকাপুর থেকে ডিব্রুগড় পর্যন্ত একটি বিশেষ ট্রেনের ব্যবস্থা করা হয়েছে এবং পথে স্টপেজ রয়েছে। এদিকে, উত্তর পূর্ব রেলওয়ের সিপিআরও পঙ্কজ সিং বলেছেন, রেলওয়ের মেডিকেল ভ্যান ঘটনাস্থলে পৌঁছেছে এবং উদ্ধার অভিযান শুরু করা হয়েছে। তাছাড়া, হেল্পলাইন নম্বর জারি করা হয়েছে। এই দুর্ঘটনাটি দুপুরে ঘটেছে। প্রাথমিক হিসাবে তথ্য, ৪-৫টি কোচ লাইনচ্যুত হয়েছে।



# স্পোর্টস স্কুলকে ন্যূনতম গোলে হারিয়ে বিশ্রামগঞ্জ পিসি পয়েন্ট তালিকার শীর্ষে




ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। এবার কিন্তু দারুণ জয় পেল বিশ্রামগঞ্জ। ফিরতি লীগের খেলায়। ত্রিপুরা স্পোর্টস স্কুলকে হারালো ন্যূনতম গোলের ব্যবধানে। প্রথম লীগে দু'দলের ম্যাচ দুই দুই গোলে ড্র তে নিষ্পত্তি হয়েছিল। পয়েন্ট নিতে হয়েছিল ভাগাভাগি করে। ফিরতি লিগে অবস্থাও অনেকটা সেরকমই হতে যাচ্ছিল।হাড্ডা হাড্ডি লড়াইয়ের মধ্য দিয়ে গোলশূন্য প্রথমার্ধের পর দ্বিতীয়ার্ধের প্রায় ৩৫ মিনিট পর্যন্ত আক্রমণ প্রতি আক্রমণের মধ্য দিয়ে গোলশূন্য ড্র-এর দিকেই ম্যাচ গড়াচ্ছিল। অবশেষে ৮০ মিনিটের মাথায় বিশ্রামগঞ্জের শাখচাওতি জমাতিয়ার গোল দলকে এক শূন্যতে লিড এনে দেয়। পরবর্তী সময়ে ত্রিপুরা স্পোর্টস স্কুলের মেয়েরা যথেষ্ট চেষ্টা করেও গোলটি শোধ করার তেমন সুযোগ বের করতে পারেনি। ন্যূনতম গোলে জয় ছিনিয়ে পুরো ৩ পয়েন্ট নিয়ে মাঠ ছাড়ে বিশ্রামগঞ্জের মেয়েরা। বিশ্রামগঞ্জ এর পক্ষে এটি টানা চতুর্থ জয়। এই জয়ের সুবাদে মূলতঃ বিশ্রামগঞ্জ প্লে সেন্টার এখন পয়েন্ট তালিকার শীর্ষে উঠে এসেছে। জয় সূচক গোলদাতা শাকচান্তি পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের প্রাইজমানি পুরস্কার। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি আদিত্য দেববর্মা, বিশ্বজিৎ দাস, খোকন সাহা ও লিটন সাহা। দিনের খেলা: সকাল ৮ টায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে চলমান সংঘ বনাম জম্পুইজলা প্লে সেন্টার।

# আগামীকাল আন্তঃ মহকুমা প্রেসক্লাব ফুটবল টুর্নামেন্ট ঘিরে ব্যাপক উৎসাহ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই।। আগরতলা প্রেসক্লাবের উদ্যোগে এবং স্পোর্টস কমিটির ব্যবস্থাপনায় আগামী ২০ জুলাই আন্ত মহকুমা প্রেসক্লাব ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে। আজ, বৃহস্পতিবার বেলা বারোটায় আগরতলা প্রেসক্লাবের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ক্লাব সভাপতি জয়ন্ত ভট্টাচার্য আগরতলা প্রেসক্লাবের দুটি দলের খেলোয়াড়দের নাম ঘোষণা করেন এবং টুর্নামেন্টের বিস্তারিত প্রেক্ষাপট তুলে ধরেন স্পোর্টস কমিটির চেয়ারম্যান অলক ঘোষ। মোট সাতটি মহকুমা প্রেসক্লাব এবারকার টুর্নামেন্টে অংশ নিচ্ছে। ঘোষিত ক্রীড়া সূচি অনুযায়ী উদ্বোধনী ম্যাচ হবে আগরতলা প্রেসক্লাব বি টিম বনাম খোয়াই প্রেস ক্লাবের মধ্যে। আগরতলায় ক্ষুদিরাম বসু স্কুল মাঠে সকাল ১০ টায় ম্যাচ শুরুর সময় রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় সহ অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত থাকবেন বলে জানান স্পোর্টস কমিটির কনভেনার তথা প্রেস ক্লাবের জয়েন্ট সেক্রেটারি অভিষেক দে। টুর্নামেন্টের স্পন্সরর স্বপ্ননীড় রিয়েলেটর্স এর কর্ণধার অভিজিৎ সাহা এবং স্পোর্টস কমিটির সদস্য তথা সিনিয়র সাংবাদিক সুপ্রভাত দেবনাথও সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। সবশেষে অতিথিবর্গ আনুষ্ঠানিকভাবে দুদলের খেলোয়ারদের জার্সি প্রদান করেন।

যথাসময়ে সব কটি দলের খেলোয়াররা মাঠে উপস্থিত থেকে ম্যাচটি সাফল্যমন্ডিত করে তোলার জন্য চেয়ারম্যান ও কনভেনার সংশ্লিষ্ট সকলের কাছে আহ্বান জানান।

# স্টাইলার্ক এনএসআরসিসি-র ম্যাচ দিয়ে আজ থেকে বি ডিভিশন ফুটবল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রস্তুতি চূড়ান্ত। আগামীকাল থেকে শুরু হচ্ছে বি ডিভিশন ফুটবল লিগ টুর্নামেন্ট। আগামীকাল স্কাইলার্ক ও এনএসআরসিসি-র ম্যাচ দিয়ে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন হচ্ছে। এর আগে উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্য মন্ত্রিসভার সদস্য সুশান্ত চৌধুরী উপস্থিত থাকবেন এবং প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করবেন। প্রাক্তন ফুটবলার বিশ্বজিৎ সাহা করবেন 'কিক অফ দ্য বল'। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকেল তিনটায় হবে এই আনুষ্ঠানিক উদ্বোধন পর্ব।উল্লেখ্য, এবারের টুর্নামেন্টে অংশগ্রহণকারী আরো ৬টি দল হল মৌচাক ক্লাব, পুলিশ রিক্রিয়েশন ক্লাব, নবোদয় সংঘ, ত্রিপুরা স্পোর্টস স্কুল, কল্যাণ সমিতি ও বীরেন্দ্র ক্লাব। ঘোষিত ক্রীড়া সূচি অনুযায়ী উমাকান্ত মিনি স্টেডিয়ামে অধিকাংশ দিনে বেলা দুইটা এবং বেলা চারটা থেকে পরপর দুটি ম্যাচ আয়োজনের ব্যবস্থা করা হবে। কোন কোন দিন হবে একটি করে ম্যাচ। শুরু হবে বেলা সাড়ে তিনটায়।

# নীরজের সাফল্য ক্রীড়ামন্ত্রক অ্যাথলেটিক্স—এ বিপুল বাজেট বাড়িয়েছে

নয়াদিল্লি, ১৮ জুলাই (হি.স.): গত টোকিও অলিম্পিকে ভারতের পদক সংখ্যা বেড়েছে। সেই সংখ্যা আরও বাড়িয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে কেন্দ্র ১৬টি শৃঙ্খলা জুড়ে ভারতের প্রস্তুতির জন্য রেকর্ড ৪৭০ কোটি টাকা ব্যয় করেছে।

টোকিও অলিম্পিকে ভারত সামগ্রিকভাবে সাতটি পদক জিতেছিল, যা সব অলিম্পিকের পদক সংখ্যাকে ছাড়িয়ে গেছে। এই টোকিওতেই জ্যাভলিন নিক্ষেপকারী নীরজ চোপড়া সোনা জিতেছিলেন। আর অ্যাথলেটিক্স এ নীরজের এই সাফল্যের জন্য কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রক অ্যাথলেটিক্স এর জন্য ১৬০০ু এর বেশি বাজেট বাড়িয়েছে।

স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার মিশন অলিম্পিক সেল (এমওসি) থেকে সরকারী তথ্য অনুসারে, কেন্দ্র অ্যাথলেটিক্সের জন্য ৯৬.০৮ কোটি টাকা ব্যয় করেছে, এটি সমস্ত শাখার চেয়ে বেশি। আগের অলিম্পিক চক্রে ক্রীড়া মন্ত্রক শৃঙ্খলার জন্য "টার্গেট অলিম্পিক পডিয়াম স্কিম"(টপস) তহবিলে ৫.৩৮ কোটি টাকা বরাদ্দ করেছিল। এর মানে শৃঙ্খলা প্রায় ১,৬৮৫ শতাংশের সামগ্রিক বাজেট বৃদ্ধি পেয়েছে। এবার প্যারিস অলিম্পিকে ভারতের অ্যাথলেটিক রেকর্ড বাড়ানোর জন্য নীরজ ২৮-সদস্যের দলকে নেতৃত্ব দেবেন।

# জুডোর ট্রাইয়ালে দিল্লির উদ্দেশ্যে তিন জুডোকা

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। এশিয়ান ক্যাডেট ও জুনিয়র জুডো চ্যাম্পিয়নশিপে এবারও অংশ নেবে ভারতীয় দল। তাই ভারতীয় দল গঠনের লক্ষ্যে জুডো ফেডারেশন অফ ইন্ডিয়া এক উন্মুক্ত দল নির্বাচনী শিবিরের আয়োজন করে। আর এই শিবিরে ডাক পেলেন রাজ্যের তিনজন জুডোকা।

তারা হলেন জুনিয়র বিভাগে রিকসন দেববর্মা, শুভদীপ চাকমা ও দেবাঞ্জলী নাথ। দিল্লিতে অনুষ্ঠিত হবে এই উন্মুক্ত রাজ্য দল গঠনের শিবির। তাই আন্তর্জাতিক আসরে অংশ নেওয়ার আগে ভারতীয় দল গঠনের লক্ষ্যে আগামী ২০ থেকে ২৫ জুলাই আয়োজিত শিবিরে অংশ নিতে বৃহস্পতিবার রেল পথে দিল্লির উদ্দেশ্যে রওনা দিল রাজ্যের জুডোকারা। রাজ্যের প্রতিনিধিদের সাথে এদিন প্রশিক্ষক হিসেবে দিল্লি গেলেন মিঠুন মগ।

# ফ্রান্সের ফুটবলারদের নিয়ে আর্জেন্টিনার খেলোয়াড়দের 'বর্ণবাদী' গান, তদন্ত শুরু ফিফার

জুরিখ, ১৮ জুলাই (হি.স.): রবিবার কোপা আমেরিকা ফাইনালে কলম্বিয়ার বিরুদ্ধে জয়ের পর উদযাপনের এক পর্যায়ে আর্জেন্টাইন ফুটবলাররা ফ্রান্সের ফুটবলারদের নিয়ে 'বর্ণবাদী ও বৈষম্যমূলক' গান গেয়েছিল। সেই গানের ভিডিও নিয়ে তদন্ত শুরু করেছে ফিফা। যার একটি ভিডিও সামাজিক মাধ্যমে পোস্ট করেন আর্জেন্টাইন মিডফিল্ডার এনসো ফের্নান্দেস। এক্স ও ইনস্টাগ্রামে দ্রুত সেই ভিডিও ছড়িয়ে পড়ে। যা নিয়ে ফুটবল বিশ্বে ওঠে সমালোচনার ঢেউ। বৃহস্পতিবার জানা গেছে, সেই ভিডিও নিয়ে এবার ফিফা তদন্তে নেমেছে।

ফিফার এক মুখপাত্র জানিয়েছে, 'সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া এই ভিডিও নিয়ে অবগত রয়েছে ফিফা এবং ঘটনাটি খতিয়ে দেখছে। ফিফা খেলোয়াড়, ভক্ত এবং কর্মকর্তা-সহ যে কারও দ্বারা যেকোনও ধরণের বৈষম্যের তীব্র নিন্দা জানায়।"

# বন্দিদের ক্রিকেট শিখিয়ে আইসিসি—র পুরস্কার পেল মেক্সিকো

মেক্সিকো, ১৮ জুলাই (হি.স.): ক্রিকেট বিশ্বে নাম নেই মেক্সিকোর। আর সেই দেশটার ক্রিকেট অ্যাসোসিয়েশন বন্দিদের ক্রিকেট শিখিয়ে আইসিসি---র নজর কেড়ে জিতে নিল পুরস্কার। আর এই উদ্যোগের জন্য এ বছরের 'আইসিসি ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ অব দ্যা ইয়ার' ক্যাটাগরিতে এই পুরস্কার জিতল মেক্সিকো। আইসিসির সংবাদ বিজ্ঞপ্তিতে মেক্সিকো ক্রিকেটের চেয়ারম্যান বেন ওয়েন এই প্রাপ্তিকে বলেছেন 'বিশাল এক সম্মান।' মেক্সিকোর পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে এই পুরস্কার জিতেছে আরও পাঁচটি দেশ- ওমান, নেদারল্যান্ডস, সংযুক্ত আরব আমিরাত, নেপাল ও স্কটল্যান্ড।

# নতুন ভূমিকায় এক দশকের পর শৈশবের ক্লাবে ফিরছেন থিয়াগো

বার্সেলোনা, ১৮ জুলাই (হি.স.): কিছুদিন আগে লিভারপুলের স্প্যানিশ তারকা থিয়াগো আলকানতারা বুটজোড়া তুলে রাখলেও ফুটবল কিন্তু ছাড়ছেন না। স্পেনের হয়ে ইউরো কাপ জয়ী এই ফুটবলার এক দশকের পর ফিরে যাচ্ছেন শৈশবের ক্লাব বার্সেলোনায়। সেখানে তাকে দেখা যাবে নতুন ভূমিকায়। এবার তিনি যোগ দিচ্ছেন বার্সেলোনায় হ্যান্সি ফ্লিকের কোচিং স্টাফে।

৩৩ বছর বয়সী থিয়াগোকে কোচিং স্টাফে যুক্ত করার বিষয়টি বিবৃতি দিয়ে বার্সেলোনা জানিয়েছে, গোটা গ্রীষ্মে ক্লাবের সঙ্গে থাকবেন এবং নিজে কোচ হওয়ার লক্ষ্যে শিখবেন।

কিছুদিন আগে লিভারপুলের স্প্যানিশ তারকা থিয়াগো আলকানতারা বুটজোড়া তুলে রাখলেও ফুটবল কিন্তু ছাড়ছেন না। স্পেনের হয়ে ইউরো কাপ জয়ী এই ফুটবলার এক দশকের পর ফিরে যাচ্ছেন শৈশবের ক্লাব বার্সেলোনায়। সেখানে তাকে দেখা যাবে নতুন ভূমিকায়। এবার তিনি যোগ দিচ্ছেন বার্সেলোনায় হ্যান্সি ফ্লিকের কোচিং স্টাফে।

৩৩ বছর বয়সী থিয়াগোকে কোচিং স্টাফে যুক্ত করার বিষয়টি বিবৃতি দিয়ে বার্সেলোনা জানিয়েছে, গোটা গ্রীষ্মে ক্লাবের সঙ্গে থাকবেন এবং নিজে কোচ হওয়ার লক্ষ্যে শিখবেন।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

## ত্রিপুরা আরবান লাইভলিহুড মিশন

# উত্তর পূর্বাঞ্চল ও পার্বত্য এলাকার রাজ্যগুলির মধ্যে দ্বিতীয় সেরা হিসেবে ত্রিপুরার স্পার্ক পুরস্কার




**আগরতলা, ১৮ জুলাই।।** ভারতের উত্তর পূর্বাঞ্চল ও পার্বত্য এলাকার রাজ্যগুলির মধ্যে পারফরমেন্সের জন্য ত্রিপুরা আরবান লাইভলিহুড মিশন (টিইউএলএম) ২০২৩-২৪ সালের দ্বিতীয় সেরা পুরস্কার হিসেবে গর্বের স্পার্ক পুরস্কার পেয়েছে। আজ নয়াদিল্লিতে কেন্দ্রীয় গৃহ এবং নগরোন্নয়ন মক কর্তক আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যের হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়েছে। কেন্দ্রীয় গৃহ এবং নগরোন্নয়ন মী মনোহরলালের হাত থেকে এই পুরস্কার গ্রহণ করেন রাজ্যের নগরোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং। টিইউএলএম-এর স্টেট মিশন ডিরেক্টর ড. ব্রাহ্মিত কাউর, স্টেট মিশন ম্যানেজার (ফিনান্সিয়াল) প্রতীম দেবও রাজ্যের নগরোন্নয়ন দপ্তরের সচিবের সঙ্গে এই পুরস্কার গ্রহণ করেন। অনুষ্ঠানে সংশ্লিষ্ট মকের প্রতিমী তোখান সাহুও উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট ১৯৭৪-এর আওতায় ত্রিপুরা সরকারের নগরোন্নয়ন দপ্তর ত্রিপুরা আরবান লাইভলিহুড মিশন (টিইউএলএম) গড়ে উঠেছে। রাজ্যের শহরাঞ্চলের গরীব এবং মহিলাদের সামাজিক এবং অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে দীনদয়াল অন্ত্যোদয় যোজনা-ন্যাশনাল আরবান লাইভলিহুড মিশন পিএম-স্বনিধি এবং পিএম-এফএমই প্রকল্প যথাযথভাবে রূপায়ণের লক্ষ্যে এই নথিবদ্ধ সোসাইটি গড়ে তোলা হয়েছে। ত্রিপুরা আরবান ডেভেলপমেন্ট মিশন থেকে জানানো হয়েছে, ২০২৩-২৪ সালে স্বসহায়ক গোষ্ঠী ও ফেডারেশনগুলির গঠন ও তাদের সহায়তায় যে সাফল্য পাওয়া গেছে তা নিম্নরূপ।

১) স্বসহায়ক দল গঠন - ১,২৭৬টি ২) এরিয়া লেভেল ফেডারেশন (এএলএফ)-এর আওতায় স্বসহায়ক দল গঠন - ১৪৭টি ৩) সিটি লেভেল ফেডারেশন (সিএলএফ) গঠন - ২টি ৪) স্বসহায়ক দলগুলির রিভলভিং ফাণ্ড গ্রহণ - ১,১০৪টি স্বসহায়ক দলের ১০ হাজার টাকা করে এককালীন রিভলভিং ফাণ্ড প্রাপ্তি। এক্ষেত্রে সব মিলিয়ে অর্থ ১,১০,৪০,০০০ টাকা। ৫) এএলএফ-এর রিভলভিং ফাণ্ড প্রাপ্তি - ৫৮টি এএলএফ ৫০ হাজার টাকা করে রিভলভিং ফাণ্ড পেয়েছে। এক্ষেত্রে সব মিলিয়ে পাওয়া গেছে ২৯,০০,০০০ টাকা। অর্থনৈতিক সহায়তা এবং প্রশিক্ষণ১) স্বসহায়ক দলগুলির জন্য ব্যাংক ঋণের ব্যবস্থা - ১,৮৮১টি স্বসহায়ক দল বিভিন্ন ব্যাংক থেকে সর্বোচ্চ ৭ শতাংশ হারে ২০১৮-১৯ সালের পর ৩৪.৩৬ কোটি টাকা ব্যাংক ঋণ হিসেবে পেয়েছে।২) শহরাঞ্চলের যুবদের জন্য ব্যাংক ঋণ - ৪৩৬ জন শহরাঞ্চলের যুবক ব্যাংক ঋণ হিসেবে ৫.৯০ কোটি টাকা পেয়েছে। ৩) স্কিল ট্রেনিং - স্বসহায়ক দলগুলির ২২৪৮ জন সদস্য স্বাস্থ্য পরিষেবা, ফিনাইল ও সাবান তৈরি, আগরবাতি তৈরি, বাঁশবেতের সামগ্রী তৈরি, সফট স্কিল, টেণ্ডার প্রসেস, পাপড় ও আচার তৈরি, পেভার ব্লক তৈরি, বায়োফ্লক, মোম তৈরির মতো বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ পেয়েছেন। মার্কেট ইন্টিগ্রেশন অ্যাণ্ড সেলস১) অ্যামাজন ও ফ্লিপকার্টের মতো ই-কমার্স প্ল্যাটফর্মে ১৩৯০টি এসএইচজির সামগ্রী নথিভুক্ত রয়েছে। ২) ভারতের বিভিন্ন প্রান্তে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে ৩০১টি সামগ্রী বিক্রি হয়েছে। এর দরুণ স্বসহায়ক গোষ্ঠীগুলির ২৩,০০০ টাকা রাজস্ব আদায় হয়েছে।৩) সিটি লাইভলিহুড সেন্টার এবং সিএলসির মাধ্যমে সামগ্রীগুলি বিক্রি হচ্ছে। পরিকাঠামোগত উন্নয়ন১) সমগ্র রাজ্যে ১২টি শেল্টার হাউসের অনুমোদন দেওয়া হয়েছে।২) শেল্টার হাউস নির্মাণ - ১০টি শেল্টার হাউস নির্মাণ করা হয়েছে। ৩) শেল্টার হাউসগুলির কাজকর্ম - ৯টি শেল্টার হাউস এই মুহর্তে কাজ করছে।

# ফের নেশাসামগ্রী সহ আটক ২

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ১৮ জুলাই:** নেশা সামগ্রীর বিরুদ্ধে জিরো টলারেন্স নীতিতে কাজ করে চলেছে আসাম রাজ্য পুলিশ। এরই পরিপ্রেক্ষিতে ফের নেশা বিরোধী অভিযানে সাফল্য পেল আসাম চুড়াইবাড়ী থানার ওয়াচ পোষ্টের পুলিশ।

বৃহস্পতিবার সকালে পিবি১৩-বিএন-৫৬১২ নম্বরের একটি ফোরচুন কোম্পানির খুচরো সামগ্রী বোঝাই বারো চাকার লরি উত্তরপ্রদেশের গাঁজিয়াবাদ থেকে ত্রিপুরার আগরতলা যাবার পথে চুড়াইবাড়ি পুলিশ ওয়াচ পোষ্টে পৌছালে গাড়িটিতে যথারীতি দলবল নিয়ে তল্লাশি চালান গেট ইনচার্জ প্রণব মিলি। এতে বিভিন্ন সামগ্রীর আড়াল থেকে কুড়ি কার্টুনে দু হাজার বোতল ফেন্সিডিল নামক নেশা জাতীয় অবৈধ কফসিরাফ বাজেয়াপ্ত হয়। যার কালোবাজারী মূল্য কুড়ি লক্ষাধিক টাকার মত হবে বলে জানা গেছে। এতে জড়িত থাকার দায়ে লরি চালক ও সহচালককে আটক করেছে পুলিশ। ধৃতদের মধ্যে রয়েছে আস মোহাম্মদ ও রবি কুমার।তাদের বাড়ি উত্তরপ্রদেশে।পুলিশ ধৃতদের বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে। ধৃতদের শুক্রবার জেলা সিজেএম আদালতে সোপর্দ করা হবে বলে পুলিশ জানিয়েছে।

উল্লেখ্য যে এসব গন্ধবিহীন নেশা সামগ্রীর ব্যাপক চাহিদা রয়েছে পড়শী দেশ বাংলাদেশে।তাই চোরাকারবারিরা ত্রিপুরাকে করিডোর করে সময়ে সময়ে এসব সামগ্রী পাচারে জড়িত রয়েছে। তবে এনিয়ে পুলিশ ও হাত পা গুটিয়ে বসে নেই, ফলে কয়েকদিন পরপর নেশা সামগ্রী সহ ধরা পড়ছে পাচারকারীরা বলে জানিয়েছেন ডিএসপি নারায়ন বরা।

# আগরতলা ফ্লাড মিটিগেশন প্রজেক্টকে ভিত্তি করে তৈরি কেস স্টাডি পুরস্কৃত



**আগরতলা, ১৮ জুলাই।।** আগরতলা শহরের জমা জল নিষ্কাশন ও বন্যা নিয়ণের উপর ভিত্তি করে রাজ্য সরকারের সচিব কিরণ গিত্যের তৈরি করা কেস স্টাডি সম্পতি মুসৌরিস্থিত লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল একাডেমি অব অ্যাডমিনিস্ট্রেশন (LBSNAA) দ্বারা পরিচালিত এক প্রশিক্ষণ শিবিরে প্রথম পুরস্কার পেয়েছে। আগরতলা ফ্লাড মিটিগেশন প্রজেক্টের উপর ভিত্তি করে এই কেস স্টাডি তৈরি করা হয়েছে। উল্লেখ্য, ২৩টি ক্যাডার রাজ্যের ৮৩জন আইএএস অফিসারকে নিয়ে গত ১৮ জন থেকে ১৩ জলাই পর্যন্ত এই প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শিবিরে অংশগ্রহণকারী আইএএস অফিসারদের একটি করে কেস স্টাডি জমা দিতে বলা হয়। ত্রিপুরা থেকে অংশগ্রহণকারী স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে ২০১৯-২০ সময়ের মধ্যে তাঁর নগরোন্নয়ন দপ্তরের সচিব ও আগরতলা মার্ট সিটি প্রকল্পের চেয়ারম্যান হিসেবে কাজের অভিজ্ঞতার নিরিখে আগরতলা শহরের জমা জল নিষ্কাশন ও বন্যা নিয়ণের বিষয়ে কেস স্টাডি জমা করেন।

উল্লেখ্য যে, আগরতলা ফ্লাড মিটিগেশন প্রজেক্টে তিন বছর সময়কালে নর্দমার জল নিষ্কাশনী পাম্প, ডিজেল চালিত পাম্প, আণ্ডারগ্রাউণ্ড পাইপলাইন ও বিদ্যুৎ সরবরাহ, মেশিন দিয়ে ড্রেইন পরিষ্কার করা, নতুন ড্রেইন ও স্প্লইস গেইট নির্মাণ এবং ইন্টিগ্রেটেড কমাণ্ড ব্যবস্থায় চব্বিশ ঘন্টা বন্যা পরিস্থিতির উপর নজরদারি ইত্যাদি উদ্যোগ নেওয়া হয়। ফলে ১৫০ মিলিমিটার পর্যন্ত ভারি বর্ষণে জল জমে থাকার সময় ২-৩ দিন থেকে কমিয়ে ১ ঘন্টার কম করা সম্ভব হয়েছে। লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল একাডেমি অব অ্যাডমিনিস্ট্রেশনের ডিরেক্টর শ্রীরাম তরুনীকান্তি রাজ্যের স্বাস্থ্য সচিব কিরণ গিত্যের হাতে এই পুরস্কার তুলে দেন। স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

# পুকুর খনন করতে গিয়ে উদ্ধার ২৭টি কামান সেল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই:** বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের অবদান আবারও সামনে এলো বামুটিয়ায়। উদ্ধার ২৭টি কামান সেল। মাছ চাষের পুকুর খনন করতে গিয়ে উদ্ধার হয় এই সেলগুলি। ঘটনার খবর পেয়ে ছুটে আসে বামুটিয়া ফাঁড়ির বিশাল পুলিশ ও টি এস আর বাহিনী। সেল গুলি উদ্ধার করে নিয়ে যায় থানায়। বৃহস্পতিবার বামুটিয়া পুলিশ ফাঁড়ির অন্তর্গত রাঙ্গুটিয়া এলাকায় দুলাল নম এর বাড়িতে মাছ চাষের পুকুর খনন করার সময় উদ্ধার হয় ২৭ টি কামান সেল। এই সেল উদ্ধারের ঘটনায় মুহূর্তে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে গোটা এলাকায়। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে আসে বামুটিয়া ফাঁড়ির বিশাল পুলিশ ও টি এস আর বাহিনীর জওয়ানরা। প্রথমে ১২টি সেল উদ্ধার হয় এবং পুলিশ আবার সেই স্থানে যখন খনন করেন তখন মোট ২৭ টি সেল উদ্ধার করা হয়। সেগুলি উদ্ধার করে নিয়ে যায় থানায়।

স্থানীয় প্রবীণ মহলের দাবি, এই সেলগুলি ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তি যুদ্ধের সময় হয়তো মুক্তি বাহিনী মাটির নিচে মজুত রেখেছিলেন। পরে আর সেগুলি নিয়ে যাননি। বামুটিয়া ফাঁড়ির ওসি অ্যান্থনি জমাতিয়া সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে জানান, এই সেলগুলি প্রায় ৫০ বছরের অধিক পুরানো হবে। ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তি যুদ্ধে এবং ভারতের যে অবদান রয়েছে মুক্তি বাহিনীকে এই বামুটিয়া এলাকাতেও ট্রেনিং সহ স্বাধীনতা অর্জনে তা আবারও প্রমাণিত ভারতবর্ষের উত্তর পূর্বাঞ্চলের ত্রিপুরা রাজ্যের পশ্চিম ত্রিপুরা জেলার বামুটিয়ার রাঙ্গুটিয়া এলাকায়। এই সেলগুলি উদ্ধারের মধ্য দিয়ে স্থানীয় প্রবীণ মহলের এটাই দাবি এই সেলগুলি ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের মুক্তি বাহিনীর।

# বাইক ও বাইসাইকেলের ও সংঘর্ষে গুরুতর আহত এক

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১৮ জুলাই:** বৃহস্পতিবার বিকেলবেলা কৈলাসহর বৌলাবাসা এলাকায় একটি বাইক ও একটি বাইসাইকেলের মধ্যে সংঘর্ষে গুরুতরভাবে আহত হয় বাই সাইকেল আরোহী এবং অল্প বিস্তর আহত হয় বাইক আরোহী। বর্তমানে ওরা জেলা হাসপাতালে চিকিৎসাধীন।ঘটনার বিবরণে জানা যায় যে, কৈলাসহর বৌলাপাসা এলাকায় অজিত মালাকার নামে এক বাইসাইকেল আরোহীকে সজোরে ধাক্কা দেয় একটি বাইক। সেই বাইক চালকের নাম গিয়াস উদ্দিন। যার ফলে রাস্তার মধ্যে ছিটকে পড়ে যায় বাইসাইকেল আরোহী অজিত মালাকার। উনার একটি পা ভেঙ্গে যায় এবং তিনি গুরুতরভাবে আহত হন। অন্যদিকে গিয়াস উদ্দিন বাইক থেকে ছিটকে পড়ে যায়। সেও গুরুতরভাবে আহত হয়। পরবর্তী সময় অগ্নিনির্বাপক দপ্তরের মাধ্যমে তাদেরকে কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে নিয়ে আসা হয়। বর্তমানে ওরা কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে চিকিৎসাধীন।

### খার্চি উৎসব ২০২৪

# পঞ্চম দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান

**আগরতলা, ১৮ জুলাই।।** ঐতিহ্যবাহী খার্চি উৎসবের আজ ছিল পঞ্চম দিন। খার্চি উৎসব উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক উৎসবে কৃষ্ণমালা মঞ্চের প্রথম পর্বের অনুষ্ঠানে আজ ছন্নছাড়া ও শিব শম্ভু ডান্স একাডেমির শিল্পীগণ সমবেত ভক্তি সংগীত ও সমবেত নৃত্য পরিবেশন করেন। স্থানীয় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা পরিবেশন করে বিচিত্রানুষ্ঠান। এরপর ঊনকোটি জেলা থেকে আগত শিল্পীগণ কৃষ্ণমালা মঞ্চে বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। নিমাই সন্ন্যাস পালাকীর্তণ পরিবেশন করে অঞ্জ মোদক ও তার দল। জনজাতিদের অনুষ্ঠান পরিবেশন করেন কল্যাণী মগ ও তার দল। সান্ধ্যকালীন অনুষ্ঠানে এই মঞ্চে খোয়াই জেলা থেকে আগত শিল্পীগণ সমবেত নৃত্য ও সংগীত পরিবেশন করেন। এছাড়া ১৫টি স্থানীয় সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সমবেত বাদ্যয, সমবেত নৃত্য ও সংগীত পরিবেশন করেন। খোকন দেববর্মা ও তার দল জনজাতির অনুষ্ঠান পরিবেশন করেন।

# হাতির হামলায় ক্ষতিগ্রস্ত ১৫টি বাড়ি

নাগরাকাটা, ১৮ জুলাই (হি.স.): নাগরাকাটার বামনডাঙ্গা চা বাগানের বিচ লাইন ও মডেল ভিলেজে চা বাগানে হাতির হামলায় ক্ষতিগ্রস্ত হল দুটি দোকান সহ ১৫টি বাড়ি। বুধবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গতকাল রাতে দলছুট দাঁতালটি বিচ লাইনে ঢুকে তাণ্ডব শুরু করে। একে একে হামলা চালায় মিনা ওরাওঁ, প্রদীপ সাউ, বন্ধাইন মাহালি, চন্দন ওরাওঁ, প্রেম সাউ, শিব খারিয়া, শনি খারিয়া, গুনু লোহরা, সঞ্জয় মাঙ্কিমুন্ডা ও শচীন লোহারের বাড়িতে। এর মধ্যে মিনা ওরাওঁ ও প্রেম সাউয়ের বাড়ি লাগোয়া দুটি দোকানও ভাঙচুর করে হাতিটি।অন্যদিকে, ওই হাতিটি বিচ লাইন থেকে বেরিয়ে মডেল ভিলেজে ঢুকে ভেঙে দেয় গীতা মুন্ডা, বধুয়া মাহালি ও সিনোদ কুজুর নামে তিন গৃহকর্তার বাড়ি। সব মিলিয়ে বামনডাঙ্গার পরিস্থিতি হাতির উপদ্রবে ক্রমশ ঘোরালো হতে শুরু করেছে। হাতির আতঙ্কে রাত জাগছে চা বাগানের বাসিন্দারা। বন দফতরের খুনিয়া রেঞ্জার সজল দেবলেন, হাতির গতিবিধির প্রতি সতর্ক নজর রেখে চলা হচ্ছে।

# হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু এক ব্যক্তি, এম্বুলেন্স চালককে মারধোর করল মৃতের ছেলে, তদন্তে পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১৮ জুলাই:** হৃদরোগে আক্রান্ত এক ব্যক্তির মৃত্যুকে ঘিরে তীব্র উত্তেজনা বিরাজ করছে কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে। ঘটনার বিবরণে জানা যায়, কৈলাসহর রাজধরপুর এলাকার বাসিন্দা সলকুম আলী নামে এক ব্যক্তি বৃহস্পতিবার দুপুরবেলা হৃদরোগে আক্রান্ত হয়ে কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে এসে ভর্তি হন। উনাকে প্রাথমিক চিকিৎসা করার পর উনার অবস্থা বেগতিক দেখে উন্নত চিকিৎসার জন্য আগরতলা জিবি হাসপাতালে রেফার করে দেন কর্তব্যরত চিকিৎসকরা।

তখন উনাকে একটি সরকারি অ্যাম্বুলেন্স এর মাধ্যমে আগরতলা নিয়ে যাওয়ার জন্য রওনা দেন উনার পরিবারের লোকেরা। ফটিকরায় ডেমডুম এলাকায় যেতেই উনার মৃত্যু ঘটে অভিযোগ এরপর মৃত সলকুম আলীর ছেলে ইয়ামুস আলী সেই অ্যাম্বুলেন্স চালক অরুণ হলামকে মারধোর করে, ইয়ামিস আলীর অভিযোগ অরুণ হলাম ইচ্ছাকৃতভাবে ঘুরিয়া পেঁচিয়ে জাতীয় সড়ক না হয়ে আগরতলা নিয়ে যাওয়া জন্য রওনা দেয়। যার ফলে এখানে সময় অনেকটা ব্যয় হয় যার কারনে উনার পিতার মৃত্যু ঘটে।

এই বিষয়ে অ্যাম্বুলেন্স চালক অরুন হালামকে জিজ্ঞাসা করা হলে তিনি ইয়ামিস আলীর তোলা সমস্ত অভিযোগ খন্ডন করেন পাশাপাশি তিনি বলেন উনার পিতার অবস্থা আগে থেকেই খারাপ ছিল। তিনি অযথা আমাকে মারধোর করেছেন। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় কৈলাসহর থানার বিশাল পুলিশ ও টিএসআর বাহিনী গিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে। অন্যদিকে অ্যাম্বুলেন্স চালক অরুন হলাম ইয়ামি আলীর বিরুদ্ধে কৈলাসহর থানায় একটি লিখিত আকারে অভিযোগ দায়ের করে। পুলিশ অভিযোগ মূলে ঘটনার তদন্ত শুরু করেছে।

# পঞ্চায়েত নির্বাচনে সন্ত্রাসের অভিযোগের মধ্যে কাকড়াবনে রাজনৈতিক সৌজন্যতা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই:** পঞ্চায়েত নির্বাচনে রাজনৈতিক দলের সন্ত্রাসের হাজারো অভিযোগের মধ্যে সৌজন্যতার দেখা মিলেছে কাঁকড়াবন বিধানসভায়। আজ বিধায়ক সুদীপ রায় বর্মণ সহ কংগ্রেস কর্মীদের গোলাপ দিয়ে অভিনন্দন জানিয়েছেন বিজেপির কর্মীরা।এদিন কাঁকড়বন- শালগড়া কেন্দ্রের বিধায়ক জিতেন্দ্র মজুমদার বলেন, বিজেপি সরকার গণতান্ত্রে বিশ্বাস করে। জনগণের ভোটের মাধ্যমে নির্বাচন হবে। কাঁকড়াবন বিধানসভা শান্তিপূর্ণ নির্বাচন চাইছে। গত চারদিন ধরে বিরোধীদলের প্রার্থীরা দল মত নির্বিশেষে নিজেদের মনোনয়ন জমা দিয়েছেন। এদিন তিনি আরও বলেন, পঞ্চায়েত নির্বাচনে কাঁকড়াবন বিধানসভা নজির স্থাপন করতে চাইছে। তিনি আশাবাদী গত ছয় বছরে বিজেপি সরকার জনগণের জন্য যে উন্নয়নমূলক কাজ করেছে তার সুফল পাবে। মানুষ দুহাত তুলে বিজেপি মনোনীত প্রার্থীদের ভোট দেবেন।

# সামাজিক মাধ্যমে উস্কানিমূলক বক্তব্য থেকে রাজনৈতিক দলগুলিকে বিরূপ থাকার অনুরোধ জানালো আগরতলা প্লেস ক্লাব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই:** সম্প্রতি সামাজিক মাধ্যমে তিপ্রামথা সুপ্রিমো প্রদ্যুৎ কিশোর মাণিক্য দেববর্মা অভিযোগ করেছেন আগরতলার সংবাদমাধ্যমগুলো জনজাতিদের খবর প্রচার করেনা। সংবাদ মাধ্যম নিয়ে আরও কিছু মন্তব্য করেছেন তিনি। একজন দায়িত্বশীল রাজনৈতিক ব্যক্তির এই ধরনের প্রচার নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে আগরতলা প্রেসক্লাব। দীর্ঘ সময় ধরে ত্রিপুরায় জাতি জনজাতি অংশের মানুষ অত্যন্ত আন্তরিক ভাবে সৌভ্রাতৃত্বের ঐতিহ্য রেখে বসবাস করছেন। সেখানে কোন সুনির্দিষ্ট বিভাজন রেখা টানার অপপ্রয়াস উদ্বেগের, উস্কানিমূলকও। আগরতলা প্রেসক্লাব এক বিজ্ঞপ্তিতে সম্প্রীতি বিনষ্ট হতে পারে এই ধরনের উস্কানিমূলক পোস্ট দেওয়া থেকে বিরত থাকতে অনুরোধ করেছে সংশ্লিষ্ট রাজনৈতিক দল গুলোর প্রতি।

# মূল্য বৃদ্ধির জেরে নাজেহাল সাধারণ মানুষ, প্রশাসনিক হস্তক্ষেপ দাবি

**নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ১৮ জুলাই:** ত্রিপুরার শহর থেকে গ্রাম সর্বত্রই বাজারে শাক সব্জির মূল্য আকাশ ছোঁয়া। এতে বাজারে গিয়ে সব্জির অগ্নিমূল্যে হাত পুড়ছে গরীব মধ্যবিত্তের। কুমারঘাটের বাজারেও ক্রমাগত মূল্যবৃদ্ধিতে নাজেহাল মহকুমাবাসী। দাবি উঠছে প্রশাসনিক হস্তক্ষেপের।

ত্রিপুরায় বাজারগুলিতে হুহু করে বেড়ে চলেছে নিত্য প্রয়োজনীয় সামগ্রীর দাম। এই পরিস্থিতিতে এমনিতেই সাধারন মানুষকে সংসার চালাতে গিয়ে হিমসিম খেতে হচ্ছে বলে অভিযোগ। রাজ্যে লাগামহীনভাবে যখন বেড়ে চলেছে অন্যান্য সামগ্রীর দাম তখনই আমজনতার উপর আরো চাপ বাড়ালো বাজারে নিত্য প্রয়োজনীয় শাকসব্জির মূল্যবৃদ্ধি। ঊনকোটি জেলার কুমারঘাট মহকুমাতেও শাকসব্জির অগ্নিমূল্যে রীতিমতো নাভিশ্বাস উঠছে বিশেষ করে দরিদ্র থেকে মধ্যবিত্ত শ্রেনীর মানুষের মধ্যে। বিগত একমাস ধরে বাজারে হুহু করে বাড়ছে আনাজের মূল্য।

কুমারঘাট মহকুমার পাবিয়াছড়া বাজারে আসা ক্রেতারা জানালেন, সাধারন মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে শাক সব্জির দাম। এই পরিস্থিতিতে সংসার চালাতে গিয়ে হিমসিম খেতে হচ্ছে মানুষকে। লাগামহীন মূল্যবৃদ্ধিতে নিজেদের প্রয়োজনমতো জিনিস কিনতে পারছেননা সাধারন মানুষ। বাজারে আসা আরো এক ক্রেতা জানিয়েছেন বাজারে এই মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রনে অবিলম্বে প্রশাসনের হস্তক্ষেপ করা প্রয়োজন।

অন্যদিকে বাজারে এই মূল্যবৃদ্ধিতে বিপাকে পড়েছেন ব্যাবসায়ীরাও। বিভিন্ন সব্জির দামবৃদ্ধিতে কমেছে তাদের বিক্রিও। কুমারঘাট বাজারের এক সব্জি বিক্রেতা জানিয়েছেন, বিগত বন্যা পরিস্থিতি নষ্ট করেছে মাঠের ফসল ফলে স্থানীয় বাজারে চাহিদার চেয়ে কমেছে যোগান। স্বাভাবিকভাবেই বাইরে থেকে চড়া দামে সব্জি ঢুকছে বাজারে আর তাতেই বাড়ছে মূল্য। অধিকাংশ সব্জির দর বাজারে প্রতি কিলো বিক্রি হচ্ছে আশি থেকে একশো টাকায়। তিনি জানান, বর্তমান সময়ে স্থানীয় কৃষকরাও মুখ ফিরিয়ে নিচ্ছেন চাষাবাদ থেকে। বাজারে এই মূল্যবৃদ্ধি চলতে থাকলে আগামী কিছুদিনে তা আরো দ্বিগুন হবে বলে আশঙ্কা ব্যক্ত করেছেন ঐ বিক্রেতা। সব্জির অগ্নিমূল্যের জেরে বর্তমানে থলে হাতে বাজারে গিয়ে রীতিমতো হাপিয়ে উঠতে হচ্ছে ক্রেতাসাধারনকে। মূল্যবৃদ্ধির কোপ থেকে কবে মিলবে রেহাই? প্রশ্ন সাধারন মানুষের।

# বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত শ্রমিক

দুর্গাপুর, ১৮ জুলাই (হি.স.): কারখানায় কাজ করার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল এক শ্রমিকের। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে কাঁকসার বাঁশকোপা শিল্পতালুকের একটি বেসরকারী কারখানায়। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত ব্যক্তির নাম মনোজ মাহাতো (২৭)। বাড়ি পুরুলিয়ায়। ঘটনায় জানা গেছে, এদিন সকালে কাঁকসায় বাঁশকোপার একটি বেসরকারী কারখানায় কাজ করার সময় কারখানার ওই শ্রমিক বিদ্যুৎপৃষ্ট হয়ে গুরুতর আহত হয়। অন্যান্য শ্রমিকরা দেখতে পেয়ে তাকে উদ্ধার করে দুর্গাপুর মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় কাঁকসা থানার পুলিশ। মৃতদেহ উদ্ধার করে হাসপাতালের মর্গে পাঠায়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# রাস্তা সংস্কারের দাবিতে পথ অবরোধে সামিল স্কুল পড়ুয়ারা

**নিজস্ব প্রতিনিধি, আমবাসা, ১৮ জুলাই:** রাস্তা সংস্কারের দাবিতে পথ অবরোধে সামিল হয়েছে আমবাসা ইংলিশ মিডিয়াম মডেল স্কুলের ছাত্র-ছাত্রীরা। আজ আমবাসা রেলস্টেশন সংলগ্ন এলাকায় পথ অবরোধে বসেন। অবরোধের জেরে যানচলাচল বন্ধ হয়ে পড়ে।

উল্লেখ্য, আমবাসা ইংলিশ মিডিয়াম মডেল স্কুলে যাবার রাস্তার বেহাল দশা। এই রাস্তাটি দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে বিপদজনক অবস্থায় পরিণত হয়ে রয়েছে। রাস্তার মধ্যে বড় বড় গর্ত হয়ে রয়েছে। এই বর্ষাকালে বড় বড় গর্তে জল জমে আরও ভয়ানক অবস্থায় পরিণত হয়েছে রাস্তাটি। আমবাসা থেকে লালছড়ি যাওয়ার সম্পূর্ণ রাস্তাটি ভেঙ্গে বিপদজনক অবস্থায়। এলাকাবাসী থেকে শুরু করে বিদ্যালয়ে পক্ষ থেকেও রাস্তাটি সংস্কার করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে বারবার জানানো হয়েছিল কিন্তু এখনো পর্যন্ত কোনো ব্যবস্থা গ্রহণ করে নি। ছাত্রছাত্রীদের অভিযোগ, প্রত্যেকদিন বিদ্যালয়ের এ রাস্তা ধরেই বিদ্যালয়ে যেতে হয়। রাস্তাটি বড় বড় গর্তে পরিণত হয়ে থাকায় যানচলাচলে সমস্যা রয়েছে। এমনকি প্রায় সময় দুর্ঘটনার কবলে পড়তে হয় চালকদের। তাই আজ বাধ্য হয়ে অবরোধে শামিল হয়েছেন তাঁরা। তাদের দাবি অতিসত্বর রাস্তাটি সংস্কার করা হোক। প্রায় দু'ঘন্টা পথ অবরোধ করে রাখে ছাত্র-ছাত্রীরা। ফলে উভয়দিকে যান চলাচল বন্ধ হয়ে যায়।এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে গিয়েছে ডিসিএম পঙ্কজ দত্ত এবং তিনি ছাত্র ছাত্রীদের সাথে কথা বলেন। তিনি আশ্বস্ত করেন অতিসত্বর রাস্তা সংস্কার করা হবে। ওই আশ্বাসের ভিত্তিতে অবরোধ প্রত্যাহার করেন তারা।

# মুখ্যমন্ত্রীর বাড়ি ঘেরাওয়ের চেষ্টা কংগ্রেসের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ জুলাই:** ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে মনোনয়নপত্র দাখিল করার আজ ছিল শেষ দিন। এদিন বিভিন্ন জায়গা থেকে হামলা হুজ্জতি ও সন্ত্রাসের অভিযোগ তুলেছেন কংগ্রেস দল। এরই প্রতিবাদে বিজেপিকে কাঠগড়ায় দাঁড় করিয়ে বৃহস্পতিবার সন্ধ্যায় মুখ্যমন্ত্রীর বাড়ি ঘেরাও করার চেষ্টা চালানো সদর জেলা কংগ্রেস।

এইদিন কংগ্রেস ভবনের সামনে থেকে সদর জেলা কংগ্রেসের পক্ষ থেকে এক সুবিশাল মিছিল সংগঠিত করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনের সামনে গিয়ে শেষ হয়। পরে কংগ্রেস কর্মী সমর্থকরা মুখ্যমন্ত্রীর বাসভবন ঘেরাও করার চেষ্টা করে। যদিও ☞ ৬ এর পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।